

স্কাউটিং এর সাধারণ জ্ঞান
আমাদের জানার জন্য

Scouts Library

স্কাউটিং এর সাধারণ জ্ঞান

# আমাদের জানার জন্য

(স্কাউটিং এর সকল শাখার জন্য)

**শীতল কুমার মিত্র**
(প্রেসিডেন্ট'স স্কাউট)
সহকারী লিডার ট্রেনার
বাংলাদেশ স্কাউটস

নাম..........................................................................................

ইউনিটের নাম............................................................................

উপজেলা............................................. জেলা.......................................

**মিত্র প্রয়াস, বাংলাদেশ স্কাউটস, যশোর জেলা**

**স্মরণে**

মা, বাবা এবং ছেলেকে

**গ্রন্থস্বত্ব ঃ**

সোমা মিত্র, গৌরাঙ্গ মিত্র, অমিত মিত্র, স্নেহা মিত্র, শীর্ষ মিত্র

**কৃতজ্ঞতায় ঃ**

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর।

**প্রকাশনা সহযোগিতা ঃ**

বাংলাদেশ স্কাউটস, যশোর জেলা ও

সমৃদ্ধি-যশোর, একটি বন্ধু পরিবার কল্যাণ সংস্থা।

**প্রকাশকাল ঃ**

প্রথম প্রকাশ : ১৯৯৮

পঞ্চম প্রকাশ : ২০০৯

সংস্করণ ও মুদ্রণ : ২০১২

সংস্করণ ও পুনঃমুদ্রণ : ২০১৫

সংস্করণ ও পুনঃমুদ্রণ : ২০১৬

সংস্করণ ও পুনঃমুদ্রণ : অক্টোবর-২০১৯

সংস্করণ ও পুনঃমুদ্রণ : মার্চ-২০১৯

**মুদ্রণ ঃ**

জেস প্রিন্টার্স, যশোর।

**যোগাযোগ ঃ** সম্পাদক,

বাংলাদেশ স্কাউটস, যশোর জেলা।

মুঠোফোন ঃ ০১৯১১-০১৬৭৮০

**শুভেচ্ছা বিনিময় ঃ**

৪৫/= টাকা



# শুভেচ্ছাবাণী

স্কাউটার শীতল মিত্র, প্রেসিডেন্ট'স স্কাউট ও সহকারী লিডার ট্রেনার এর স্কাউটিং সম্পর্কিত উদ্যোগ ও প্রচেষ্টাকে স্বাগত জানিয়ে এসেছি সবসময় এবং দোয়া কামনা করেছি সফলতার জন্যে।

স্কাউটদের গুনগতমান বৃদ্ধিতে তার প্রচেষ্টায় প্রকাশিত "স্কাউটিং এর সাধারণ জ্ঞান, আমাদের জানার জন্য" বইটি নিঃসন্দেহে অবদান রেখে চলেছে। সেজন্যে স্নেহের শীতল মিত্রকে ধন্যবাদ।

কাব স্কাউটদের নতুন প্রোগ্রাম তৈরীর প্রেক্ষিতে সেই আলোকে বইটি সংস্কারের মাধ্যমে পুণঃপ্রকাশের উদ্যোগ গ্রহণ করায় আমি অত্যন্ত খুশি হয়েছি। আশা করি বইটি দেশের প্রত্যন্ত অঞ্চলের স্কাউটদের আরো অধিক জানার এবং দক্ষতা বৃদ্ধির সুযোগ সৃষ্টি করবে।

পরিশেষে স্কাউট আন্দোলনের উন্নয়ন ও সম্প্রসারণে শীতল মিত্র এর প্রচেষ্টা সফলতা লাভ করুক এই দোয়া করি।

**(মোঃ আবুল কালাম আজাদ)**
সভাপতি
বাংলাদেশ স্কাউটস

Scouts Library



# শুভেচ্ছাবাণী

জনাব শীতল মিত্র, প্রেসিডেন্ট'স স্কাউটস ও এ.এল.টি যশোর এর উদ্যোগে প্রকাশিত "স্কাউটিং এর সাধারণ জ্ঞান, আমাদের জানার জন্য" বইটি নিঃসন্দেহে অভিনন্দন পাওয়ার যোগ্য। আশা করি তার প্রচেষ্টায় নতুন সংস্কারিত ও প্রকাশিত বইটি স্কাউটদের সকল শাখার সদস্যের অগ্রগতিতে বিশেষ ভূমিকা রাখবে।

কাব স্কাউট শাখার প্রোগ্রাম পরিবর্তনের কারণে বইটি সংস্কারের মাধ্যমে পুণঃপ্রকাশ করার উদ্যোগ ভবিষ্যতেও দেশের সকল শাখার স্কাউটদের স্কাউটিং জ্ঞান বৃদ্ধিতে এবং স্কাউটিং এ আগ্রহী ব্যক্তিবর্গের জন্য বিশেষ ভূমিকা পালন করবে।

তার এ প্রচেষ্টার জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানাই এবং তার সফলতা কামনা করি।

(ড. মোঃ মোজাম্মেল হক খান)
প্রধান জাতীয় কমিশনার
বাংলাদেশ স্কাউটস

Scouts Library

## যাঁদের আশিষ পেয়েছি :

জনাব মোঃ আবুল কালাম আজাদ
সভাপতি, বাংলাদেশ স্কাউটস

জনাব মোঃ হাবিবুল আলম, বীরপ্রতীক
সহ-সভাপতি, বাংলাদেশ স্কাউটস
ড. মোঃ মোজাম্মেল হক খান
প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস
জনাব মোঃ রফিকুল ইসলাম খান
জাতীয় কমিশনার (প্রোগ্রাম)
অধ্যাপক ডাঃ মোঃ সৈয়েদুল ইসলাম মল্লিক, লিডার ট্রেনার
জনাব মুঃ তৌহিদুল ইসলাম
জাতীয় কমিশনার (ফাউন্ডেশন)
জনাব মোঃ মেজবাহ উদ্দিন ভুঁইয়া
জাতীয় কমিশনার (উন্নয়ন)
জনাব মোঃ আখতারুজ জামান খান কবির
জাতীয় কমিশনার (সংগঠন)
জনাব মোঃ মাহমুদুল হক
জাতীয় কমিশনার (প্রকল্প)
জনাব সারোয়ার মোহাম্মদ শাহরিয়ার
জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং)
জনাব কাজী নাজমুল হক
জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং)
জনাব মুন্সী শাহাবুদ্দিন আহম্মেদ
জাতীয় উপ-কমিশনার (মেম্বারশীপ রেজিস্ট্রেশন)
জনাব আরশাদুল মুকাদ্দিস
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
জনাব এ কে এম সামিউল হক, লিডার ট্রেনার
জনাব মোঃ আব্দুস ছাত্তার
ডিআরসি, বরিশাল অঞ্চল
জনাব ধনলাল মুহুরী, লিডার ট্রেনার
জনাব মোঃ জহুরুল হক
সহকারী লিডার ট্রেনার

Scouts Library

## যাঁদের সহযোগিতা পেয়েছি

জনাব আমিমুল এহসান খান পারভেজ
জাতীয় উপ-কমিশনার
জনাব আতিকুজ্জামান মোহাম্মদ রিপন
জাতীয় উপ-কমিশনার
জনাব মোঃ আরিফুজ্জামান
জাতীয় উপ-কমিশনার

জনাব মোঃ শফিকুল ইসলাম, লিডার ট্রেনার
জনাব মোঃ আবু মোতালেব খান, লিডার ট্রেনার
জনাব কে এম সাইদুজ্জামান, লিডার ট্রেনার
জনাব মুহম্মদ আবুল খায়ের, লিডার ট্রেনার
জনাব মোঃ শামসুল হক, সহকারী লিডার ট্রেনার
জনাব মোঃ রুহুল আমিন, লিডার ট্রেনার
জনাব এ. এইচ. এম মুহসিনুল হক, লিডার ট্রেনার
জনাব মুহাম্মদ আবু সালেক, লিডার ট্রেনার
জনাব মোঃ শামসুল আজাদ, উপ-পরিচালক
জনাব মোঃ ফরিদ উদ্দিন খান, জেলা স্কাউট লিডার
জনাব মোঃ রবিউল ইসলাম রবি, সহকারী কমিশনার
জনাব ইকবাল হাসান, সহকারী পরিচালক

জনাব মুহঃ ফজলুর রহমান
প্রাক্তন প্রধান জাতীয় কমিশনার
জনাব মিহির কান্তি মজুমদার
প্রাক্তন জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য)
জনাব মোঃ আবুল হোসেন শিকদার
প্রাক্তন নির্বাহী সচিব
জনাব মোঃ নজরুল ইসলাম
প্রাক্তন নির্বাহী সচিব
জনাব মোঃ কামরুল ইসলাম সেলিম
প্রাক্তন আঞ্চলিক ফিল্ড কমিশনার, খুলনা অঞ্চল
জনাব মোঃ মজিবর রহমান মান্নান
প্রাক্তন নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
জনাব মোঃ আঃ রহমান খান
প্রাক্তন সম্পাদক, যশোর সদর উপজেলা
জনাব মোঃ ওয়াজেদ আলী
প্রাক্তন কমিশনার, যশোর সদর উপজেলা
সিস্টার তেরেজা কস্তা
প্রাক্তন প্রধান শিক্ষক, সেক্রেড হার্ট স্কুল, যশোর
সিস্টার লুসি পিউরিফিকেশন
প্রধান শিক্ষক, সেক্রেড হার্ট স্কুল, যশোর
জনাব মোঃ মাহাবুবার রহমান
সভাপতি, সমৃদ্ধি, যশোর
জনাব আঞ্জেলা রোজারিও, ইউনিট লিডার
জনাব শেফাউল হক, অফিস সহকারী, খুলনা অঞ্চল
জনাব মোঃ মোস্তফা মোজাহেদ উদ্দিন, জেলা স্কাউট লিডার
মোঃ জাভেদ খান, প্রাক্তন সিনিয়র রোভার মেট
মোঃ মঞ্জুর আলম সিদ্দিকী, প্রাক্তন সিনিয়র রোভার মেট
শেখ জামিল আহমেদ ফারুক, পি এস
তুষার কান্তি বৈদ্য, পি এস
মোঃ তানভীর ইসলাম, রোভার স্কাউট
স্বপন বিশ্বাস, রোভার স্কাউট
আবু সালেহ মোঃ জুবায়ের, রোভার স্কাউট
সৌমিক আহম্মেদ অরন্য, স্কাউট
ওয়ারি হোসেন রাব্বি, পিএস
সহ অসংখ্য স্কাউট বন্ধুরা

## যাঁদের হারিয়ে স্মরণ করি:

এ. এফ. এম শামসুজ্জামান
প্রাক্তন সম্পাদক, জেলা স্কাউটস, যশোর
মোঃ মুনির উদ্দিন, লিডার ট্রেনার
কাজী জামাল আহমেদ, লিডার ট্রেনার
মোঃ মাহাবুবুর রহমান, লিডার ট্রেনার

## যাদের কাছে কৃতজ্ঞ:

ডাঃ আবুল কালাম আজাদ লিটু
জনাব সোমেশ মুখার্জ্জী
জনাব মোঃ মোজহারুল হক মিলু
জনাব মোঃ ফিরোজ উদ্দিন তোতা
জনাব সনৎ কুমার মুখার্জ্জী
জনাব স্মরজিৎ ঘোষ
জনাব শুভঙ্কর গুপ্ত
জনাব মোঃ শফিক উদ্দীন
জনাব অসীম দত্ত
জনাব সঞ্জয় বসু
জনাব সুপ্রিয়া ঘোষ

# প্রসঙ্গ কথা



বেশ কয়েকজন স্কাউট প্রিয় ব্যক্তিত্বের নির্দেশনায় এবং অনুপ্রেরণায় বইটির কাজ যখন শুরু করেছিলাম, তখন এর গুরুত্ব ততোটা অনুভব করতে পারিনি। ভেবেছিলাম যারা পিএস শাপলা এ্যাওয়ার্ড অর্জন করতে ইচ্ছুক তাদের জন্য হয়তো বইটি সাহায্য করবে। কিন্তু বর্তমানে সকলের প্রয়োজনীয়তা, চাহিদা, মতামত এবং পরামর্শের কারনে অনুভব করছি এর গুরুত্ব সম্পর্কে। সাধারণভাবে স্কাউটিং সম্পর্কে জানতে হলে বইটির বিকল্প নেই। এই গুরুত্ব বিবেচনায় রেখে মাঝে মাঝে সংস্কারের মাধ্যেমে আরো অধিক সমৃদ্ধ করার চেষ্টা চালিয়ে এসেছি। ফলে দিনদিন বইটির কলেবর বৃদ্ধি পেয়েছে। সর্বশেষ কাব স্কাউট শাখার প্রোগ্রাম পরিবর্তন হওয়ায় পুনরায় সংস্করের মাধ্যমে বইটি প্রকাশ করার উদ্যোগ গ্রহন করা হলো।

বইটি প্রকাশনায় যাঁরা মতামত, পরামর্শ এবং বিভিন্ন সময় প্রশ্ন দিয়ে সহযোগিতা করেছেন তাদের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। সর্বোপরি বাংলাদেশ স্কাউটস্ এর মান্যবর সভাপতি যাকে অনুসরণে আমাদের অনেকের স্কাউট জীবণের অনুপ্রেরণা এবং প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের কাছে কৃতজ্ঞতার শেষ নেই। তাদের স্নেহ, ভালোবাসার পরশে নিজেকে ধন্য মনে করছি।

বইটি প্রকাশনার ভুল- ত্রুটির জন্য ক্ষমাপ্রার্থনা করছি। সাথে সাথে আগামীদিনেও যে কোন পরামর্শ ও মতামত সানন্দে গ্রহণ করার প্রতিশ্রুতি প্রদান করছি।

**শীতল কুমার মিত্র**
(প্রেসিডেন্ট'স স্কাউট)
সহকারী লিডার ট্রেনার
বাংলাদেশ স্কাউটস

# সাক্ষাতকার বোর্ডে করণীয়

সাক্ষাতকার বোর্ডের সামনে একজন স্কাউট প্রার্থীকে উপস্থিত হওয়ার পূর্বে এবং নির্দিষ্ট মুহূর্তে নিচের বিষয়গুলো মনে রেখে অংশগ্রহণ করা আবশ্যক।

**বিষয়গুলো :**

১. নির্দিষ্ট সময়ের পূর্বে উপস্থিত হওয়া।
২. পরিপাটি স্কাউট পোশাক পরিধান করা।
৩. অর্জিত ব্যাজসমূহ স্কাউট পোশাকে নির্দিষ্ট নিয়মে ব্যবহার করা।
৪. প্রয়োজনীয় কাগজপত্র, রেকর্ডবই, দড়ি সাথে রাখা।
৫. সাক্ষাতকার বোর্ডে নিজের নাম বা ক্রমিক নম্বর ডাকার সাথে সাথে উপস্থিত হওয়া।
৬. সাক্ষাতকার বোর্ডের কক্ষে বা রুমে প্রবেশের সময়ে অনুমতি গ্রহণ করা।
৭. কক্ষে বা রুমে প্রবেশ করে স্কাউট সালাম প্রদর্শন করা।
৮. বসার অনুমতি না দিলে সোজা হয়ে দাঁড়িয়ে থাকা।
৯. অনুমতি প্রদানের পর মেরুদন্ড সোজা রেখে চেয়ারে বসা।
১০. নিজের কাগজপত্র উরুর উপর অথবা টেবিলের উপর সুন্দর করে রাখা।
১১. সাক্ষাতকার বোর্ডের সামনে নিজেকে প্রফুল্ল রাখা।
১২. প্রশ্ন বুঝে, সুন্দর করে গুছিয়ে স্পষ্ট ভাষায় উত্তর দিতে চেষ্টা করা।
১৩. প্রশ্ন বুঝতে অসুবিধা হলে পুণরায় প্রশ্ন বলার জন্য অনুরোধ করা (অনুগ্রহ করে প্রশ্নটি আর একবার বলুন স্যার)।
১৪. প্রশ্নের উত্তর জানা না থাকলে-উত্তর জানা নেই স্বীকার করা।
১৫. প্রশ্নপর্ব শেষ হলে ধন্যবাদ প্রদান করা।
১৬. নিজের কাগজপত্র গুছিয়ে নিয়ে চেয়ার ছেড়ে সোজা হয়ে দাঁড়িয়ে এক কদম পিছিয়ে আসা।
১৭. এক কদম পিছিয়ে এসে স্কাউট সালাম প্রদর্শন করা।
১৮. পুনরায় এক কদম পিছিয়ে এসে উল্টো ঘুরে রুম থেকে বেরিয়ে আসা ।

*বিষয়গুলি ছাড়াও সাক্ষাতকার বোর্ডের প্রয়োজনীয় মুহুর্তে উপস্থিত বুদ্ধিমত্তা দিয়ে কাজ করতে চেষ্টা করা প্রত্যেক স্কাউটের একটি অন্যতম গুণ হিসেবে বিবেচিত হয়ে থাকে।*

*শুধুমাত্র স্কাউটিং এর নির্বাচনী মূল্যায়ন অথবা পরীক্ষায় নয় বরং যে কোন নির্বাচনী বা সাক্ষাৎকার বোর্ডের সামনে উপস্থিত হতে গেলে নিজেকে প্রস্তুত রাখা প্রয়োজন।*


# বইটির মধ্যে যা আছে ঃ


| | | | |
|---|---|---|---|
| ১। | বাংলাদেশের জাতীয় সংগীত | - | ১০ |
| ২। | বাংলাদেশ স্কাউটস এর প্রার্থনা সংগীত | - | ১১ |
| ৩। | ক্যাম্প ফায়ার সংগীত | - | ১২ |
| ৪। | স্কাউটিং কি এবং কেন? | - | ১৩ |
| ৫। | কাব স্কাউট শাখা | - | ১৫ |
| ৬। | কাব স্কাউটদের ব্যাজ | - | ১৬ |
| ৭। | ষষ্ঠক পদ্ধতি | - | ২১ |
| ৮। | প্যাক মিটিং | - | ২২ |
| ৯। | স্কাউট শাখা | - | ২৪ |
| ১০। | স্কাউটদের স্তর বা ব্যাজ | - | ২৬ |
| ১১। | উপদল পদ্ধতি | - | ৩০ |
| ১২। | ট্রুপ মিটিং | - | ৩১ |
| ১৩। | স্কাউট পোশাক | - | ৩২ |
| ১৪। | দীক্ষা ও ব্যাজ প্রদান | - | ৩৪ |
| ১৫ | ব্যাজ পরিধান | - | ৩৫ |
| ১৬। | ইউনিট, উপজেলা, জেলা, অঞ্চল | - | ৩৭ |
| ১৭। | ইউনিট লিডার | - | ৩৯ |
| ১৮। | ক্যাম্পুরী / জাম্বুরী / মুট / সমাবেশ | - | ৪১ |
| ১৯। | অ্যাওয়ার্ড | - | ৪২ |
| ২০। | ব্যাডেন পাওয়েল | - | ৪৪ |
| ২১। | প্রথম কয়েকটি বিষয় | - | ৪৬ |
| ২২। | বাংলাদেশ স্কাউটস | - | ৪৯ |
| ২৩। | বিশ্ব স্কাউটস সংস্থা | - | ৫২ |
| ২৪। | জাতিসংঘ | - | ৫৫ |
| ২৫। | প্রাথমিক প্রতিবিধান | - | ৫৬ |
| ২৬। | দড়ির কাজ বা নটিং ল্যাশিং | - | ৫৮ |
| ২৭। | কোড, সাইফার ও এস্টিমেশন | - | ৬২ |
| ২৮। | কম্পাস ও মানচিত্র | - | ৬৪ |
| ২৯। | পতাকার বিষয়সমূহ | - | ৬৬ |
| ৩০। | বি পি পিটি | - | ৬৯ |
| ৩১। | বাঁশির সংকেত | - | ৬৯ |
| ৩২। | হস্ত সংকেত | - | ৭০ |
| ৩৩। | বিভিন্ন প্রশ্নের উত্তর | - | ৭১ |
| ৩৪। | না জানা প্রশ্নের উত্তর | - | ৭৫ |
| ৩৫। | জাতীয় পর্যায়ের বর্তমান কর্মকর্তাবৃন্দ | - | ৭৭ |
| ৩৬। | উপজেলা, জেলা, অঞ্চল পর্যায়ের বর্তমান কর্মকর্তাবৃন্দ | - | ৭৮ |
| ৩৭। | স্কাউটিং এ ব্যবহৃত সংক্ষিপ্ত শব্দের অর্থ | - | ৭৯ |
| ৩৮। | কনভেনশনাল সাইন | - | ৭৯ |
| ৩৯। | দলনেতার নির্দেশ বা কমান্ড | - | ৮০ |
| ৪০। | সিগন্যালিং | - | ৮০ |
| ৪১। | কয়েকটি রিপোর্ট তৈরীর নমুনা ছক | - | ৮১ |
| ৪২। | বি পি'র বাণী | - | ৮২ |
| ৪৩। | ব্যাঙের নাচের গান | - | ৮২ |
| ৪৪। | কয়েকটি নমুনা ছবি | - | ৮৩ |
| ৪৫। | অ্যাওয়ার্ড প্রার্থীর নমুনা ব্যাজ অর্জন | - | ৮৮ |

# গাওয়ার জন্য জাতীয় সংগীত

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর





আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি।
চিরদিন তোমার আকাশ-,
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস,
আমার প্রাণে
ও মা আমার প্রাণে বাজায় বাঁশি---
সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি।।

ওমা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে- পাগল করে,
মরি হায়, হায় রে..
ওমা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে- পাগল করে,
ওমা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে কী দেখেছি
আমি কী দেখেছি মধুর হাসি।
সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি।।

কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো...
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মত,
মরি হায়, হায় রে...
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মত,
মা, তোর বদনখানি মলিন হলে, আমি নয়ন
ওমা, আমি নয়ন জলে ভাসি।
সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি।।

# বাংলাদেশ স্কাউটস এর প্রর্থনা সংগীত

গোলাম মোস্তফা



(এক)

অনন্ত অসীম প্রেমময় তুমি
বিচার দিনের স্বামী
যত গুণগান, হে চির মহান
তোমারি অন্তরযামী।
দুলোকে-ভূলোকে সবারে ছাড়িয়া
তোমারি চরণে পড়ি লুটাইয়া
তোমারি সকাশে যাচি হে শকতি
তোমারই করুণা কামী।
সরল সঠিক পুণ্য পন্থা
মোদের দাওগো বলি
চালাও সে পথে যে পথে তোমার
প্রিয়জন গেছে চলি।
যে পথে তোমার চির অভিশাপ
যে পথে ভ্রান্তি চির পরিতাপ
হে মহাচালক মোদের কখনও
করো না সে পথ গামী।

( দুই )

হে খোদা দয়াময় রহমান রহিম
হে বিরাট হে মহান হে অনন্ত অসীম
নিখিল ধরণীর তুমি অধিপতি
তুমি নিত্য সত্য পবিত্র অতি
চির অন্ধকারে তুমি ধ্রুব জ্যোতি
তুমি সুন্দরও মঙ্গলও মহামহিম
হে খোদা দয়াময়....
তুমি মুক্ত স্বাধীন
বাঁধা বন্ধনহীন
তুমি এক তুমি অদ্বিতীয় চিরদিন
তুমি সৃজনও পালনও ধ্বংসকারী
তুমি অব্যয় অয় অনন্ত আদিম
হে খোদা দয়াময়...
আমি গুনাহগার পথ অন্ধকার
জ্বালো নূরেরই আলো নয়নে আমার
আমি চাইনা বিচার রোজ হাশরের দিন
চাই করুণা তোমারি, ওগো হাকিম
হে খোদা দয়াময়....।

( তিন )

বাদশাহ তুমি দীন দুনিয়ার
হে পরওয়ার দিগার
সেজদা লও হে হাজার বার আমার
হে পরওয়ার দিগার।
চাঁদ সূর্য্য আর গ্রহ তারা
জ্বীন ইনসান আর ফেরেস্তারা
দিন রজনী গাহিছে তারা মহিমা তোমার
হে পরওয়ার দিগার।
তোমার নূরের রশনী পরশী
উজ্জ্বল হয় যে রবি ও শশী
রঙিন হয়ে ওঠে বিকশী
ফুল সে বাগিচার
হে পরওয়ার দিগার।
বিশ্ব ভুবনে যা কিছু আছে
তোমারই কাছে করুণা যাঁচে
তোমারই মাঝে মরে ও বাঁচে
জীবনও সবার
হে পরওয়ার দিগার।

## ক্যাম্প ফায়ার সংগীত

ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার
এই হলো গো ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার ॥
দাও ইয়েল দাও ইয়েল দাবানল জ্বললো
ললো জিহ্বা তার আকাশে উড়লো ॥
ধরলো আগুন দ্বিগুন তেজে
রূপনিলো আজ এ কোন সাজে
দ্বিক বাহার, দ্বিক বাহার, দ্বিক বাহার ॥
ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার
এই হলো গো ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার॥
সারা মাঠ ভরলো আলোর বানে
উল্লাস উঠলো গানের তানে
হউক জয় এইবার এইবার এইবার॥
ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার
এই হলো গো ক্যাম্প ফায়ার, ক্যাম্প ফায়ার॥

*গীতিকার-স্কাউটার নিকোলাস,ডি,রোজারিও*
*সুরকার-সমর দাস,*

**প্র: স্কাউটিং কী ?**

উ: স্কাউটিং হচ্ছে যুব সম্প্রদায়ের জন্য একটি শিক্ষামূলক গতিশীল এবং বয়স্ক নেতাদের সহায়তায় পরিচালিত আন্দোলন যা জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের জন্য উন্মুক্ত বিশ্বব্যাপী একটি অরাজনৈতিক আন্দোলন।

**প্র: স্কাউটিং কেন ?**

উ: যুব সম্প্রদায়কে শারীরিক, মানসিক, সামাজিক, বুদ্ধিবৃত্তিক ও আধ্যাত্মিক শিক্ষা দিয়ে স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যক্তিগতভাবে সৎ, সুন্দর, দক্ষ ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে স্কাউটিং।

**প্র: বিশ্বব্যাপী স্কাউট আন্দোলনের মূলনীতি কী ?**

উ: বিশ্বব্যাপী স্কাউট আন্দোলন নিম্নেবর্ণিত ৩টি মূলনীতির উপর প্রতিষ্ঠিত (প্রতিজ্ঞা ও আইনের সফল বাস্তবায়নের মাধ্যমে- (১) স্রষ্টার প্রতি কর্তব্য পালন (আধ্যাত্মিক দিক), (২) নিজের প্রতি কর্তব্য পালন (ব্যক্তিগত দিক), (৩) অপরের প্রতি কর্তব্য পালন (সামাজিক দিক)।



সেবার জন্য স্কাউটিং

**প্র: স্কাউটিং এর মূলনীতিকে ইংরেজীতে কী ভাবে বলা হয় ?**

উ: স্কাউটিং এর ৩টি মূলনীতিকে ইংরেজিতে বলা হয় ঃ-

Duty to God, Duty to Self and Duty to Other .

**প্র: স্কাউটিং পদ্ধতি কী ?**

উ: স্কাউটিং পদ্ধতি একটি ধারাবাহিক স্ব-শিক্ষামূলক প্রক্রিয়া, যার উপাদানগুলি হচ্ছে : (১) প্রতিজ্ঞা ও আইনের চর্চা এবং তার প্রতিফলন (২) হাতে কলমে শিক্ষা (৩) ছোট ছোট দলের সদস্য হিসেবে কাজ করা (যেমন - ষষ্টক/উপদল পদ্ধতি) (৪) ক্রমোন্নতিশীল ও উদ্দীপনামূলক বিভিন্ন কার্যক্রম (ব্যাজ পদ্ধতি) (৫) বয়স্ক নেতার সহায়তা (৬) প্রকৃতি পর্যবেক্ষণ (৭) প্রতীকি কাঠামো।

**প্র: স্কাউট প্রোগ্রামের লক্ষ্য কী ?**

উ: স্কাউট প্রোগ্রামের লক্ষ্য যথাক্রমে :

১। শেখার জন্য কাজ
২। উপার্জনের জন্য শেখা।
৩। বাঁচার জন্য উপার্জন
৪। সেবা কাজের জন্য বাঁচা।

***প্র: স্কাউট প্রোগ্রামের উদ্দেশ্য কী ?***

উ: স্কাউট প্রোগ্রামের উদ্দেশ্য যথাক্রমে :

১। নাগরিকত্ববোধ উন্নয়ন
২। বুদ্ধিমত্তার উন্নয়ন
৩। শারীরিক উন্নয়ন
৪। আধ্যাত্মিক উন্নয়ন
৫। সৃজনী শক্তির বিকাশ সাধন
৬। নেতৃত্ববোধের বিকাশ সাধন
৭। সমাজ উন্নয়ন
৮। আত্মনির্ভরশীলতা।

***প্র: স্কাউটিং কবে থেকে শুরু হয় ?***

উ: ১৯০৭ সাল থেকে স্কাউটিং শুরু হয়।

***প্র: কোথা থেকে স্কাউটিং শুরু হয় ?***

উ: লন্ডনের পোল হারবারে অবস্থিত ব্রাউনসী দ্বীপ থেকে স্কাউটিং শুরু হয়।

***প্র: স্কাউট আন্দোলন কে শুরু করেন ?***

উ: রবার্ট স্টীফেনশন স্মীথ লর্ড ব্যাডেন পাওয়েল অফ গিলওয়ের নামের একজন ব্যক্তি স্কাউট আন্দোলন শুরু করেন।

***প্র: বাংলাদেশে স্কাউটিং এর কয়টি শাখা আছে ?***

উ: বাংলাদেশে স্কাউটিং এর তিনটি শাখা আছে।



হাতে-কলমে শিক্ষা

***প্র: স্কাউটিং এর শাখাগুলি কী কী ?***

উ: স্কাউটিং এর শাখাগুলি যথাক্রমে :

১। কাব স্কাউট ২। স্কাউট ও ৩। রোভার স্কাউট।

***প্র: কাদের কাব স্কাউট বলা হয় ?***

উ: স্কাউটিং এর প্রাথমিক স্তর ৬ থেকে ১০+ বৎসর বয়সী শিশুদের কাব স্কাউট বলা হয়।

***প্র: কাদের স্কাউট বলা হয় ?***

উ: স্কাউটিং এর মাধ্যমিক স্তর ১১ থেকে ১৬+ বৎসর বয়সী কিশোর - কিশোরীদের স্কাউট বলা হয়।

***প্র: কাদের রোভার স্কাউট বলা হয় ?***

উ: স্কাউটিং এর শেষ স্তর ১৭ থেকে ২৫ বৎসর বয়সী যুবক-যুবতীদের রোভার স্কাউট বলা হয়। এরা সাধারণত কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী।

***প্র: স্কাউটিং এ এ্যাডাল্ট লিডার কাদের বলা হয় ?***

উ: স্কাউটিং এ অভিজ্ঞ শিক্ষক, নেতৃত্বদানকারী অভিজ্ঞ ব্যক্তিবর্গকে এ্যাডাল্ট লিডার বলা হয়।

***প্র: স্কাউটসের মূলমন্ত্র বা মটো কী ?***

উ: স্কাউটসের মূলমন্ত্র বা মটো "সেবার জন্য সদা প্রস্তুত থাকতে যথাসাধ্য চেষ্টা করা"।

***প্র: ইংরেজীতে স্কাউটসের মূলমন্ত্র বা মটো কেমন হবে ?***

উ: ইংরেজীতে স্কাউটসের মূলমন্ত্র বা মটো- Do your best to be prepared for service.

***প্র: রোভার স্কাউটদের মটো কী?***

উ: রোভার স্কাউটদের মটো "সেবা" (Service)।

***প্র: ইংরেজীতে স্কাউট (scout) বানানকে কী ভাবে ব্যাখ্যা করা যায়?***

উ: ইংরেজীতে স্কাউট (scout) বানানকে নিম্নলিখিত ভাবে ব্যাখ্যা করা যায়।

S = smart (স্মার্ট) = চটপটে

C = Clever (ক্লেভার) = চালাক / Careful (কেয়ারফুল) = যত্নশীল

O = Obedient (ওবিডিয়েন্ট) = বিশ্বস্ত

U = Universal (ইউনিভার্সাল)=সার্বজনীন/Unity=(ইউনিটি) = একতাবদ্ধ

T = Truthful (ট্রুথফুল) = সত্যবাদী

## কাব স্কাউট শাখা

***প্র: কাব স্কাউট কী ?***

উ: স্কাউটস আন্দোলনের প্রথম ধাপ বা প্রাথমিক স্তরকে কাব স্কাউট বলা হয়।



গার্ল ইন কাব

***প্র: কত সালে কাব স্কাউটিং শুরু হয় ?***

উ: ১৯১৪ সালে কাব স্কাউটিং শুরু হয়।

***প্র: কত সালে কাব স্কাউটদের জন্য বই প্রকাশিত হয়?***

উ: ১৯১৬ সালে কাব স্কাউটদের জন্য বই প্রকাশিত হয়।

***প্র: কাব স্কাউটদের জন্য প্রথম প্রকাশিত বইটির নাম কি?***

উ: কাব স্কাউটদের জন্য প্রথম প্রকাশিত বইটির নাম "দ্যা উলফ কাব হ্যান্ড বক"।

***প্র: কাব স্কাউটদের মূলমন্ত্র বা মটো কি?***

উ: "যথাসাধ্য চেষ্টা করা" (Do your best)-কাব স্কাউটদের মূলমন্ত্র বা মটো



কাব স্কাউট

***প্র: কাব স্কাউটসের আইন কয়টি?***

উ: কাব স্কাউটসের আইন দুটি।

***প্র: কাব স্কাউটসের আইনগুলি কী কী?***

উ: কাব স্কাউটসের আইনগুলো যথাক্রমে:

১। বড়দের কথা মেনে চলা

২। নিজেদের খেয়ালে কিছু না করা।

*প্র: কাব স্কাউটসের প্রতিজ্ঞা কয়টি?*

উ: কাব স্কাউটসের প্রতিজ্ঞা ১টি ও এর তিনটি অংশ।

*প্র: কাব স্কাউটসের প্রতিজ্ঞাটি কেমন ?*

উ: কাব স্কাউটসের প্রতিজ্ঞাটি নিম্নরুপ:

আমি প্রতিজ্ঞা করছি যে,
আল্লাহ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে-
প্রতিদিন কারো না কারো উপকার করতে
কাব আইন মেনে চলতে
আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।

(জানার জন্য ঃ- ''আল্লাহ'' শব্দের পরিবর্তে নিজ নিজ ধর্ম বিশ্বাস মতে সৃষ্টিকর্তার নাম করা যাবে)।



কাব স্কাউট সালাম

*প্র: কাব স্কাউটসরা কয় আঙ্গুলে সালাম করে?*

উ: কাব স্কাউটসরা তিন আঙ্গুলে সালাম করে।

*প্র: কাব স্কাউটসরা তিন আঙ্গুলে সালাম করে কেন?*

উ: কাবের একটি প্রতিজ্ঞার তিনটি অংশকে স্মরণ করিয়ে দেয়।



স্কাউট চিহ্ন

*প্র: তিন আঙ্গুলের নিচে দুই আঙ্গুলে ধরা বৃত্তকে কি বলে ?*

উ: তিন আঙ্গুলের নিচে দুই আঙ্গুলে ধরা বৃত্তকে বিশ্ব ভ্রাতৃত্ব বন্ধন বলে।

*প্র: পূর্বে কাব স্কাউটসরা কয় আঙ্গুলে সালাম করত ?*

উ: পূর্বে কাব স্কাউটসরা দুই আঙ্গুলে সালাম করত।

*প্র: কাব স্কাউটসরা কিভাবে করমদন বা হ্যান্ডশেক করে।*

উ: কাব স্কাউটসরা একে অপরের সাথে ডান হাতে করমর্দন বা হ্যান্ডশেক করত।

*প্র: পূর্বে কাব স্কাউটসরা কোন হাতে করমর্দন করত ?*

উ: পূর্বে কাব স্কাউটসরা বাম হাতে করমর্দন করত।



স্কাউট চিহ্ন প্রদর্শন

*প্র: কাব স্কাউটসরা কখন সালাম করে?*

উ: গ্রান্ড ইয়েল.পতাকা উত্তোলন. প্রতিজ্ঞা পাঠ এবং অন্যকে সম্মান দেখাতে কাব স্কাউটসরা সালাম করে।



করমর্দন

# কাব স্কাউটদের ব্যাজ

***প্রঃ কাব স্কাউটদের ব্যাজ কি?***

উঃ কাব স্কাউটদের ব্যাজ হলো প্রতীক বা চিহ্ন। অর্থাৎ কাব স্কাউটদের বিভিন্ন কাজের দক্ষতা এবং পারদর্শিতা অর্জনের স্বীকৃতি স্বরূপ এক একটি প্রতীক বা চিহ্ন প্রদান করা হয় তাকে ব্যাজ বলে।



সদস্য ব্যাজ

***প্রঃ কাব স্কাউটদের ব্যাজ কত প্রকার?***

উঃ কাব স্কাউটদের ব্যাজ দুই প্রকার।



তারা ব্যাজ

***প্রঃ কাব স্কাউটদের ব্যাজগুলো কি কি?***

উঃ কাব স্কাউটদের ব্যাজগুলো যথাক্রমে : ১। দক্ষতা ব্যাজ, ২। পারদর্শিতা ব্যাজ।

***প্রঃ কাব স্কাউটদের দক্ষতা ব্যাজ কী ?***

উঃ কাব স্কাউটদের ব্যাজগুলির বিভিন্ন কাজকে এক একটি নির্দিষ্ট প্রোগ্রামের মাধ্যমে নির্ধারণ করা হয়েছে। এই নির্দিষ্ট প্রোগ্রামের কাজগুলি এক একটি ধাপ। আর এই ধাপের স্বীকৃতি স্বরূপ একটি চিহ্ন বা প্রতীক প্রদান করা হয় তাকে দক্ষতা ব্যাজ বলে।



চাঁদ ব্যাজ

***প্রঃ কাব স্কাউটদের দক্ষতা ব্যাজ কত প্রকার?***

উঃ কাব স্কাউটদের দক্ষতা ব্যাজ চার প্রকার।

***প্রঃ কাব স্কাউটদের দক্ষতা ব্যাজগুলি কি কি?***

উঃ কাব স্কাউটদের দক্ষতা ব্যাজগুলি যথাক্রমে: ১। সদস্য ব্যাজ ২। তারা ব্যাজ ৩। চাঁদ ব্যাজ ৪। চাঁদ-তারা ব্যাজ।



চাঁদ-তারা ব্যাজ

***প্রঃ পারদর্শিতা ব্যাজ কী ?***

উঃ কাব স্কাউটদের বিষয় ভিত্তিক বিভিন্ন কাজ করতে হয়। এই বিষয় ভিত্তিক কাজের স্বীকৃতি স্বরূপ এক একটি চিহ্ন বা প্রতীক প্রদান করা হয় তাকে পারদর্শিতা ব্যাজ বলে।

***প্রঃ কাব স্কাউটদের পারদর্শিতা ব্যাজ কত প্রকার?***

উঃ কাব স্কাউটদের পারদর্শিতা ব্যাজ দুই প্রকার।

***প্রঃ কাব স্কাউটদের পারদর্শিতা ব্যাজ কী কী?***

উঃ কাব স্কাউটদের পারদর্শিতা ব্যাজ যথাক্রমে ১) সূর্য গ্রুপ ২) রংধনু গ্রুপ

***প্রঃ সূর্য গ্রুপে কয়টি পারদর্শিতা ব্যাজ আছে?***

উঃ সূর্য গ্রুপে চারটি পারদর্শিতা ব্যাজ আছে।



জনস্বাস্থ্য

***প্রঃ সূর্য গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো কি কি ?***

উঃ সূর্য গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো যথাক্রমে: ১। জনস্বাস্থ্য ২। সাঁতার। ৩। নিরাপত্তা ৪। পরিবেশ সংরক্ষণ।

***প্রঃ রংধনু গ্রুপে কয়টি পারদর্শিতা ব্যাজ রয়েছে?***

উঃ রংধনু গ্রুপে সাতটি পারদর্শিতা ব্যাজ রয়েছে।



সাঁতার

***প্রঃ রংধনু গ্রুপের পারদর্শিতা ব্যাজ গুলো কি কি?***

উঃ রংধনু গ্রুপের পারদর্শিতা ব্যাজ গুলো যথাক্রমে:

১) বেগুনি ২) নীল ৩) আকাশী ৪) সবুজ ৫) হলুদ ৬) কমলা ৭) লাল।

***প্রঃ রংধনু গ্রুপের পারদর্শিতা ব্যাজ গুলো অন্য কী নামে পরিচিত?***

উঃ রংধনু গ্রুপের পারদর্শিতা ব্যাজ গুলো অন্য যে নামে পরিচিত তা হলো যথাক্রমে

১) বেগুনি-নাগরিকত্ব ২) নীল-লেখাধুলা ৩) আকাশি-কারুশিল্প ৪) সবুজ-ব্যক্তিগত দক্ষতা ৫) হলুদ-প্রাণীর যত্ন ৬) কমলা-গাছের যত্ন ৭) লাল-প্রকৃতি পর্যবেক্ষণ।



সমাজ সেবা

***প্রঃ পারদর্শিতা ব্যাজের বেগুনি গ্রুপে কয়টি পারদর্শিতা ব্যাজ আছে?***

উঃ পারদর্শিতা ব্যাজের বেগুনি গ্রুপে ছয়টি পারদর্শিতা ব্যাজ আছে।

***প্রঃ পারদর্শিতা ব্যাজের বেগুনি গ্রুপে ছয়টি পারদর্শিতা ব্যাজ গুলি কি কি?***

উঃ পারদর্শিতা ব্যাজের বেগুনি গ্রুপের ব্যাজগুলো যথাক্রমে: ১) সমাজ সেবা ২) প্রাথমিক প্রতিবিধান ৩) স্বারক্ষতা ৪) কৃষ্টি ৫) স্বাস্থ্য সচেতনতা ৬) শিশু অধিকার ৭) নিরাপদ খাবার



চিত্তবিনোদন

***প্রঃ পারদর্শিতা ব্যাজের নীল গ্রুপে কয়টি পারদর্শিতা ব্যাজ আছে?***

উঃ পারদর্শিতা ব্যাজের নীল গ্রুপে ছয়টি পারদর্শিতা ব্যাজ আছে।

***প্রঃ পারদর্শিতা ব্যাজের নীল গ্রুপে পারদর্শিতা ব্যাজগুলো কী কী?***

উঃ পারদর্শিতা ব্যাজের নীল গ্রুপের ব্যাজগুলো যথাক্রমে:

১) চিত্ত বিনোদন ২) খেলাধূলা ৩) ক্রীড়াক ৪) ক্রীড়া কুশলী ৫) সংগ্রহ ৬) গৃহ পরিচর্যা।

***প্রঃ পারদর্শিতা ব্যাজের আকাশি গ্রুপে কয়টি পারদর্শিতা ব্যাজ আছে?***

উঃ পারদর্শিতা ব্যাজের আকাশি গ্রুপে ছয়টি পারদর্শিতা ব্যাজ আছে।

***প্রঃ পারদর্শিতা ব্যাজের আকাশি গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো কী কী?***

উঃ পারদর্শিতা ব্যাজের আকাশি গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো যথাক্রমে:

১। খেলনা তৈরী ২। মডেল তৈরী। ৩। নকশা তৈরী ৪। সেলাই করা ৫। চিত্রকলা ৬। হস্ত শিল্প।



কম্পিউটার

***প্রঃ পারদর্শিতা ব্যাজের সবুজ গ্রুপের কয়টি পারদর্শিতা ব্যাজ আছে?***

উঃ পারদর্শিতা ব্যাজের সবুজ গ্রুপে ছয়টি পারদর্শিতা ব্যাজ আছে।

***প্রঃ পারদর্শিতা ব্যাজের সবুজ গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো কী কী?***

উঃ পারদর্শিতা ব্যাজের সবুজ গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো যথাক্রমে: ১। দড়ির কাজ ২। কম্পিউটার ৩। সাইকেল চালনা ৪। বই বাধাই ৫। ব্যক্তিগত লাইব্রেরী ৬। রান্না।



খেলনা তৈরী

***প্রঃ পারদর্শিতা ব্যাজের হলুদ গ্রুপে কয়টি পারদর্শিতা ব্যাজ আছে?***

উঃ পারদর্শিতা ব্যাজের হলুদ গ্রুপে চারটি পারদর্শিতা ব্যাজ আছে।

***প্রঃ পারদর্শিতা ব্যাজের হলুদ গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো কী কী?***

উঃ পারদর্শিতা ব্যাজের হলুদ গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো যথাক্রমে: ১। কবুতর পোষা ২। মুরগী পালন ৩। হাঁস পালন ৪। কোয়েল পাখি পালন।



নিরাপত্তা

***প্রঃ পারদর্শিতা ব্যাজের কমলা গ্রুপের কয়টি পারদর্শিতা ব্যাজ আছে;***

উঃ পারদর্শিতা ব্যাজের কমলা গ্রুপে চারটি পারদর্শিতা ব্যাজ আছে।

***প্রঃ পারদর্শিতা ব্যাজের কমলা গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো কী কী?***

উঃ পারদর্শিতা ব্যাজের কমলা গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো যথাক্রমে: ১। ফুল বাগান ২। সবজি চাষ ৩। বনকলা ৪। টবে চাষ।



পরিবেশ সংরক্ষণ

***প্রঃ পারদর্শিতা ব্যাজের লাল গ্রুপে কয়টি পারদর্শিতা ব্যাজ আছে?***

উঃ পারদর্শিতা ব্যাজের লাল গ্রুপে চারটি পারদর্শিতা ব্যাজ আছে।

***প্রঃ পারদর্শিতা ব্যাজের লাল গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো কী কী?***

উঃ পারদর্শিতা ব্যাজের লাল গ্রুপের পারদর্শিতা ব্যাজগুলো যথাক্রমে: ১। প্রকৃতি ও পরিবেশ ২। পাখি পর্যবেক্ষণ ৩। আবহাওয়া ৪। ভূগোল।

***প্রঃ কাব স্কাউটসের দক্ষতা ব্যাজ অর্জনে পারদর্শিতা ব্যাজের কোন গ্রুপ থেকে আবশ্যিক ভাবে একটি করে ব্যাজ অর্জন করতে হবে?***

উঃ কাব স্কাউটসের দক্ষতা ব্যাজ অর্জনে পারদর্শিতা ব্যাজের সূর্য গ্রুপ থেকে আবশ্যিক ভাবে একটি করে ব্যাজ অর্জন করতে হবে।

***প্রঃ কতদিনে একজন নবাগত ছেলে/মেয়ে কাব সদস্য ব্যাজ অর্জন করতে পারবে?***

উঃ একজন ছেলে/মেয়ে দলে ভর্তির পর থেকে ৩ মাস নির্দিষ্ট প্রোগ্রামে কাজ করার পর সদস্য ব্যাজ অর্জন করতে পারবে।

***প্রঃ কতদিনে একজন কাব স্কাউট তারা ব্যাজ অর্জন করতে পারবে?***

উঃ একজন কাব স্কাউটস সদস্য ব্যাজ প্রাপ্তির পর ৪ থেকে ৬ মাস নির্দিষ্ট প্রোগ্রামে কাজ করার পর তাঁরা ব্যাজ অর্জন করতে পারবে।

***প্রঃ কতদিনে একজন কাব কাব স্কাউট চাঁদব্যাজ অর্জন করতে পারবে?***



টবে চাষ

উঃ একজন কাব স্কাউটস তাঁরা ব্যাজ প্রাপ্তির পর ৪ থেকে ৬ মাস নির্দিষ্ট প্রোগ্রামে কাজ করার পর চাঁদ ব্যাজ অর্জন করতে পারবে।

***প্রঃ কতদিনে একজন কাব স্কাউট চাদ-তারা ব্যাজ অর্জন করতে পারবে?***

উঃ একজন কাব স্কাউটস চাঁদ ব্যাজ প্রাপ্তির পর ৪ থেকে ৬ মাস নির্দিষ্ট প্রোগ্রামে কাজ করার পর চাঁদ-তাঁরা ব্যাজ অর্জন করতে পারবে।

***প্রঃ কতদিনে একজন কাব স্কাউট শাপলা অ্যাওয়ার্ড অর্জন করতে পারবে?***



কোয়েল পালন

উঃ একজন কাব স্কাউটস চাঁদ-তাঁরা ব্যাজ অর্জনের পর ৩ মাস নির্দিষ্ট প্রোগ্রামে কাজ করার পর শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জন করতে পারবে।

***প্রঃ তারা ব্যাজে কয়টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে?***

উঃ তারা ব্যাজে সূর্য গ্রুপ থেকে একটি এবং রংধনু গ্রুপের বেগুনি গ্রুপ থেকে একটি মোট ২টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

***প্রঃ চাঁদ ব্যাজে কয়টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে?***

উঃ চাঁদ ব্যাজে সূর্য গ্রুপ থেকে একটি এবং রংধনু গ্রুপের নীল ও আকাশি গ্রুপ থেকে একটি করে দুটি সর্বমোট ৩টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

***প্রঃ চাঁদ-তারা ব্যাজে কয়টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে?***

উঃ চাঁদ-তারা ব্যাজে সূর্য গ্রুপ থেকে একটি এবং রংধনু গ্রুপের সবুজ ও হলুদ গ্রুপ থেকে একটি করে দুটি সর্বমোট ৩টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

**প্রঃ শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জনের জন্য কয়টি পারশির্তা ব্যাজ অর্জন করতে হবে?**

উঃ শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জনের জন্য সর্য গ্রুপ থেকে একটি এবং রংধনু গ্রুপের কমলা ও লাল গ্রুপ থেকে একটি করে দুটি সর্বমোট ৩টি পারদর্শিতা ব্যাজ করতে হবে।

**প্রঃ শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জনের জন্য সর্বমোট কয়টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে ?**

উঃ শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জনের জন্য সূর্য গ্রুপ থেকে ৪টি এবং রংধনু গ্রুপ থেকে ৭টি সর্বমোট ১১টি পারদর্শিতা ব্যাজ করতে হবে।

**প্রঃ কাব স্কাউটসের ব্যাজ ভিত্তিক প্রোগ্রামগুলিকে কী নামে অবিহিত করা হয়েছে?**

উঃ কাবের স্তর ভিত্তিক বিষয়গুলিকে আপন শক্তি, চেষ্টা করি, থাকব ভালো, জানবো জগৎটাকে, আনন্দ উল্লাস, আমিও পারি ক্যাম্পিং এই নামে অবিহিত করা হয়েছে।

**প্রঃ সদস্য ব্যাজ অর্জনের জন্য কয়টি প্যাক মিটিংএ অংশগ্রহণ করতে হবে?**

উঃ সদস্য ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ৫টি প্যাক্র মিটিং এ অংশগ্রহণ করতে হবে।

**প্রঃ তারা ব্যাজ অর্জনের জন্য কয়টি প্যাক মিটিং এ অংশগ্রহণ করতে হবে?**

উঃ তাঁরা ব্যাজ অর্জনের জন্য ১০টি প্যাক মিটিং এ অংশগ্রহণ করতে হবে।

**প্রঃ চাঁদ ব্যাজ অর্জনের জন্য কয়টি প্যাক মিটিং এ অংশগ্রহণ করতে হবে?**

উঃ চাঁদ ব্যাজ অর্জনের জন্য ১০টি প্যাক মিটিং এ অংশগ্রহণ করতে হবে।

**প্রঃ চাঁদ-তারা ব্যাজ অর্জনের জন্য কয়টি প্যাক মিটিং এ অংশগ্রহণ করতে হবে?**

উঃ চাঁদ-তাঁরা ব্যাজ অর্জনের জন্য ১০টি প্যাক মিটিং এ অংশগ্রহণ করতে হবে?

**প্রঃ শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জনের জন্য কয়টি প্যাক মিটিং এ অংশগ্রহণ করতে হবে?**

উঃ শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জনের জন্য ০৮টি প্যাক মিটিং এ অংশগ্রহণ করতে হবে।

**প্রঃ সদস্য ব্যাজ অর্জনের জন্য কয়টি ক্যাম্পে অংশগ্রহণ করতে হবে?**

উঃ সদস্য ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ১টি কাব কার্নিভাল. ১টি কাব অভিযান, ২টি কাব হলিডে, ১টি স্কাউট ওন. ১টি উপজেলা/জেলা/অঞ্চল/জাতীয় ক্যাম্পুরীতে অংশগ্রহণ করতে হবে।

**প্রঃ তারা ব্যাজ অর্জনের জন্য কয়টি ক্যাম্পে অংশগ্রহণ করতে হবে?**

উঃ তার ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ১টি কাব কার্নিভাল, ১টি কাব অভিযান, ২টি কাব হলিডে, ১টি স্কাউট ওন, ১টি উপজেলা/জেলা/অঞ্চল/জাতীয় ক্যাম্পুরীতে অংশগ্রহণ করতে হবে।

**প্রঃ চাঁদ ব্যাজ অর্জনের জন্য কয়টি ক্যাম্পে অংশগ্রহণ করতে হবে?**

উঃ চাঁদ ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ১টি কাব কার্নিভাল, ১টি কাব অভিযান, ২টি কাব হলিডে, ১টি স্কাউট ওন, ১টি উপজেলা/জেলা/অঞ্চল/জাতীয় ক্যাম্পুরীতে অংশগ্রহণ করতে হবে।

**প্রঃ চাঁদ-তারা ব্যাজ অর্জনের জন্য কয়টি ক্যাম্পে অংশগ্রহণ করতে হবে?**

উঃ চাঁদ-তাঁরা ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ১টি কাব কার্নিভাল, ১টি কাব অভিযান. ২টি কাব হলিডে, ১টি স্কাউট ওন, ১টি উপজেলা/জেলা/অঞ্চল/জাতীয় ক্যাম্পুরীতে অংশগ্রহণ করতে হবে।

**প্রঃ শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জনের জন্য কয়টি ক্যাম্পে অংশগ্রহণ করতে হবে?**

উঃ শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জনের জন্য কমপক্ষে ১টি কাব কার্নিভাল. ১টি কাব অভিযান, ২টি কাব হলিডে, ১টি স্কাউট ওন, ১টি উপজেলা/জেলা/অঞ্চল/জাতীয় ক্যাম্পুরীতে অংশগ্রহণ করতে হবে।

***প্রঃ তারা ব্যাজ অর্জনের জন্য কত টাকা সঞ্চয় করতে হবে?***

উঃ তারা ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ১০/- টাকা সঞ্চয় করতে হবে।



ভূগোল

***প্রঃ চাঁদ ব্যাজ অর্জনের জন্য কত টাকা সঞ্চয় করতে হবে?***

উঃ চাঁদ ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ১৫/- টাকা সঞ্চয় করতে হবে।

***প্রঃ চাঁদ-তারা ব্যাজ অর্জনের জন্য কত টাকা সঞ্চয় করতে হবে?***

উঃ চাঁদ-তাঁরা ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ২০/- টাকা সঞ্চয় করতে হবে।

***প্রঃ একজন কাব কতদিন সময় পর্যন্ত কাব ইউনিটে সদস্য হিসেবে সম্পৃক্ত থাকতে পারবে?***

উঃ একজন কাব কমপক্ষে ১৮ মাস এবং সর্বোচ্চ ২৪ মাস পর্যন্ত কাব ইউনিটে সদস্য হিসেবে সম্পৃক্ত থাকতে পারবে।

# ষষ্ঠক পদ্ধতি

***প্র: ষষ্ঠক পদ্ধতি কাকে বলে?***

উ: কাব স্কাউটদের নেতৃত্ব বিকাশ ও নিজেদের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে একটি ইউনিট কে ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভক্ত করে প্রোগ্রাম সহ ইউনিটের যাবতীয় কাজ সম্পন্ন করার পদ্ধতিকে ষষ্টক পদ্ধতি বলে।



ষষ্ঠক চিহ্ন ব্যাজ

***প্র: ষষ্ঠক কাকে বলে?***

উ: ৬ জন সদস্যের ছোট একটি দলকে ষষ্ঠক বলে।

***প্র: একটি ষষ্ঠকে সর্বোচ্চ এবং সর্বনিম্ন কত জন সদস্য থাকতে পারে ?***

উ: একটি ষষ্ঠকে সর্বোচ্চ ৬ জন এবং সর্বনিম্ন ৪ জন সদস্য থাকতে পারে।

***প্র: ষষ্ঠক নেতা কাকে বলে?***

উ: ৬ জন সদস্যের নেতাকে ষষ্ঠক নেতা বলে।

***প্র: সিনিয়র ষষ্ঠক নেতা কাকে বলে?***

উ: চার জন ষষ্ঠক নেতার মধ্যে যাকে সিনিয়র ও অভিজ্ঞ হিসেবে দায়িত্ব দেওয়া হয় তাকে সিনিয়র ষষ্ঠক নেতা বলে।



সিনিয়র ষষ্ঠক নেতা

***প্র: ষষ্ঠক ব্যাজ কি?***

উ: ষষ্ঠক এর সদস্যদের পরিচয়ের জন্য ৩.৮১ সে:মি: সমবাহু বিশিষ্ট ত্রিকোণ আকৃতির কাপড়ের নির্দিষ্ট রং এর ব্যাজ; যেমন- লাল, হলুদ, সবুজ ইত্যাদি।

***প্র: ষষ্ঠক ব্যাজ কোথায় পরিধান করতে হয়?***

উ: বাম কাঁধের হাতার উপরের অংশে শীর্ষকোণ উপরে রেখে ষষ্ঠক ব্যাজ পরিধান করতে হয়।




ষষ্ঠক নেতা

***প্র: ষষ্ঠক নেতা ব্যাজ কি?***

উ: ষষ্ঠক নেতাদের পরিচয়ের জন্য হলুদ রং এর ১.৫ সে. মি. চওড়া ও ১০ সে. মি. লম্বা ফিতাই হলো ষষ্ঠক নেতা ব্যাজ।

***প্র: ষষ্ঠক নেতা ব্যাজ কোথায় পরিধান করতে হয়?***

উ: বাম হাতের কনুই এর ৪.০ সে. মি. উপরে পরিধান করতে হয়।



সহকারী ষষ্ঠক নেতা

***প্র: সহকারী, ষষ্ঠক ও সিনিয়র ষষ্ঠক নেতার জন্য কয়টি ফিতা?***

উ: সহকারী ষষ্ঠক নেতা ১টি ফিতা, ষষ্ঠক নেতা ২টি ফিতা ও সিনিয়র ষষ্ঠক নেতা ৩টি ফিতা সমান্তরালভাবে সেলাই করে পড়বে।

***প্র: ষষ্ঠক নেতা পরিষদ কাকে বলে?***

উ: দলের কাব স্কাউট লিডার, সহকারী কাব স্কাউট লিডার, ষষ্ঠক নেতা, সহকারী ষষ্ঠক নেতাদের নিয়ে গঠিত পরিষদকে ষষ্ঠক নেতা পরিষদ বলে।

***প্র: ষষ্ঠক নেতা পরিষদের সভাপতি ও সম্পাদক কে হবেন?***

উ: কাব স্কাউট লিডার লিডার ষষ্ঠক নেতা পরিষদের সভাপতি এবং সহকারী কাব লিডার সম্পাদক হবেন।

## ***প্যাক মিটিং***

***প্র: প্যাক মিটিং কী ?***

উ: সপ্তাহের নির্দিষ্ট দিনে কাব স্কাউট প্রোগ্রাম বাস্তবায়নের জন্য ৬০ থেকে ৯০ মিনিটের কাব কর্মসূচী।



শিলাবৃত্ত

***প্র: প্যাক মিটিং কে পরিচালনা করেন?***


উ: ইউনিট লিডার প্যাক মিটিং পরিচালনা করেন।

***প্র: একটি প্যাক মিটিং এর সর্বোচ্চ এবং সর্বনিম্ন সময় কত?***

উ: একটি প্যাক মিটিং এর জন্য সর্বোচ্চ সময় ৯০মি: এবং সর্বনিম্ন সময় ৬০মি:।

***প্র: প্যাক মিটিং–এ কোন গান গাওয়া হয় ?***

উ: প্যাক মিটিং এ "প্রার্থনা সংগীত" গাওয়া হয়।



মহাবৃত্ত

***প্র: প্যাক মিটিং এ কোন পতাকা উত্তোলন করা হয় ?***

উ: প্যাক মিটিং এ কাব স্কাউট দলের পতাকা উত্তোলন করা হয়

***প্র: প্যাক মিটিং এ কে গ্রান্ড ইয়েল পরিচালনা করেন ?***

উ: প্যাক মিটিং এ সিনিয়র ষষ্ঠক নেতা গ্রান্ড ইয়েল পরিচালনা করেন।

***প্র: প্যাক মিটিং এর জন্য কোথায় দাঁড়াতে হয় ?***

উ: প্যাক মিটিং এর জন্য পতাকা দন্ডের সামনে দাঁড়াতে হয়।

***প্র: প্যাক মিটিং এর জন্য কিভাবে দাঁড়াতে হবে ?***

উ: প্যাক মিটিং এর জন্য পতাকা দন্ডের সামনে মহাবৃত্ত আকারে দাঁড়াতে হবে।

***প্র: প্যাক মিটিং–এ কে চাঁদা আদায়, পরিদর্শন ও রিপোর্ট পেশ করে ?***

উ: প্যাক মিটিং-এ ষষ্ঠক নেতাগণ নিজ নিজ ষষ্ঠকের চাঁদা আদায়, পরিদর্শন ও রিপোর্ট পেশ করে।

***প্র: প্যাক মিটিং এ কী কী করা হয় ?***

উ: একটি প্যাক মিটিং-এ পর্যাক্রমে নিচের বিষয়গুলো করা হয়:

| বিষয় | দায়িত্ব | সময় |
|---|---|---|
| উপস্থিতি | সকলেই | ১ মিঃ |
| গ্রান্ড ইয়েল | সিনিয়র ষষ্ঠক নেতা | ২ মিঃ |
| পতাকা উত্তোলন ও সালাম প্রদর্শন | কাব স্কাউট লিডার | ১ মিঃ |
| প্রার্থনা সংগীত | কাবগণ | ৩ মিঃ |
| পরিদর্শন+চাঁদাআদায়+রিপোর্টপেশ | ষষ্ঠক নেতাগণ | ৫ মিঃ |
| ঘোষণা | কাব স্কাউট লিডার | ৩ মিঃ |
| খেলা/ গান/ নাচ/ গল্প/ অভিনয় | সহাকরী কাব স্কাউট লিডার | ৫ মিঃ |
| পুরাতন পাঠের অনুশীলন | ষষ্ঠক নেতাগণ | ১০ মিঃ |
| খেলা/ গান/ নাচ/ গল্প/ অভিনয় | সহাকরী কাব স্কাউট লিডার | ৫ মিঃ |
| নতুন পাঠ | ষষ্ঠক নেতাগণ | ১৫ মিঃ |
| খেলা/ গান/ নাচ/ গল্প/ অভিনয় | সহাকরী কাব স্কাউট লিডার | ৫ মিঃ |
| পতাকার কাছে সমবেত হওয়া | সকলেই | ১ মিঃ |
| ঘোষণা ও নীরব প্রার্থনা | কাব স্কাউট লিডার | ২ মিঃ |
| গ্রান্ডইয়েল | সিনিয়র ষষ্ঠক নেতা | ১ মিঃ |
| পতাকা নামানো | কাব স্কাউট লিডার | ১ মিঃ |
| ছুটি | কাব স্কাউট লিডার | ০ মিঃ |
| | মোট সময় = | ৬০ মিঃ |

***প্র: প্যাক মিটিং এ অংশগ্রহণের জন্য একজন কাব স্কাউটের হাতে কী কী থাকবে ?***

উ: প্যাক মিটিং -এ অংশগ্রহণের জন্য একজন কাব স্কাউটের হাতে থঅকবে-আমার রেকর্ড, খাতা, কলম, দড়ি, রঙ্গিন কাগজ, পেন্সিল, রাবারসহ অন্যান্য প্রয়োজনীয় দ্রব্য।

***প্র: কাব স্কাউটের বৃত্ত কয় প্রকার ?***

উ: কাব স্কাউটের বৃত্ত তিন প্রকার।

***প্র: কাব স্কাউটের বৃত্ত কী কী ?***

প্র: কাব স্কাউটের বৃত্ত যথাক্রমে : ১। রক ক্বাউন্সিল ব্য সভাশিলা ২। রক সার্কেল বা শিলা বত্ত ৩। প্যারেড বা ওয়াইড সার্কেল বা মহাবত্ত।



প্যাক মিটিং

***প্র: মহাবৃত্ত কাকে বলে ?***

উ: দুই হাত দুই দিকে প্রসারিত করে একে অপরের হাত শিকল আকারে ধরতে হবে। এ রকম বৃত্তকে মহাবৃত্ত বলে।

***প্র: শিলা বৃত্ত কাকে বলে ?***

উ: দুই হাত ক্বোমরের উপর রেখে কনুই এর সাথে কনুই লাগিয়ে দাঁড়াতে হবে তাকে শিলা বৃত্ত বলে।

***প্র: সভাশিলা কাকে বলে ?***

উ: একে অপরের কাঁধে কাঁধ লাগিয়ে দাঁড়াতে হবে। এভাবে যে বৃত্ত হয় তাকে সভাশিলা বলে।


স্কাউট বালক

***প্র: স্কাউট কাকে বলে?***

উ: স্কাউটস আন্দোলনের দ্বিতীয় ধাপ বা দ্বিতীয় স্তরকে স্কাউট বলে।

***প্র: কত সালে স্কাউট শাখা চালু হয় ?***

উ: ১৯০৭ সালে স্কাউট শাখা চালু হয়।

***প্র: কত সালে স্কাউটদের জন্য প্রথম বই প্রকাশিত হয় ?***

উ: ১৯০৮ সালে স্কাউটদের জন্য প্রথম বই প্রকাশিত হয়।

***প্র: স্কাউটদের জন্য প্রকাশিত প্রথম বইটির নাম কি ?***

উ: স্কাউটদের জন্য প্রথম প্রকাশিত বইটির নাম "স্কাউটিং ফর বয়েজ"।

***প্র: স্কাউটদের মূলমন্ত্র বা মটো কি ?***

উ: স্কাউটদের মূলমন্ত্র বা মটো ''সদা প্রস্তুত'' (Be Prepared)।

***প্র: স্কাউটদের প্রতিজ্ঞা কয়টি ?***

উ: স্কাউটদের প্রতিজ্ঞা একটি।

***প্র: স্কাউটদের প্রতিজ্ঞার কয়টি অংশ ?***

উ: স্কাউটদের প্রতিজ্ঞার তিনটি অংশ।

***প্র: স্কাউট প্রতিজ্ঞাটি কেমন ?***

উ: আমি আমার আত্মমর্যাদার উপর নির্ভর করে প্রতিজ্ঞা করছি যে,
আল্লাহ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে
সর্বদা অপরকে সাহায্য করতে
স্কাউট আইন মেনে চলতে
আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।
(জানার জন্যঃ - "আল্লাহ"শব্দের পরিবর্তে নিজ নিজ ধর্ম বিশ্বাস মতে সৃষ্টিকর্তার নাম উল্লেখ করা যাবে।)


স্কাউট বালিকা

***প্র: স্কাউট প্রতিজ্ঞা ইংরেজীতে কী ভাবে বলা হয় ?***

উ: ইংরেজীতে স্কাউট প্রতিজ্ঞা হলো–
On my honour I promise that I will do my best
# to do my duty to God and my country
# to help other people at all times
# to obey the Scout Law.

***প্র: স্কাউটদের আইন কয়টি ?***

উ: স্কাউটদের আইন সাতটি।

***প্র: স্কাউটদের আইনগুলো কী কী ?***

উ: স্কাউটদের আইনগুলো যথাক্রমে-

১. স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী ২. স্কাউট সকলের বন্ধু
৩. স্কাউট বিনয়ী ও অনুগত ৪. স্কাউট জীবের প্রতি সদয়
৫. স্কাউট সদা প্রফুল ৬. স্কাউট মিতব্যয়ী
৭. স্কাউট চিন্তা, কথা ও কাজে নির্মল।



স্কাউট সালাম প্রদর্শন

***প্র: আইনগুলো সংক্ষেপে কিভাবে প্রকাশ করা হয় ?***

উ: বিশ্বাসী, বন্ধু, বিনয়ী, সদয়, প্রফুল্ল, মিতব্যয়ী, নির্মল রয়।

***প্র: ইংরেজীতে স্কাউট আইনগুলো কী কী ?***

উ: ইংরেজীতে স্কাউট আইনগুলো হলো–

# A Scout's honour is to be trusted ১
# A Scout is a friend to all
# A Scout is courteous and obedient
# A Scout is kind to animal
# A Scout is cheerful at all times
# A Scout is Thirfty
# A Scout is clean in thought, word and deed.

***প্র: স্কাউটরা কয় আঙ্গুলে সালাম করে?***

উ: স্কাউটরা তিন আঙ্গুলে সালাম করে।

***প্র: স্কাউটরা তিন আঙ্গুলে সালাম করে কেন?***

উ: স্কাউটদের একটি প্রতিজ্ঞা এবং এর তিনটি অংশ। এই ৩টি অংশকে স্মরণ বা বিশ্বাস করে বোঝানোর জন্য।



স্কাউট চিহ্ন প্রদর্শন

***প্র: তিন আঙ্গুলে সালামের নীচে দুই আঙ্গুলে ধরা বৃত্ত দ্বারা কি বোঝানো হয়?***

উ: তিন আঙ্গুলে সালামের নীচে দুই আঙ্গুলে ধরা বৃত্তকে বিশ্ব ভ্রাতৃত্ববন্ধন বোঝানো হয়।



স্কাউট করমর্দন

***প্র: স্কাউট চিহ্ন প্রদর্শনে ডান হাতের কব্জি থেকে হাতের অগ্রভাগ পর্যন্ত অঙ্গকে কী বলে?***

উ: স্কাউট চিহ্ন প্রদর্শনে ডান হাতের কব্জি থেকে হাতের অগ্রভাগ পর্যন্ত অঙ্গকে "সোনালী বন্ধন" বা " Golden Tie" বলে।

***প্রঃ স্কাউট চিহ্ন প্রদর্শনের সময় বাহু শরীরের সাথে কত ডিগ্রি কোন উৎপন্ন করে ?***

উঃ স্কাউট চিহ্ন প্রদর্শনের সময় বাহু শরীরের সাথে ৪৫ ডিগ্রি কোন উৎপন্ন করে।

**প্র: স্কাউটরা কখন চিহ্ন প্রদর্শন করে ?**

উ: প্রতিজ্ঞা পাঠ এবং অপরিচিত কোন স্কাউটের সাথে দেখা হলে স্কাউটরা চিহ্ন প্রদর্শন করে।



দুই আঙ্গুলে ধরা বৃত্ত

**প্র: স্কাউটরা কখন সালাম ব্যবহার করে ?**

উ: সম্ভাষনের সময়, জাতীয় পতাকা এবং স্কাউট পতাকা উত্তোলনের সময়, স্কাউট আন্দোলনের কোন সদস্যকে কবর দেওয়ার সময় স্কাউট সালাম ব্যবহার করে।

**প্র: বাংলাদেশের স্কাউটরা কিভাবে হ্যান্ডশেক (করমর্দন) করে ?**

উ: বাংলাদেশের স্কাউটরা ডান হাতে হ্যান্ডশেক (করমর্দন) করে।

**প্র: অন্যান্য দেশের স্কাউটরা কিভাবে হ্যান্ডশেক করে ?**

উ: অন্যান্য দেশের স্কাউটরা বাম হাত দিয়ে একে অন্যেরর সাথে হ্যান্ডশেক বা করমর্দন করে।

**প্র: স্কাউটদের শ্লোগান কী?**

উ: প্রতিদিন কারো না কারো উপকার করা'' স্কাউটদের শ্লোগান। ইংরেজীতে "Do a good turn daily")

## স্কাউটদের স্তর বা ব্যাজ

**প্র: সাধারণত স্তর কাকে বলা হয়?**

উ: সাধারণত স্তর হলো এক একটি ধাপ বা ভাগ। অর্থাৎ বিভিন্ন কাজের বিষয়গুলিকে নির্দিষ্ট প্রোগ্রামের মাধ্যমে কয়েকটি ভাগে বা ধাপে ভাগ করা হয়েছে এই ধাপগুলিকে এক একটি স্তর বলা হয়।



সদস্য ব্যাজ

**প্র: স্কাউটদের স্তর কয়টি ?**

উ: স্কাউটদের স্তর ৪টি।

**প্র: স্কাউটদের স্তরগুলি কী কী ?**

উ: স্কাউটদের স্তর গুলি যথাক্রমে: ১। সদস্য স্তর
২। ষ্ট্যান্ডার্ড স্তর ৩। প্রোগ্রেস স্তর ৪। সার্ভিস স্তর



ষ্ট্যান্ডার্ড ব্যাজ

**প্র: স্কাউটদের ব্যাজ কী ?**

উ: স্কাউটদের ব্যাজ হলো প্রতীক বা চিহ্ন। অর্থাৎ স্কাউটদের বিভিন্ন কাজে দক্ষতা এবং পারদর্শিতা অর্জনের স্বীকৃতি স্বরূপ এক একটি প্রতীক বা চিহ্ন প্রদান করা হয় তাকে স্কাউটদের ব্যাজ বলে।

**প্র: স্কাউটদের ব্যাজ কত প্রকার ?**

উ: স্কাউটদের ব্যাজ দুই প্রকার।

***প্র: স্কাউটদের ব্যাজগুলো কী কী ?***

উ: স্কাউটদের ব্যাজগুলো হলো ১। দক্ষতা ব্যাজ ২। পারদর্শিতা ব্যাজ।



প্রোগ্রেস ব্যাজ

***প্র: স্কাউটদের দক্ষতা ব্যাজ কী ?***

উ: স্কাউটদের ব্যাজগুলির বিভিন্ন কাজকে এক একটি নির্দিষ্ট প্রোগ্রামের মাধ্যমে নির্ধারণ করা হয়েছে। এই নির্দিষ্ট প্রোগ্রামের কাজগুলি স্তর বা ধাপ। আর এই স্তর বা ধাপের স্বীকৃতি স্বরূপ একটি চিহ্ন বা প্রতীক প্রদান করা হয় তাকে দক্ষতা ব্যাজ বলে।



সার্ভিস ব্যাজ

***প্র: স্কাউটদের দক্ষতা ব্যাজ কত প্রকার ?***

উ: স্কাউটদের দক্ষতা ব্যাজ ৪ প্রকার।

***প্র: স্কাউটদের দক্ষতা ব্যাজগুলি কী কী ?***

উ: স্কাউটদের দক্ষতা ব্যাজগুলি যথাক্রমে: (১) সদস্য ব্যাজ (২) স্ট্যান্ডার্ড ব্যাজ (৩) প্রোগ্রেস ব্যাজ (৪) সার্ভিস ব্যাজ।

***প্র: পারদর্শিতা ব্যাজ কী ?***

উ: স্কাউটদের বিষয় ভিত্তিক বিভিন্ন কাজ করতে হয়। এই বিষয় ভিত্তিক কাজের স্বীকৃতি স্বরূপ এক একটি চিহ্ন বা প্রতীক প্রদান করা হয় তাকে পারদর্শিতা ব্যাজ বলে।

***প্র: স্কাউটদের পারদর্শিতা ব্যাজকে কয়টি গ্রুপে ভাগ করা হয়েছে ?***

উ: স্কাউটদের পারদর্শিতা ব্যাজ সমূহকে ১০টি সাধারণ গ্রুপ এবং ৩টি বিশেষ গ্রুপে ভাগ করা হয়েছে।

***প্র: পারদর্শিতা ব্যাজের সাধারণ গ্রুপগুলির নাম কী ?***

উ: পারদর্শিতা ব্যাজের সাধারণ গ্রুপের নাম যথাক্রমে-

১। চেতনা ২। ব্যক্তিগত দক্ষতা ৩। প্রকৃতি পর্যবেক্ষণ
৪। আনন্দ ৫। গৃহশিল্প ৬। গাছের যত্ন ৭। কারুশিল্প
৮। প্রাণীর যত্ন ৯। স্বাস্থ্য ও জনসেবা ১০। প্রযুক্তি।



নাগরিকত্ব

***প্র: পারদর্শিতা ব্যাজের বিশেষ গ্রুপগুলির নাম কী ?***

উ: পারদর্শিতা ব্যাজের বিশেষ গ্রুপগুলির নাম যথাঃ ১। নৌ কুশলী ২। বিমান কুশলী ৩। রেলওয়ে কুশলী।



ফার্স্ট এইড

***প্র: পারদর্শিতা ব্যাজের সর্বমোট সংখ্যা কত?***

উ: পারদর্শিতা ব্যাজ সাধারণ গ্রুপে ৯৪টি এবং বিশেষ গ্রুপে ৩২ টি। সর্বমোট সংখ্যা = ১২৬টি পারদর্শিতা ব্যাজ আছে।

***প্র: গ্রুপ ভিত্তিক পারদর্শিতা ব্যাজ এর সংখ্যা কত ?***

উ: গ্রুপ ভিত্তিক পারদর্শিতা ব্যাজ এর সংখ্যা যথাক্রমে নিম্নরূপঃ ক। চেতনা গ্রুপে ৪টি, খ। ব্যক্তিগত দক্ষতা গ্রুপে ১৯টি, গ। প্রকৃতি পর্যবেক্ষণ গ্রুপে ৬টি, ঘ। আনন্দ গ্রুপে ৬টি, ঙ। গৃহশিল্প গ্রুপে ৭টি, চ। গাছের যত্ন গ্রুপে ১০টি, ছ। কারুশিল্প গ্রুপে ১২টি,

জ। প্রাণীর যত্ন গ্রুপে ৯টি, ঝ। স্বাস্থ্য ও জনসেবা গ্রুপে ১১ টি, ঞ। প্রযুক্তি গ্রুপে ১১টি, ট। নৌ কুশলী গ্রুপে ১৪টি, ঠ। বিমান কুশলী গ্রুপে ১১টি, ড। রেলওয়ে কুশলী গ্রুপে ৭টি।



পাইওনিয়ার

***প্র: সদস্য ব্যাজে কতটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে?***

উ: সদস্য ব্যাজে পারদর্শিতা ব্যাজ অর্জন করার প্রয়োজন নাই।



ক্যাম্পিং

***প্র: স্ট্যান্ডার্ড স্তরে কতটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়?***

উ: স্ট্যান্ডার্ড ব্যাজে ৪টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়।

***প্র: প্রোগ্রেস স্তরে কতটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়?***

উ: প্রোগ্রেস ব্যাজে ৪টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়।

***প্র: সার্ভিস ব্যাজে কতটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়?***

উ: সার্ভিস ব্যাজে ৪টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়।

***প্র: প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য কতটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়?***

উ: প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য ৪টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়।

***প্র: প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য সর্বমোট কতটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হয়?***

উ: প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য সর্বমোট ১৬টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

***প্র: কতদিনে একজন নবাগত সদস্য ব্যাজ অর্জন করতে পারবে?***

উ: ৩ মাসে একজন নবাগত সদস্য ব্যাজ অর্জন করতে পারবে।

***প্র: কতদিনে একজন স্কাউট স্ট্যান্ডার্ড ব্যাজ অর্জন করতে পারবে ?***

উ: ৬-৯ মাসের মধ্যে একজন স্কাউট স্ট্যান্ডার্ড ব্যাজ অর্জন করতে পারবে।

***প্র: কতদিনে একজন স্কাউট প্রোগ্রেস ব্যাজ অর্জন করতে পারবে ?***

উ: ৬-৯ মাসের মধ্যে একজন স্কাউট প্রোগ্রেস ব্যাজ অর্জন করতে পারবে।

***প্র: কতদিনে একজন স্কাউট সার্ভিস ব্যাজ অর্জন করতে পারবে ?***

উ: ৬-৯ মাসের মধ্যে একজন স্কাউট সার্ভিস ব্যাজ অর্জন করতে পারবে।

***প্র: কতদিনে একজন স্কাউট প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড প্রোগ্রাম সমাপ্ত করতে পারবে?***

উ: ৪-৬ মাসের মধ্যে একজন স্কাউট প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জন করতে পারবে।

***প্র: গ্রুপ ভিত্তিক পারদর্শিতা ব্যাজ অর্জনের নিয়ম কী ?***

উ: একজন স্কাউট পারদর্শিতা ব্যাজ বাছাইয়ের সময়ে চেতনা গ্রুপ থেকে ১টি এবং অন্যান্য গ্রুপ থেকে ১টি করে আরো ৩টি. সর্বমোট ৪টি ব্যাজ গ্রহণ করবে।

***প্র: একজন স্কাউটকে কোন গ্রুপ থেকে সব ব্যাজে আবশ্যিকভাবে পারদর্শিতা ব্যাজ গ্রহণ করতে হবে ?***

উ: একজন স্কাউটকে প্রত্যেক স্তরে চেতনা গ্রুপ থেকে আবশ্যিকভাবে ১টি করে পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

***প্র: একজন স্কাউট কতদিন পর্যন্ত স্কাউট সদস্য হিসেবে ইউনিটে সম্পৃক্ত থাকতে পারবে?***

উ: একজন স্কাউট সর্বনিম্ন ২৫ মাস এবং সর্বোচ্চ ৩৩ মাস পর্যন্ত স্কাউট সদস্য হিসেবে ইউনিটে সম্পৃক্ত থাকতে পারবে।

***প্র: সদস্য ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে কতটি ট্রুপ মিটিং-এ অংশগ্রহণ করতে হবে?***

উ: সদস্য ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ৮টি ট্রুপ মিটিং-এ অংশগ্রহণ করতে হবে।

***প্র: স্ট্যান্ডার্ড ব্যাজ অর্জনের জন্য কতটি ট্রুপ মিটিং-এ অংশগ্রহণ করতে হবে?***

উ: স্ট্যান্ডার্ড ব্যাজ অর্জনের জন্য ১২-১৫টি ট্রুপ মিটিং-এ অংশগ্রহণ করতে হবে।

***প্র: প্রোগ্রেস ব্যাজ অর্জনের জন্য কতটি ট্রুপ মিটিং-এ অংশগ্রহণ করতে হবে?***

উ: প্রোগ্রেস ব্যাজ অর্জনের জন্য ১২-১৫টি ট্রুপ মিটিং-এ অংশগ্রহণ করতে হবে।

***প্র: সার্ভিস ব্যাজ অর্জনের জন্য কতটি ট্রুপ মিটিং-এ অংশগ্রহণ করতে হবে?***

উ: সার্ভিস ব্যাজ অর্জনের জন্য ১২-১৫টি ট্রপ মিটিং-এ অংশগ্রহণ করতে হবে।

***প্র: প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য কমপক্ষে কতটি ট্রুপ মিটিং-এ অংশগ্রহণ করতে হবে?***

উ: প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য কমপক্ষে ৮টি ট্রুপ মিটিং -এ অংশগ্রহণ করতে হবে।

***প্র: একজন স্কাউটকে পি, এস এর জন্য কতদিনের কতটি ক্যাম্প-এ অংশগ্রহন করতে হবে ?***

উ: একজন স্কাউটকে পি,এস এর জন্য ১টি ডে ক্যাম্প, ১টি তিন দিনের ক্যাম্প, উপজেলা, জেলা সমাবেশ বা জাম্বুরীতে অংশগ্রহণ করতে হবে।

***প্র: একজন স্কাউটকে কোন ব্যাজে প্রতিমাসে কত টাকা সঞ্চয় করতে হবে?***

উ: একজন স্কাউটকে প্রতিমাসে স্ট্যান্ডার্ড ব্যাজে ১০/- টাকা, প্রোগ্রেস ব্যাজে ১৫/- টাকা এবং সার্ভিস ব্যাজে ২০/- টাকা সঞ্চয় করতে হবে।

***প্র: একজন স্কাউটকে কোন ব্যাজে কতটি স্কাউট গান জানতে হবে?***

উ: একজন স্কাউটকে সদস্য ব্যাজে তিনটি গান স্ট্যান্ডার্ড স্তরে চারটি গান, প্রোগ্রেস স্তরে তিনটি গান. সার্ভিস ব্যাজে দুইটি গান এবং পিএস অ্যাওয়ার্ডের জন্য দুইটি গান জানতে হবে।

***প্র: কাদের জন্য স্কাউট শাখায় সদস্য ব্যাজ অর্জনের সময় কম লাগবে ?***

উ: একজন চাঁদ -তারা অর্জনকারী কাব স্কাউট, স্কাউট শাখায় ভর্তি হলে কম সময়ে সদস্য ব্যাজ অর্জন করবে।

***প্র: একজন চাঁদ-তারা অর্জনকারী কাব স্কাউট, স্কাউট শাখায় কতদিনে সদস্য ব্যাজ অর্জন করতে পারবে?***

উ: একজন চাঁদ-তারা অর্জনকারী কাব. স্কাউট শাখায় ১ মাস সময়ে সদস্য ব্যাজ অর্জন করতে পারবে।

***প্র: একজন চাঁদ-তারা অর্জনকারী কাব স্কাউট, স্কাউট শাখায় সদস্য ব্যাজ অর্জনের জন্য কয়টি ট্রুপ মিটিং-এ অংশগ্রহণ করবে?***

উ: একজন চাঁদ-তারা অর্জনকারী কাবকে স্কাউট শাখায় সদস্য ব্যাজ অর্জনের জন্য কমপক্ষে ৪টি ট্রুপ মিটিং এ অংশগ্রহণ করতে হবে।

## উপদল পদ্ধতি

***প্র: উপদল পদ্ধতি কাকে বলে?***

উ: স্কাউটিংয়ে নেতৃত্ব বিকাশের লক্ষ্যে একটি ইউনিট কে ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভক্ত করে প্রোগ্রাম সহ ইউনিটের যাবতীয় কাজ সম্পন্ন করার পদ্ধতিকে উপদল পদ্ধতি বলে।

***প্র: প্যাট্রোল বা উপদল কাকে বলে?***

উ: ৮ জন সদস্যের ছোট একটি স্কাউট দলকে প্যাট্রোল বা উপদল বলে।



সহকারী উপদল নেতা

***প্র: উপদল নেতা বা প্যাট্রোল লিডার কাকে বলে?***

উ: উপদলের নেতাকে উপদল নেতা বা প্যাট্রোল লিডার বলে।



উপদল নেতা

***প্র: সিনিয়র প্যাট্রোল লিডার কাকে বলে?***

উ: ৪ জন উপদল নেতার মধ্যে যে স্কাউট উপদল নেতা সিনিয়র, অভিজ্ঞ এবং দক্ষ উপদল নেতা, তাকে সিনিয়র প্যাট্রোল লিডার বলে।



সিনিয়র উপদল নেতা

***প্র: প্যাট্রোল লিডার চিহ্ন বা পরিচিতি ব্যাজ কী?***

উ: ১ সেঃ মিঃ মাপের চওড়া সাদা রিবন বা ফিতা প্যাট্রোল লিডার পরিচিতি ব্যাজ। যা বাম বুক পকেটের সদস্য ব্যাজের ২ দিকে পরতে হয়।

***প্র: সিনিয়র প্যাট্রোল লিডার, প্যাট্রোল লিডার ও সহকারী প্যাট্রোল লিডার চেনার উপায় কী?***

উ: স্কাউট পোশাকের বাম বুক পকেটে-সিনিয়র প্যাট্রোল লিডার এর তিনটি সাদা ফিতা, প্যাট্রোল লিডার এর দুইটি সাদা ফিতা এবং সহকারী প্যাট্রোল লিডার এর একটি সাদা ফিতা পরিধান দেখে চেনা যাবে।

***প্র: উপদলে সদস্যদের দায়িত্ব কী?***

উ: উপদলের সদস্যদের দায়িত্ব যথাক্রমে ঃ ১নং সদস্য উপদল নেতা, ২নং সদস্য সহকারী উপদল নেতা, ৩ নং সদস্য প্রশিক্ষণ উপকরণ সংরক্ষণকারী, ৪ নং সদস্য কোষাধ্যক্ষ, ৫ নং সদস্য ডেন রক্ষাকারী, ৬ নং সদস্য খেলার উপকরণ রক্ষক, ৭ নং সদস্য প্রাথমিক প্রতিবিধানকারী, ৮ নং সদস্য কোয়ার্টার মাষ্টার।

***প্র: উপদল নেতা পরিষদ কাকে বলে?***

উ: স্কাউট দলের সবকয়টি উপদলের উপদল নেতাদের নিয়ে গঠিত পরিষদকে উপদল নেতা পরিষদ বলে।

***প্র: উপদল নেতা পরিষদে কে কী পদে থাকবে ?***

উ: উপদল নেতা পরিষদে সিনিয়র উপদল নেতা সভাপতি, পরবর্তী সিনিয়র উপদল নেতা সম্পাদক, বাকী দু জন উপদল নেতা সদস্য।

***প্র: উপদল পরিষদ কাকে বলে ?***

উ: উপদলের সদস্যদের নিয়ে গঠিত পরিষদকে উপদল পরিষদ বলে।

***প্র: উপদল পরিষদের সভাপতি ও সম্পাদক কে হবে ?***

উ: উপদল নেতা–উপদল পরিষদের সভাপতি এবং সহকারী উপদল নেতা সম্পাদক হবে।

## ট্রুপ মিটিং

***প্র: ট্রুপ মিটিং কী ?***

উ: সপ্তাহের নির্দিষ্ট দিনে স্কাউট প্রোগাম বাস্তবায়নের জন্য ৬০ থেকে ৯০ মিনিটের স্কাউট কর্মসূচী।

***প্র: ট্রুপ মিটিং কে পরিচালনা করেন ?***

উ: ইউনিট লিডার বা স্কাউট লিডার ট্রুপ মিটিং পরিচালনা করেন।

***প্র: ট্রুপ মিটিং কোথায় অনুষ্ঠিত হয় ?***

উ: ট্রুপ মিটিং পতাকা দন্ডের সামনে অনুষ্ঠিত হয়।

***প্র: ট্রুপ মিটিং কিভাবে অনুষ্ঠিত হয় ?***

উ: পতাকাদন্ডের সামনে অশ্ব ক্ষুরাকৃতিতে দাঁড়িয়ে ট্রুপ মিটিং অনুষ্ঠিত হয়।


অশ্বক্ষুরাকৃতিতে দাঁড়ানো

***প্র: ট্রুপ মিটিং –এ কোন গান গাওয়া হয় ?***

উ: ট্রুপ মিটিং –এ প্রার্থনা সংগীত গাওয়া হয়।

***প্র: ট্রুপ মিটিং –এ কে পতাকা উত্তোলন করে ?***

উ: ট্রুপ মিটিং –এ স্কাউট/ইউনিট লিডার পতাকা উত্তোলন করেন।

***প্র: ট্রুপ মিটিং –এ কে পরিদর্শন, চাঁদা আদায় এবং রিপোর্ট পেশ করে ?***

উ: ট্রুপ মিটিং – এ প্যাট্রোল লিডারগণ নিজ প্যাট্রোলের পরিদর্শন, চাঁদা আদায় ও রিপোর্ট পেশ করে।

***প্র: ট্রুপ মিটিং –এর ধারাবাহিক কাজগুলি কী কী ?***

উ: ট্রুপ মিটিং –এর ধারাবাহিক কাজগুলি যথা ঃ

| বিষয় | দায়িত্ব | সময় |
|---|---|---|
| উপস্থিতি | সকলে | ১ মিঃ |
| পতাকা উত্তোলন ও সালাম প্রদর্শন | স্কাউট লিডার | ২ মিঃ |
| প্রার্থনা সংগীত | স্কাউট | ৩ মিঃ |
| পরিদর্শন+চাঁদাআদায়+রিপোর্ট পেশ | উপদল নেতাগণ | ৫ মিঃ |
| ঘোষণা | স্কাউট লিডার | ৩ মিঃ |
| পুরাতন পাঠের অনুশীলন | উপদল নেতাগণ | ১০ মিঃ |
| গান/ নাচ/ অভিনয়/ গল্প | উপদল নেতা | ৫ মিঃ |

| বিষয় | দায়িত্ব | সময় |
|---|---|---|
| নতুন পাঠ | উপদল নেতাগণ | ২০ মিঃ |
| পতাকার কাছে সমবেত হওয়া | সকলে | ২ মিঃ |
| খেলা | স্কাউট লিডার | ৪ মিঃ |
| ব্যক্তিগত পরিচ্ছন্নতা | সকলে | ২ মিঃ |
| ঘোষণা ও নীরব প্রার্থনা | স্কাউট লিডার | ২ মিঃ |
| পতাকা নামানো | স্কাউট লিডার | ১ মিঃ |
| ছুটি | সকলে | ০ মিঃ |
| | মোট সময় = | ৬০ মিঃ |

***প্র: একটি ট্রুপ মিটিং –এর সর্বনিম্ন এবং সর্বোচ্চ সময় কত ?***

উ: একটি ট্রুপ মিটিং–এর সর্বনিম্ন সময় ৬০ মিনিট এবং সর্বোচ্চ সময় ৯০ মিনিট।

## স্কাউটস পোশাক

**প্র: কাব স্কাউট (ছেলে) পোশাক কেমন?**

উ: বুকের উপর প্লেটযুক্ত ছাই রং এর জামা , দুই পকেটে প্লেটসহ ঢাকনা এবং গ্যালিসযুক্ত নেভীব্লু প্যান্ট, সাদা মোজা, কালো জুতা, স্কাউট বেল্ট, নেভীব্লু টুপি ও লাল স্কার্ফ, নেমপ্লেট, দল পরিচিতি ব্যাজ, ব্রাদারহুড ব্যাজ, জাতীয় পতাকার রেপলিকা, অঞ্চল পরিচিতি ব্যাজ, বাংলাদেশ লেখা ব্যাজ ও দড়ি।



স্কাউট স্কার্ফ

**প্র: কাব স্কাউট (মেয়ে) পোশাক কেমন?**

উ: কাব স্কাউট মেয়েদের পোশাক ছাই রঙের মাঝখানে প্লেটসহ জামা,দুই পকেটে প্লেটসহ ঢাকনা , সেলেজযুক্ত নীল স্কার্ট, বেল্ট, সাদা মোজা, কালো জুতা, ও লাল স্কার্ফ, নেম প্লেট, দল পরিচিতি ব্যাজ, নেমপ্লেট, ব্রাদারহুড ব্যাজ, জাতীয় পতাকার রেপলিকা, অঞ্চল পরিচিতি ব্যাজ, বাংলাদেশ লেখা ব্যাজ ও দড়ি।

**প্র: স্কাউট (ছেলে) পোশাক কেমন?**

উ: ছাইরঙের দুই পকেটে প্লেটসহ ঢাকনাযুক্ত জামা, নীল প্যান্ট, মোজা, কালো জুতা, দলীয় স্কার্ফ, বেল্ট, নীল টুপি, নেম প্লেট, দল পরিচিতি ব্যাজ, ব্রাদারহুড ব্যাজ, জাতীয় পতাকার রেপলিকা, অঞ্চল পরিচিতি ব্যাজ, বাংলাদেশ লেখা ব্যাজ ও দড়ি।



স্কাউট টুপি

**প্র: স্কাউট (মেয়ে) পোশাক কেমন?**

উ: ছাইরঙের লম্বা কামিজ, নীল ওড়না, নীল পায়জামা, মোজা, কালো জুতা, নীল টুপি, দলীয় স্কার্প, নেমপ্লেট, দল পরিচিতি ব্যাজ, ব্রাদারহুড ব্যাজ, জাতীয় পতাকার রেপলিকা, অঞ্চল পরিচিতি ব্যাজ, বাংলাদেশ লেখা ব্যাজ ও দড়ি।

**প্র: রোভার স্কাউট (ছেলে) পোশাক কেমন ?**



স্যাশ পরিধান

উ: ছাইরঙের দুই পকেটে ঢাকনাযুক্ত পেটসহ কাঁধে সোল্ডার জামা, নীল প্যান্ট, মোজা, কালো জুতা, বেল্ট, নীল টুপি, দলীয় স্কার্ফ, মেন প্লেট, দল পরিচিতি ব্যাজ, ব্রাদারহুড ব্যাজ, জাতীয় পতাকার রেপলিকা, অঞ্চল পরিচিতি ব্যাজ, বাংলাদেশ লেখা ব্যাজ ও দড়ি।

**প্র: রোভার স্কাউট (মেয়ে) পোশাক কেমন ?**

উ: ছাইরঙের কামিজ, নীল ওড়না, নীল পায়জামা, মোজা, কালো জুতা, নীল টুপি, দলীয় স্কার্ফ, নেম প্লেট, দল পরিচিতি ব্যাজ, ব্রাদারহুড ব্যাজ, জাতীয় পতাকার রেপলিকা, অঞ্চল পরিচিতি ব্যাজ, বাংলাদেশ লেখা ব্যাজ ও দড়ি।


**প্র: ইউনিট লিডার (পুরুষ) পোশাক কেমন ?**

উ: ছাইরঙের দুই পকেট ঢাকনাযুক্ত প্লেটসহ জামা, নীল প্যান্ট, মোজা, কালো জুতা, বেল্ট,নীল টুপি এবং নির্ধারিত স্কার্ফ, নেম প্লেট, ব্রাদারহুড ব্যাজ, জাতীয় পতাকার রেপলিকা, অঞ্চল পরিচিতি ব্যাজ, ও বাংলাদেশ লেখা ব্যাজ।

**প্র: ইউনিট লিডার (মহিলা) পোশাক কেমন ?**

উ: ছাইরঙের শাড়ী, নীল ব্লাউজ, মোজা, কালো জুতা, নির্ধারিত স্কার্ফ, নেম প্লেট, ব্রাদারহুড ব্যাজ, জাতীয় পতাকার রেপলিকা, অঞ্চল পরিচিতি ব্যাজ ও বাংলাদেশ লেখা ব্যাজ।

**প্র: স্কাউটদের স্কার্ফ কী ?**



ওয়াগল

উ: স্কার্ফ স্কাউটদের নিজস্ব পোশাকের একটি অংশ। যা কাপড়ের তৈরী এবং পরিচিতি বহন করে।

**প্র: একটি পূর্ণাঙ্গ স্কার্ফের মাপ কত ?**

উ: একটি পূর্ণাঙ্গ স্কার্ফের মাপ ভূমি ৫৪ ইঞ্চি এবং দুই পাশের প্রতি পাশ ৩৮ ইঞ্চি।

**প্র: একটি স্কার্ফের কী কী থাকে ?**



ওয়াগল সহ গোছানো স্কার্ফ

উ: একটি স্কার্ফে ১টি বেস বা ভূমি, ২টি প্রান্ত ও ১টি শীর্ষ থাকে।

**প্র: একটি স্কার্ফ দ্বারা কি কি উপকার পাওয়া যায় ?**

উ: একটি স্কার্ফ দ্বারা নিম্নলিখিত উপকারগুলো পাওয়া যায় –

১. ব্যান্ডেজের কাজ করে।
২. রোদে টুপির বিকল্প হিসেবে কাজ করে।
৩. বিপদে সংকেত প্রদানের ফ্লাগ হিসেবে কাজ করে।
৪. কয়েকটি জোড়া দিয়ে দড়ির বিকল্প হিসেবে কাজ করে।

**প্র: স্কাউটদের ওয়াগল কী ?**

উ: স্কাউটদের ওয়াগল হলো স্কার্ফকে পরিপাটি ভাবে ধরে রাখার জন্য একটি বন্ধনী এবং পরিচিতি বহনের চিহ্ন।

**প্র: স্যাশ কাকে বলে ?**

উ: ১২ সেঃমিঃ চওড়া ছাই রঙের নীল বর্ডার বিশিষ্ট একটি লম্বা কাপড়ের টুকরা।

***প্র: স্যাশ কি কাজে লাগে ?***

উ: কাব/স্কাউটদের অর্জিত পারদর্শিতা ব্যাজ পরিধানের জন্য স্যাশ ব্যবহার করা হয়।

***প্র: স্যাশ কিভাবে পরিধান করতে হয় ?***

উ: পোশাকের শার্টের ডান কাধে ঝুলিয়ে দেহের উভয় পাশে ঘুরিয়ে কোমরের বাম পাশে যুক্ত করা হয়।

***প্র: কয়টি পারদর্শিতা ব্যাজের জন্য স্যাশ ব্যবহার করা হয়?***

উ: ১০টির অধিক পারদর্শিতা ব্যাজের জন্য স্যাশ ব্যবহার করা হয়।

## দীক্ষা ও ব্যাজ প্রদান

***প্র: দীক্ষা অনুষ্ঠান কী ?***

উ: স্কাউটিং এর যে কোন শাখায় আনুষ্ঠানিকভাবে একজন নবাগত ছেলে/মেয়েকে গ্রহনের বা সদস্যপদ প্রদানের জন্য যে পদ্ধতিতে প্রতিজ্ঞা পাঠের পর সদস্য ব্যাজ প্রদান করা হয় তাকে দীক্ষা অনুষ্ঠান বলে।

***প্র: কখন দীক্ষা প্রদান করা হয় ?***

উ: একজন নবাগত ছেলে বা মেয়ে স্কাউটিং বিষয়ে তিন মাস কাজ করার পর, যোগ্য বলে বিবেচিত হলে দীক্ষা প্রদান করা হয়।

***প্র: একজন নবাগত কাব স্কাউটকে কে দীক্ষা প্রদান করেন ?***

উ: একজন নবগত কাব স্কাউটকে তার ইউনিট লিডার দীক্ষা প্রদান করেন।

***প্র: কাবদের কোথায় দীক্ষা অনুষ্ঠিত হয় ?***

উ: কাবদের পতাকা দন্ডের সামনে দীক্ষা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।


***প্র: কাব স্কাউটদের দীক্ষা অনুষ্ঠানে কোন পতাকা উত্তোলন করা হয়?***

উ: কাব/স্কাউটদের দীক্ষা অনুষ্ঠানে কাব/স্কাউট দলের পতাকা উত্তোলন করা হয়।

***প্র: দীক্ষা পেতে কাব স্কাউটদের কমপক্ষে কয়টি প্যাক মিটিং—এ অংশগ্রহন করতে হয়?***

উ: দীক্ষা পেতে কাব/স্কাউটদের কমপক্ষে ৪টি প্যাক মিটিং-এ অংশগ্রহন করতে হয়।

***প্র: একজন নবাগত স্কাউটকে কে দীক্ষা প্রদান করেন ?***



দীক্ষা অনুষ্ঠান

উ: একজন নবাগত স্কাউটকে তার ইউনিট লিডার দীক্ষা প্রদান করেন।

***প্র: স্কাউট দীক্ষা অনুষ্ঠানে কোন্ পতাকা উত্তোলন করা হয় ?***

উ: স্কাউট দীক্ষা অনুষ্ঠানে স্কাউট ইউনিটের পতাকা উত্তোলন করা হয়।

***প্র: দীক্ষা অনুষ্ঠানে কে পতাকা ধরে থাকে ?***

উ: দীক্ষা অনুষ্ঠানে সিনিয়র প্যাট্রোল লিডার স্কাউট পতাকা ধরে থাকে।

***প্র: স্কাউটদের কোথায় দীক্ষা অনুষ্ঠিত হয় ?***

উ: স্কাউট পতাকা দন্ডের সামনে স্কাউটদের দীক্ষা অনষ্ঠিত হয়।

***প্র: দীক্ষা অনুষ্ঠানে কে সদস্য ব্যাজ প্রদান করেন ?***

উ: দীক্ষা অনুষ্ঠানে দীক্ষা প্রার্থীর ইউনিট লিডার সদস্য ব্যাজ প্রদান করে।

***প্র: ব্যাজ প্রদান অনুষ্ঠান কী ?***

উ: স্কাউটিং এর যে কোন শাখায় প্রোগ্রাম ভিত্তিক কাজ করার পর একজন ছেলে/মেয়েকে তার যোগ্যতা ভিত্তিক যে ব্যাজ অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হয়, তাকে ব্যাজ প্রদান অনুষ্ঠান বলে।

## ব্যাজ পরিধান

***প্র: ব্যাজ কাকে বলে ?***

উ: কাব/ স্কাউটদের কাজের স্বীকৃতি স্বরূপ প্রোগ্রাম ভিত্তিক যে প্রতীক বা চিহ্ন প্রদান করা হয় তাকে ব্যাজ বলে।



দক্ষতা ব্যাজ পরিধান

***প্র: সদস্য ব্যাজ কোথায় পরিধান করতে হয়?***

উ: স্কাউট পোশাকের বাম বুক পকেটের মাঝখানে সদস্য ব্যাজ পরিধান করতে হয়। (সকল শাখার জন্য একই নিয়ম প্রযোজ্য)

***প্র: কাব / স্কাউটরা কোথায় দক্ষতা ব্যাজ পরিধান করে থাকে ?***

উ: কাব / স্কাউটেরা বাম হাতের কাঁধ থেকে কনুই এর মাঝখান পর্যন্ত দক্ষতা ব্যাজ পরিধান করে থাকে।



পারদর্শিতা ব্যাজ পরিধান

***প্র: কাব / স্কাউটরা কোথায় পারদর্শিতা ব্যাজ পরিধান করে থাকে ?***

উ: কাব / স্কাউটেরা ডান হাতার কাঁধ থেকে কনুই এর মাঝখান পর্যন্ত পারদর্শিতা ব্যাজ পরিধান করে থাকে।

***প্র: ব্রাদারহুড ব্যাজ কী ?***

উ: বিশ্ব স্কাউট সংস্থার মনোগ্রাম খচিত বিশ্ব স্কাউট সংস্থার সদস্য ব্যাজ।




বাংলাদেশ লেখা ব্যাজ

***প্র: ব্রাদারহুড ব্যাজ কোথায় পরিধান করতে হয় ?***

উ: স্কাউট পোশাকের ডান বুক পকেটের মাঝখানে ব্রাদার হুড ব্যাজ পরিধান করতে হয়।

***প্র: জাতীয় পতাকার রেপলিকা কোথায় পরিধান করতে হয় ?***




বাংলাদেশ লেখা ব্যাজ

উ: স্কাউট পোশাকের ডান বুক পকেটের ঢাকনার ২/৩ সে: মি: উপরে জাতীয় পতাকার রেপলিকা পরিধান করতে হয়।

***প্র: বাংলাদেশ লেখা ব্যাজ কোথায় পরিধান করতে হয় ?***

উ: স্কাউট জামার কাঁধে সেলাইয়ের নীচে বাম পাশে বাংলা এবং ডান পাশে ইংরেজীতে বাংলাদেশ লেখা ব্যাজ পরিধান করতে হয়।



অঞ্চল পরিচিতি ব্যাজ

***প্র: অঞ্চল পরিচিতি ব্যাজ কাকে বলে?***

উ: বিভিন্ন অঞ্চলের কৃষ্টি ও সংস্কৃতির উপর ভিত্তি করে নির্মিত ব্যাজকে অঞ্চল পরিচিতি ব্যাজ বলে।

***প্র: অঞ্চল পরিচিতি ব্যাজ কোথায় পরিধান করতে হয় ?***

উ: বাংলাদেশ লেখা ব্যাজের নিচে অঞ্চল পরিচিতি ব্যাজ পরিধান করতে হয়।

***প্র: কাব স্কাউটদের গ্রুপ পরিচিতি ব্যাজ কী ?***



গ্রুপ পরিচিতি ব্যাচ

উ: ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা গ্রুপ নম্বরসহ পরিচিতি ব্যাজকে গ্রুপ পরিচিতি ব্যাজ বলে।

***প্র: স্কাউটদের গ্রুপ পরিচিতি ব্যাজ কী ?***

উ: ডিম্বাকৃতির সবুজ পটভূমিতে সাদা রংয়ে লেখা গ্রুপ নম্বরসহ পরিচিতি ব্যাজকে গ্রুপ পরিচিতি ব্যাজ বলে।


সদস্য ও সমাবেশ ব্যাজ পরিধান

***প্র: গ্রুপ পরিচিতি ব্যাজ কোথায় পরিধান করতে হয় ?***

উ: স্কাউট পোশাকের উভয় হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নিচে গ্রুপ পরিচিতি ব্যাজ সেলাই করে পরিধান করতে হয়।

***প্র: জাম্বুরী, র‍্যালী বা সমাবেশ ব্যাজ কোথায় পরিধান করতে হয় ?***

উ: স্কাউট পোশাকের বাম বুক পকেটের ঢাকনার উপরে জাম্বুরী, র‍্যালী বা সমাবেশ, ব্যাজ সেলাই করে পরতে হয়।

***প্র: ক্যাম্পুরী বা সমাবেশ ব্যাজ কোথায় পরিধান করতে হয় ?***

উ: কাব/স্কাউট পোশাকের বাম বুক পকেটের ঢাকানার উপরে ক্যাম্পুরী বা সমাবেশ ব্যাজ সেলাই করে পরিধান করতে।


ব্রাদার হুড ও জাতীয় পতাকার রেপলিকা ও নেমপ্লেট পরিধান

**প্র: ক্যাম্পুরী বা সমাবেশ ব্যাজ কতদিন পরিধান করতে পারবে?**

উ: কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটগণ ক্যাম্পুরী বা সমাবেশ চলাকালে এবং পরে অনুর্ধ্ব তিন মাস পর্যন্ত ক্যাম্পুরী বা সমাবেশ ব্যাজ পরিধান করা যায়।

***প্র: স্কাউট নয় এমন ব্যক্তিরা কতদিন ক্যাম্পুরী বা সমাবেশ ব্যাজ পরিধান করতে পারবেন ?***

উ: ক্যাম্পুরী বা সমাবেশ সংশ্লিষ্ট ব্যক্তিগণ শুধুমাত্র অনুষ্ঠান চলাকালীন সময় পর্যন্ত ক্যাম্পুরী বা সমাবেশ ব্যাজ পরিধান করতে পারবেন।

***প্র: সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কিম এর জন্য কয়টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে?***

উ: সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কিম এর জন্য সাধারণ শিশুস্বাস্থ্য বিভাগ থেকে ৩টি পারদর্শিতা ব্যাজ এবং সমাজ উন্নয়ন সংক্রান্ত আরো ৪টি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

***প্র: সাধারণ শিশু স্বাস্থ্য পারদর্শিতা ব্যাজগুলি কী কী?***

উ: সাধারণ শিশু স্বাস্থ্য পারদর্শিতা ব্যাজগুলো যথাক্রমেঃ

১। টিকা দান কর্মী ব্যাজ ২। পুষ্টি স্যালাইন ব্যাজ ৩। শিশু স্বাস্থ্য কর্মী ব্যাজ।

***প্র: কোন ব্যাজ অর্জনের পর একজন স্কাউট সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড অর্জনের জন্য কাজ করতে পারবে ?***

উ: একজন স্কাউট স্ট্যান্ডার্ড ব্যাজ অর্জনের পর সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড এর জন্য কাজ করতে পারবে।

## ইউনিট, গ্রুপ, উপজেলা, জেলা, অঞ্চল

***প্র: ইউনিট কাকে বলে ?***

উ: স্কুল বা কোন প্রতিষ্ঠানের একটি কাব/স্কাউট দলকে ইউনিট বলে।

***প্র: একটি কাব স্কাউট ইউনিটে সর্বোচ্চ এবং সর্বনিম্ন কতজন কাব স্কাউট সদস্য থাকে ?***

উ: একটি কাব স্কাউট ইউনিটে সর্বোচ্চ ২৪ জন এবং সর্বনিম্ন ১২ জন কাব স্কাউট সদস্য থাকে।



স্কাউট গ্রুপে যোগদানের আহ্বান

***প্র: কয়টি ষষ্ঠক নিয়ে একটি কাব ইউনিট বা দল গঠিত হয় ?***

উ: ২ থেকে ৪টি ষষ্ঠক নিয়ে একটি কাব ইউনিট বা দল গঠিত হয়।

***প্র: সর্বোচ্চ এবং সর্বনিম্ন কত জন সদস্য নিয়ে একটি স্কাউট ইউনিট বা দল গঠিত হয়?***

উ: সর্বোচ্চ ৩২ জন এবং সর্বনিম্ন ১৬ জন নিয়ে স্কাউট সদস্য নিয়ে একটি স্কাউট ইউনিট গঠিত হয়।

***প্র: কয়টি প্যাট্রোল নিয়ে একটি স্কাউট দল গঠিত হয়?***

উ: ২ থেকে ৪টি প্যাট্রোল নিয়ে একটি স্কাউট দল গঠিত হয়।

***প্র: আকেলা কাকে বলা হয়?***

উ: কাব স্কাউট শিক্ষককে আকেলা বলা হয়।

***প্র: ইউনিট লিডার কাকে বলা হয়?***

উ: কাব/স্কাউট শিক্ষককে ইউনিট লিডার বলা হয়।


গুড টার্ন নট

***প্র: গ্রুপ কাকে বলে?***

উ: এক বা একাধিক ইউনিট নিয়ে গঠিত দলকে গ্রুপ বলে।

***প্র: গ্রুপ কত প্রকার ?***

উ: গ্রুপ সাধারণত ২ প্রকার।

***প্র: গ্রুপ কী কী ?***

উ: গ্রুপগুলি যথাক্রমে ঃ ১. নিয়ন্ত্রিত গ্রুপ; ২. মুক্ত গ্রুপ।

*প্র: নিয়ন্ত্রিত গ্রুপ কাকে বলে?*

উ: অনুমোদিত স্কুল, কলেজ, মাদ্রাসা বা অনুরূপ প্রতিষ্ঠানের দ্বারা কাব, স্কাউট, বয়সী ছেলেমেয়েদেরকে নিয়ে পরিচালিত গ্রুপকে নিয়ন্ত্রিত গ্রুপ বলে।

*প্র: মুক্ত গ্রুপ কাকে বলে?*

উ: বিভিন্ন প্যাড়া, মহল্লা বা এইরূপ অন্য কোন স্থানে বিভিন্ন ব্যক্তি স্কাউট, বয়সী ছেলেমেয়েদেরকে নিয়ে পরিচালিত গ্রুপকে মুক্ত গ্রুপ বলে।

*প্র: গ্রুপ স্কাউট লিডার কাকে বলে ?*

উ: একটি গ্রুপ বা দল পরিচালনার জন্য একের অধিক স্কাউট লিডার বা শিক্ষক থাকলে তাদের মধ্যে সিনিয়র স্কাউট লিডার কে গ্রুপ স্কাউট লিডার বলে।

*প্র: গ্রুপ কমিটি কাকে বলে ?*

উ: গ্রুপ বা দল পরিচালনার জন্য বা নীতি নির্ধারণে প্রতিষ্ঠান প্রধান, স্কাউট লিডার, শিক্ষক বা অভিভাবকদের নিয়ে গঠিত কমিটিকে গ্রুপ কমিটি বলে।

*প্র: গ্রুপ কমিটির সভাপতি কে ?*

উ: যে কোন স্কুল বা প্রতিষ্ঠানের প্রধান গ্রুপ কমিটির সভাপতি হবেন।

*প্র: গ্রুপ কমিটির সম্পাদক কে হবেন ?*

উ: ইউনিট লিডার বা স্কাউট শিক্ষক গ্রুপ কমিটির সম্পাদক হবেন।

*প্র: কতজন সদস্য নিয়ে একটি গ্রুপ কমিটি গঠিত হয় ?*

উ: ৫/৭/৯/১১ জন বেজোড় সংখ্যার সদস্য নিয়ে একটি গ্রুপ কমিটি গঠিত হয়।

*প্র: উপজেলা স্কাউটস এর সভাপতি কে হবেন ?*

উ: উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা স্কাউটস এর সভাপতি হবেন (পদাধিকার বলে)।

*প্র: উপজেলা স্কাউটস এর সম্পাদক কে হবেন ?*

উ: উপজেলা স্কাউটস কাউন্সিল সদস্যদের দ্বারা নির্বাচিত বা মনোনীত ব্যক্তি উপজেলা স্কাউটস সম্পাদক হবেন।

*প্র: জেলা স্কাউটস এর সভাপতি কে হবেন ?*

উ: জেলা প্রশাসক, জেলা স্কাউটস এর সভাপতি হবেন (পদাধিকার বলে)।

*প্র: জেলা স্কাউটস এর সম্পাদক কে হবেন ?*

উ: জেলা স্কাউটস কাউন্সিল সদস্যদের দ্বারা/নির্বাচিত বা মনোনীত ব্যক্তি জেলা স্কাউট সম্পাদক হবেন।

*প্র: আঞ্চলিক স্কাউটস এর সভাপতি কে হবেন ?*

উ: অঞ্চল সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয় আঞ্চলিক স্কাউটস এর সভাপতি হবেন (পদাধিকার বলে)।

*প্র: উপজেলা কাব স্কাউট লিডার এবং স্কাউট লিডার কে হবেন?*

উ: উপজেলা কমিশনার দ্বারা মনোনীত ব্যক্তি বা সুপারিশকৃত কমপক্ষে উডব্যাজধারী ব্যক্তি উপজেলা কাব এবং স্কাউট লিডার হবেন।

*প্র: জেলা কাব স্কাউট এবং স্কাউট লিডার কে হবেন?*

উ: জেলা কমিশনার দ্বারা মনোনীত ব্যক্তি বা সুপারিশকৃত কমপক্ষে উডব্যাজধারী ব্যক্তি জেলা কাব এবং স্কাউট লিডার হবেন।

***প্র: এল, টি কাদের বলা হয় ?***

উ: এল. টি অর্থ-লিডার ট্রেনার। যারা বাংলাদেশ স্কাউটস এর দায়িত্বপ্রাপ্ত ট্রেনিং টিমের সম্মানিত সদস্য।

***প্র: এ, এল, টি কাদের বলা হয় ?***

উ: এ, এল, টি অর্থ-সহকারী লিডার ট্রেনার। যারা বাংলাদেশ স্কাউটস এর দায়িত্বপ্রাপ্ত ট্রেনিং টিমের সম্মানিত সদস্য।

***প্র: কাবডেন বা স্কাউট ডেন কাকে বলে ?***

উ: একটি কাব বা স্কাউট দলের নিজস্ব কার্যালয়কে কাব বা স্কাউট ডেন বলে।

***প্র: ষষ্ঠক বা উপদল (প্যাট্রোল) কর্নার কাকে বলে ?***

উ: একটি কাব বা স্কাউট দলের নিজস্ব কার্যালয় বা কক্ষের চার কোনার চারটি অংশকে এক একটি ষষ্ঠক বা উপদল কর্ণার বলা হয়।

## ইউনিট লিডার

***প্র: ইউনিট লিডার কাকে বলা হয় ?***

উ: স্কাউটিং এর যে কোন শাখার একটি ইউনিটের দায়িত্ব প্রাপ্ত এবং স্কাউট লিডার প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তিকে ইউনিট লিডার বলা হয়।

***প্র: একজন ইউনিট লিডারের কী কী দায়িত্ব ও কর্তব্য ?***

উ: একজন ইউনিট লিডারের দায়িত্ব ও কর্তব্য প্রধানত ঃ

১। সদস্যদের প্রতি দায়িত্ব ও কর্তব্য
২। দলের প্রতি দায়িত্ব ও কর্তব্য
৩। অন্যের প্রতি দায়িত্ব ও কর্তব্য
৪। নিজের প্রতি দায়িত্ব ও কর্তব্য
৫। আন্দোলনের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালন করতে হবে।



ইউনিট লিডার
(পুরুষ)

***প্র: একজন ইউনিট লিডারের কী কী যোগ্যতা থাকতে হবে?***

উ: একজন ইউনিট লিডারের যোগ্যতা প্রধানত ঃ

ক) অবশ্যই বয়স্ক হতে হবে (২০ থেকে ৬৫ বৎসর)
খ) সাফল্যের সাথে বেসিক কোর্স সমাপ্তকারী
গ) স্কাউট আদর্শে বিশ্বাসী
ঘ) ইউনিট লিডারের গুণাবলী সম্পন্ন।

***প্র: একজন ইউনিট লিডারের কী কী গুণাবলী থাকা উচিত?***

উ: একজন ইউনিট লিডারের নিম্নলিখিত গুণবলী থাকা উচিত-

১। স্কাউট অভিজ্ঞ ২। মঙ্গলাকাঙ্খী ৩। সাহসী ও উদ্যমী
৪। পরিকল্পনাকারী ৫। সংস্কারমুক্ত ৬। নেতৃত্বদানকারী বা কর্মতৎপরতা
৭। সৌজন্যবোধ ৮। সদিচ্ছা।

***প্র: ইউনিট লিডারদের জন্য বাংলাদেশ স্কাউটসের ট্রেনিং স্কীমকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে ?***

উ: ইউনিট লিডারদের জন্য বাংলাদেশ স্কাউটসের ট্রেনিং স্কীমকে ৫ টি স্তরে ভাগ করা হয়েছে।



ইউনিট লিডার (মহিলা)

***প্র: ইউনিট লিডারদের ট্রেনিং স্কীমগুলো কি কি ?***

উ: ইউনিট লিডারদের ট্রেনিং স্কীমগুলো যথাক্রমে ঃ

| | | |
|---|---|---|
| ১। অরিয়েন্টেশন কোর্স | – | প্রথম স্তর |
| ২। বেসিক কোর্স | – | দ্বিতীয় স্তর |
| ৩। ইন সার্ভিস ট্রেনিং | – | তৃতীয় স্তর |
| ৪। এ্যাডভান্স কোর্স | – | চতুর্থ স্তর |
| ৫। ইন সার্ভিস ট্রেনিং | – | পঞ্চম স্তর |

***প্র: ইউনিট লিডারদের ট্রেনিংকে কয় ভাগে ভাগ করা হয়েছে ?***

উ: ইউনিট লিডারদের ট্রেনিংকে ২ ভাগে ভাগ করা হয়েছে।

***প্র: ইউনিট লিডারদের ট্রেনিংগুলি কি কি ?***

উ: ইউনিট লিডারদের ট্রেনিংগুলি যথাক্রমে ঃ

১। ফরমাল বা প্রাতিষ্ঠানিক ট্রেনিং ২। ইনফরমাল ট্রেনিং বা অপ্রাতিষ্ঠানিক ট্রেনিং।



উড ব্যাজ চিহ্ন

***প্র: ফরমাল ট্রেনিং বা প্রাতিষ্ঠানিক ট্রেনিং কাকে বলে ?***

উ: কোন নির্দিষ্ট প্রতিষ্ঠানে অবস্থান করে বা প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহনকে ফরমাল ট্রেনিং বা প্রাতিষ্ঠানিক ট্রেনিং বলে।

***প্র: ইনফরমাল ট্রেনিং বা অপ্রাতিষ্ঠানিক ট্রেনিং কাকে বলে ?***

উ: ফরমাল ট্রেনিংয়ের পর দলে কাজ করা এবং অভিজ্ঞ স্কাউটার বা দক্ষ ব্যাক্তির পরামর্শে আত্ত উন্নয়ন ঘটানোর মাধ্যমকে ইনফরমাল ট্রেনিং বা অপ্রাতিষ্ঠানিক ট্রেনিং বলে।



সহকারী লিডার ট্রেনার চিহ্ন

***প্র: একজন ইউনিট লিডার দক্ষতা ও পারদর্শিতা ব্যাজ কোথায় পরিধান করবেন?***

উ: দক্ষতা ও পারদর্শিতা ব্যাজ শুধুমাত্র ছেলেমেয়েদের জন্য বিধায় ইউনিট লিডার পরিধান করতে পারবেন না।

***প্র: দক্ষতা ব্যাজের সাক্ষাতকার কে গ্রহন করতে পারবেন ?***

উ: বিভিন্ন শাখার বেসিক প্রশিক্ষণ প্রাপ্ত ইউনিট লিডার নিজ নিজ শাখার সদস্য এবং পরবর্তী দক্ষতা ব্যাজের সাক্ষাতকার গ্রহন করতে পারবেন।

***প্র: সদস্য ও পরবর্তী উচ্চতর দক্ষতা ব্যাজের সাক্ষাতকার কে গ্রহন করতে পারবেন ?***

উ: সদস্য ও পরবর্তী উচ্চতর দক্ষতা ব্যাজের সাক্ষাতকার যে কোন একজন শাখা ভিত্তিক উডব্যাজধারী স্কাউট লিডার গ্রহন করতে পারবেন।


লিডার ট্রেনার চিহ্ন

***প্র: অ্যাডাল্ট লিডার কাদের বলা হয়?***

উ: ইউনিট লিডার বা বয়স্ক নেতাদের অ্যাডাল্ট লিডার বলা হয়।

***প্র: অ্যাডাল্ট লিডারদের জন্য বিপির লেখা বই এর নাম কী ?***

উ: অ্যাডাল্ট লিডারদের জন্য বিপির লেখা বই এর নাম এইডস টু স্কাউট মাস্টারশীপ।

***প্র: অ্যাডাল্ট লিডারদের জন্য বিপি কত সালে বই লেখেন ?***

উ: ১৯২০ সালে বিপি অ্যাডাল্ট লিডারদের জন্য বই লেখেন।

## ক্যাম্পুরী/জাম্বুরী/মুট/সমাবেশ

***প্র: কাব স্কাউট অভিযান কী ?***

উ: কাব স্কাউট প্রোগ্রাম বাস্তবায়নের জন্য চিহ্ন দেখে অজানার উদ্দেশ্যে যাত্রা।

***প্র: কাব হলিডে কী ?***

উ: কাব স্কাউটদের জন্য একদিনের প্রোগ্রাম বাস্তবায়ন সমাবেশ।

***প্র: কাব ক্যাম্পুরী কী ?***


উ: কাব স্কাউটদের বড় সমাবেশকে (৩ থেকে ৪ দিনের) ক্যাম্পুরী বলে।

***প্র: কাব কার্ণিভাল কাকে বলে ?***

উ: কার্ণিভাল মানে আনন্দ মেলা। কাব কার্ণিভাল কাব স্কাউটদের নিজস্ব আনন্দমেলা

***প্র: ট্রেইল কাকে বলে ?***

উ: কাব স্কাউট অভিযানে ব্যবহৃত দলের রং অনুযায়ী চিহ্ন।


হাইকিং-এ যাত্রা

***প্র: গ্রান্ড ইয়েল কি ?***

উ: অভিবাদন জানাবার জন্য কাব স্কাউটদের নিজস্ব পদ্ধতি।

***প্র: ওয়ান ডে ক্যাম্প কাকে বলে ?***

উ: স্কাউটদের প্রোগ্রাম বাস্তবায়নের জন্য একদিনের মিলিত হওয়াকে ওয়ান ডে ক্যাম্প বলে।

***প্র: বি, পি দিবস কাকে বলে ?***

উ: স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা ব্যাডেন পাওয়েলের জন্ম দিবস পালনকে বি, পি দিবস বলে।

*প্র: পি,এল কোর্স কী ?*

উ: প্যাট্রোল লিডার বা উপদল নেতা প্রশিক্ষণ কোর্সকে পি, এল কোর্স বলে।

*প্র: ষষ্ঠক নেতা কোর্স কী ?*

উ: ষষ্ঠক নেতাদের জন্য প্রশিক্ষণ কোর্সকে ষষ্টক নেতা কোর্স বলে।

*প্র: ব্যাজ কোর্স কাকে বলে ?*

উ: ব্যাজের বিষয় ভিত্তিক কোর্সকে ব্যাজ কোর্স বলে।

*প্র: স্কাউট সমাবেশ কাকে বলে ?*

উ: স্কাউটদের বার্ষিক প্রোগ্রাম বাস্তবায়নের জন্য মিলিত হওয়াকে স্কাউট সমাবেশ বলে।

*প্র: জাম্বুরী কাকে বলে?*

উ: জাতীয় পর্যায়ের স্কাউটদের মহা সমাবেশকে (৭ থেকে ৮ দিনের) জাম্বুরী বলে।

*প্র: জাম্বুরী অন দ্যা ট্রেন কাকে বলে?*

উ: ট্রেনের মধ্যে অনুষ্ঠিত স্কাউটদের জাতীয় পর্যায়ের সমাবেশকে জাম্বুরী অন দ্যা ট্রেন বলে।

*প্র: ইন্টারনেট জাম্বুরী কাকে বলে?*

উ: ইন্টারনেটের মাধ্যমে অনুষ্ঠিত স্কাউটদের সমাবেশকে ইন্টারনেট জাম্বুরী বলে।

*প্র: মুট কাকে বলে?*

উ: রোভার স্কাউটদের সমাবেশকে (৫ থেকে ৬ দিনের) রোভার মুট বলে।

*প্র: কমডেকা কাকে বলে?*

উ: সমাজের বিভিন্ন উন্নয়ন মূলক কাজের অংশগ্রহনের জন্য স্কাউটদের সমাবেশকে কমিউনিটি ডেভেলপমেন্ট ক্যাম্প বা সমাজ উন্নয়ন ক্যাম্প বা কমডেকা বলে।

*প্র: হাইকিং কী?*

উ: হাইকিং অর্থ উদ্দেশ্যমূলক পরিভ্রমণ। স্কাউটদের নির্দিষ্ট চিহ্ন ধরে পায়ে হেঁটে নির্দিষ্ট গন্তব্য পৌছানো।

*প্র: র‍্যাম্বলিং কাকে বলে ?*

উ: রোভার স্কাউটদের একটি প্রোগ্রাম র‍্যামলিং যাকে পরিভ্রমন বলা হয়। এই প্রোগ্রামে ৫দিনে পায়ে হেটে ১৫০ কিঃ মিঃ অথবা সাইকেল যোগে ৫০০ কিঃমিঃ অথবা নৌকা যোগে ২৫০ কিঃমিঃ পরিভ্রমণ করতে হয়।

## অ্যাওয়ার্ড

*প্র: শাপলা কাব অ্যাওয়ার্ড কী ?*

উ: বাংলাদেশের কাব স্কাউটদের সর্বোচ্চ অ্যাওয়ার্ড-শাপলা কাব অ্যাওয়ার্ড।



শাপলা কাব অ্যাওয়ার্ড

*প্র: শাপলা কাব অ্যাওয়ার্ড কে প্রদান করেন ?*

উ: শাপলা কাব অ্যাওয়ার্ড মাননীয় প্রধানমন্ত্রী প্রদান করেন।

***প্র: কত সাল থেকে শাপলা কাব অ্যাওয়ার্ড প্রবর্তন করা হয়?***

উ: ১৯৯৬ সাল থেকে শাপলা কাব অ্যাওয়ার্ড প্রবর্তন করা হয়।

***প্র: শাপলা কাব অ্যাওয়ার্ড কোথায় পরিধান করতে হয়?***

উ: কাব স্কাউট পোশাকের বাম বুক পকেটের ঢাকনার উপরে খালি অংশে শাপলা কাব অ্যাওয়ার্ড পরিধান করতে হয়।



প্রেসিডেন্ট'স্ স্কাউট অ্যাওয়ার্ড

***প্র: স্কাউটদের জন্য কয়টি অ্যাওয়ার্ড চালু আছে?***

উ: স্কাউটদের জন্য দুটি অ্যাওয়ার্ড চালু আছে।

***প্র: স্কাউটদের অ্যাওয়ার্ড গুলো কি কি?***

উ: স্কাউটদের অ্যাওয়ার্ড গুলো যথাক্রমে: ১) প্রেসিডেন্ট'স স্কাউটস অ্যাওয়ার্ড ২) সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড।

***প্র: স্কাউটদের সর্বোচ্চ অ্যাওয়ার্ড এর নাম কী ?***

উ: বাংলাদেশের স্কাউটদের জন্য সর্বোচ্চ অ্যাওয়ার্ড এর নাম প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ।




সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড

***প্র: প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড কে প্রদান করেন ?***

উ: মহামান্য রাষ্ট্রপতি বা প্রেসিডেন্ট- প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড প্রদান করেন।

***প্র: প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড কোথায় পরিধান করতে হয়?***

উ: প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড- অর্জনকারী তার স্কাউট পোশাকের শার্ট বা কামিজের বাম হাতার কুনই ও কাঁধের মাঝখানে সার্ভিস ব্যাজের উপরে পরবে।




প্রেসিডেন্ট'স্ রোভার স্কাউট অ্যাওয়ার্ড

***প্র: রোভার স্কাউটদের জন্য সর্বোচ্চ অ্যাওয়াড এর নাম কি?***


উ: বাংলাদেশের রোভারদের জন্য সর্বোচ্চ অ্যাওয়ার্ড এর নাম প্রোসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড ।

***প্র: প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড কে প্রদান করেন?***

উ: মহামান্য রাষ্ট্রপতি বা প্রেসিডেন্ট- প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদান করেন?

***প্র: সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড কী?***

উ: বাংলাদেশের স্কাউটদের সমাজ উন্নয়ন কাজের স্বীকতিস্বরূপ প্রদেয় অ্যাওয়ার্ডকে সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড বলে।



সিএনসিস অ্যাওয়ার্ড

***প্র: রৌপ্য ব্যঘ্র কী?***

উ: বাংলাদেশের অ্যাডাল্ট স্কাউট লিডারদের জন্য সর্বোচ্চ অ্যাওয়ার্ড-রৌপ্য ব্যাঘ্র।

***প্র: রৌপ্য ইলিশ কী ?***

উ: বাংলাদেশের অ্যাডাল্ট স্কাউট লিডারদের জন্য দ্বিতীয় সর্বোচ্চ অ্যাওয়ার্ড-রৌপ্য ইলিশ ।

***প্র: উডব্যাজ কী?***

উ: স্কাউট লিডারদের একটি ডিগ্রী। বাংলাদেশ স্কাউটস এর ইউনিট লিডারদের জন্য পাঁচ স্তরের প্রশিক্ষণ সম্পন্ন করার স্বীকৃতিস্বরূপ প্রদত্ত ডিগ্রী- উডব্যাজ।

***প্র: উডব্যাজ কিসের তৈরী?***

উ: জুলু প্রধান দিনি জুলু প্রদত্ত মূল কণ্ঠহারের অবিকল নকল দুইটি কাঠের টুকরো।

***প্র: বাংলাদেশ স্কাউটসের এ্যডাল্ট লিডারদের জন্য অ্যাওয়ার্ডের নাম কি?***

উ: বাংলাদেশ স্কাউটসের অ্যাডাল্ট লিডারদের কয়েকটি অ্যাওয়ার্ডের নাম যথাক্রমে :


১. ন্যাশনাল সার্টিফিকেট
২. মেডেল অফ মেরিট
৩. বার টু দা মেডেল অব মেরিট
৪. সি এন সিস অ্যাওয়ার্ড
৫. রৌপ্য ইলিশ
৬. রৌপ্য ব্যাঘ্র
৭. সভাপতি অ্যাওয়ার্ড
৮. গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড
৯. প্রশংসাপত্র
১০. ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড
১১. নম্বর টু দি ন্যাশনার সার্ভিস অ্যাওয়ার্ড
১২. লং সার্ভিস ডেকেরেশন
১৩. লং সার্ভিস অ্যাওয়ার্ড।



সভাপতি অ্যাওয়ার্ড



রৌপ্য ইলিশ



রৌপ্য ব্যঘ্র

***প্র: বাংলাদেশ স্কাউটসের বিভিন্ন অ্যাওয়ার্ড কোথায় পরিধান করতে হয়?***

উ: বাংলাদেশ স্কাউটসের বিভিন্ন অ্যাওয়ার্ড স্কাউট জামার বাম বুক পকেটের ঢাকনার সেলাই এর উপরে নির্দিষ্ট স্থানে পর্যাক্রমে পরিধান করতে হয়।

## ব্যাডেন পাওয়েল

***প্র: বি, পি কে ?***

উ: স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা ব্যাডেন পাওয়েল বা বি, পি।

***প্র: বি, পি'র পূর্ণ নাম কী ?***

উ: রবার্ট ষ্টিফেনশন স্মীথ লড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল।

***প্র: বি,পি কত সালে জন্মগ্রহন করেন ?***

উ: ১৮৫৭ সালের ২২ ফ্রেরুয়ারি বি. পি জন্মগ্রহন করেন।

*প্র: বি,পি কোথায় জন্মগ্রহণ করেন ?*

উ: বি,পি লন্ডনের হাইড পার্কে জন্মগ্রহণ করেন।

*প্র: বি,পি,র বাবার নাম কী ?*

উ: বি,পি,র বাবার নাম প্রফেসর রেভারেন্ট এইচ জি ব্যাডেন পাওয়েল।



ব্যাডেন পাওয়েল

*প্র: বি,পি,র মায়ের নাম কী ?*

উ: বি,পি,র মায়ের নাম হেনরিয়েটা গেসা।

*প্র: বি,পি,র ভাই ও বোন এর সংখ্যা কত ?*

উ: বি,পি,রা ছিলেন সাত ভাই ও বোন।

*প্র: বি,পি,র স্ত্রীর নাম কী ?*

উ: বি,পি,র স্ত্রীর নাম ওলাভ সোয়েমস।

*প্র: বি,পি,র সন্তান এর সংখ্যা কত ?*

উ: বি,পি,র তিনটি সন্তান। এক ছেলে ও দুই মেয়ে।

*প্র: বি,পি,র ছেলে-মেয়েদের নাম কী ?*

উ: বি,পি,র এক ছেলের নাম পিটার এবং মেয়েদের নাম হিতার এবং বেটি।



লেডি ব্যাডেন পাওয়েল

*প্র: কতসালে বি,পি প্রধান স্কাউট হিসেবে ভারতে আসেন ?*

উ: ১৯২১ সালে বিশ্বের প্রধান স্কাউট হিসেবে ভারতে আসেন।

*প্র: বি,পি কতসালে মৃত্যুবরণ করেন ?*

উ: ১৯৪১ সালের ৮ জানুয়ারি বি,পি মৃত্যুবরণ করেন।

*প্র: বি, পি কোথায় মৃত্যুবরণ করেন ?*

উ: কেনিয়ার নাইরোবিতে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন।

*প্র: বি, পি কতসালে মেয়েদের জন্য গার্ল গাইড প্রবর্তন করেন ?*

উ: ১৯১০ সালে গার্ল গাইড প্রবর্তন করেন।

*প্র: কত সালে রোভারিং প্রবর্তন করেন ?*

উ: ১৯১৮ সালে রোভারিং প্রবর্তন করেন।

*প্র: প্রতিবন্ধীদের জন্য কত সালে স্কাউটিং প্রবর্তিত হয় ?*

উ: ১৯২৬ সালে প্রতিবন্ধিদের জন্য স্কাউটিং প্রবর্তন করেন।



পরিবারের সাথে বিপি

*প্র: কত সালে গ্রুপ স্কাউট পদ্ধতি প্রবর্তিত হয় ?*

উ: ১৯২৭ সালে গ্রুপ স্কাউট পদ্ধতি প্রবর্তিত হয়।

*প্র: বি,পি কতসালে এবং কতদিন ম্যাফেকিং যুদ্ধে অবরুদ্ধ ছিলেন ?*

উ: বি,পি ১৮৯৯-১৯০০ সালের ২১৭ দিন ম্যাফেকিং যুদ্ধে অবরুদ্ধ ছিলেন।

## প্রথম কয়েকটি বিষয়

***প্র: বিশ্বের প্রধান স্কাউটের নাম কি ?***

উ: বিশ্বের প্রধান স্কাউটের নাম ব্যাডেন প্যাওয়েল।

***প্র: প্রথম কতজন সদস্য নিয়ে স্কাউটিং শুরু হয় ?***

উ: মাত্র ২০ জন সদস্য নিয়ে স্কাউটিং শুরু হয়।

***প্র: প্রথম ক্যাম্প কতদিন স্থায়ী হয়েছিল ?***

উ: প্রথম ক্যাম্প ১৯০৭ সালের ২৯ আগস্ট থেকে ৮ সেপ্টেম্বর পর্যন্ত ১০ দিন স্থায়ী হয়েছিল।



বিশ্বের প্রথম চীফ স্কাউট

***প্র: বিশ্বের প্রথম ক্যাম্প কী কী উপদলে ভাগ করা হয়েছিল?***

উ: বিশ্বের প্রথম ক্যাম্প—চখা, দাঁড়কাক, ষাঁড়, নেকড়ে এই চারটি উপদলে ভাগ করা হয়েছিল

***প্র: বিশ্বের প্রথম ও প্রধান স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের নাম কী ?***

উ: বিশ্বের প্রথম ও প্রধান স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র ইংল্যান্ডের গিলওয়েল পার্ক।



বাংলাদেশের প্রথম চীফ স্কাউট

***প্র: বিশ্বের প্রথম স্কাউট সংগ্রহের কাজে বি,পি–কে কারা সাহায্য করেন ?***

উ: বিশ্বের প্রথম স্কাউট সংগ্রহের কাজে বি,পি-কে সাহায্য করেন এইচ রবসন ও জি, ডব্লিউ গ্রীণ নামক দুইজন ব্যাক্তি।

***প্র: প্রথম পরীক্ষামূলক ক্যাম্প পরিচালনা কাজে বি,পি–কে কারা সাহায্য করেন?***

উ: পরীক্ষামূলক ক্যাম্প পরিচালনা কাজে বি,পি–কে পি, ডব্লিউ এভারেস্ট ও মেজর কেনথ মেকলায়েন সাহায্য করেন।



বাংলাদেশ স্কাউটস এর প্রথম সভাপতি

***প্র: কত সালে এবং কোথায় প্রথম স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয় ?***

উ: ১৯২০ সালের ইংল্যান্ডের অলিম্পিয়াতে প্রথম স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়।

***প্র: কত সালে এবং কোথায় সর্বভারতীয় স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয় ?***

উ: ১৯৩৭ সালে নয়া দিল্লীতে সর্বভারতীয় স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়।

***প্র: কাদের প্রচেষ্টায় ইস্ট বেঙ্গল বয় স্কাউট এসোসিয়েশন গড়ে ওঠে ?***

উ: জনাব সলিমুল্লাহ ফাহমী. এ, এফ, এম, আব্দুল হক ফরিদী, এইচ, জি, এম, বিভার, ওয়াকিল আহমেদ আব্বাসী, মিঃ ভি, সি, প্রিন্সসহ স্কাউট নেতৃবৃন্দের প্রচেষ্টায় গড়ে ওঠে।

***প্র: বিদেশের কোন সমাবেশে প্রথম একজন বাঙালী স্কাউট যোগদান করেন?***

উ: ১৯৪৯ সালে নরওয়েতে অনুষ্ঠিত ৪র্থ রোভার মুটে প্রথম একজন বাঙালী স্কাউট যোগদান করে।

*প্র: বাংলাদেশের প্রথম চীফ স্কাউট কে ?*

উ: বাংলাদেশের প্রথম চীফ স্কাউট বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান।



বাংলাদেশের প্রথম জাতীয় কমিশনার

*প্র: বাংলাদেশ স্কাউটসের প্রথম সভাপতি কে ?*

উ: বাংলাদেশ স্কাউটসের প্রথম সভাপতি জনাব তাজউদ্দিন আহম্মেদ।

*প্র: বাংলাদেশ স্কাউটসের প্রথম জাতীয় কমিশনার কে ?*

উ: বাংলাদেশ স্কাউটসের প্রথম জাতীয় কমিশনার জনাব পি. এ. নাজির।



বাংলাদেশের প্রথম পি.আর.এস

*প্র: বাংলাদেশ স্কাউটসের প্রথম রাষ্ট্রপতি রোভার স্কাউট কে?*

উ: বাংলাদেশ স্কাউটসের প্রথম রাষ্ট্রপতি রোভার স্কাউট জনাব মোঃ আবুল কালাম আজাদ।

*প্র: বাংলাদেশের প্রথম কোন্ ব্যক্তি বিশ্ব স্কাউট কমিটির সদস্য মনোনীত হন ?*

উ: বাংলাদেশের জনাব মোঃ হাবিবুল আলম বীর প্রতীক প্রথম বিশ্ব স্কাউট কমিটির সদস্য মনোনীত হন।

*প্র: বিপির লেখা স্কাউটিং ফর বয়েজ্ বইটি কে প্রথম বাংলায় অনুবাদ করেন?*

উ: মরহুম এম ওয়াজেদ আলী বিপির লেখা স্কাউটিং ফর বয়েজ বইটি প্রথম বাংলায় অনুবাদ করেন।



প্রথম জাতীয় কাব ক্যাম্পুরীর মনোগ্রাম

*প্র: বাংলায় অনুবাদকৃত স্কাউটিং ফর বয়েজ বইটির কী নাম করন করা হয় ?*

উ: স্কাউটিং ফর বয়েজ বইটির বাংলায় নামকরণ করা হয় বালকদের স্কাউট শিক্ষা।

*প্র: বিপির লেখা উলফ কাব হ্যান্ড-বুক বইটি কে প্রথম বাংলায় অনুবাদ করেন?*

উ: জনাব তরিকুল আলম বিপির লেখা উলফ কাব হ্যান্ডবুক বইটি প্রথম বাংলায় অনুবাদ করেন।

*প্র: বাংলায় অনুবাদকৃত উলফ কাব হ্যান্ড-বুক বইটির কী নামকরন করা হয়?*

উ: উলফ কাব হ্যান্ডবুক বইটির বাংলায় নাম করণ করা হয় কাব স্কাউট শিক্ষা।

*প্র: বিপির লেখা স্কাউটদের জন্য স্তর ভিত্তিক বইগুলির নাম কী ?*

উ: বিপির লেখা স্কাউটদের জন্য স্তরভিত্তিক বইগুলির নাম টেন্ড[illegible], সেকেন্ড ক্লাস, ফাস্ট ক্লাস ইত্যাদি।

*প্র: স্কাউটদের জন্য বিপির লেখা স্তরভিত্তিক বাংলা অনুবাদকৃত বইগুলির নাম কী?*

উ: স্কাউটদের জন্য বিপির লেখা স্তরভিত্তিক বাংলা অনুবাদকৃত বইগুলির নাম কচি কদম, দ্বিতীয় কদম, দৃপ্ত কদম।

*প্র: বাংলাদেশ স্কাউটস এর প্রথম প্রকাশিত গঠনতন্ত্রের নাম কী?*

উ: বাংলাদেশ স্কাউটস এর প্রথম প্রকাশিত গঠনতন্ত্রের নাম বাংলাদেশ স্কাউট সমিতি।

**প্র: বাংলাদেশ স্কাউটস এর প্রথম গঠনতন্ত্র কত সালে প্রকাশিত হয়?**

উ: বাংলাদেশ স্কাউটস এর প্রথম গঠনতন্ত্র ১৯৭৫ সালে প্রকাশিত হয়।

**প্র: কত সালে বাংলাদেশ স্কাউটস এর গঠনতন্ত্র সংশোধনের মাধ্যমে বর্তমান নামকরণ করা হয়?**

উ: ১৯৮৪ সালে বাংলাদেশ স্কাউটস এর গঠনতন্ত্র সংশোধনের মাধ্যমে বর্তমান নাম করন 'গঠন ও নিয়ম'করা হয়

প্রথম জাতীয় স্কাউট জাম্বুরী এর মনোগ্রাম

**প্র: বাংলাদেশের প্রথম জাতীয় স্কাউট সমাবেশ কোথায় অনুষ্ঠিত হয়?**

উ: ১৯৭৪ সালে পুলেরহাট, যশোরে বাংলাদেশের প্রথম জাতীয় স্কাউট সমাবেশ অনুষ্ঠিত হয়।

**প্র: বাংলাদেশে কত সালে এবং কোথায় প্রথম জাতীয় কাব কাম্পুরী অনুষ্ঠিত হয়?**

উ: ১৯৭৭ সালে ঢাকার খিলগাঁওয়ে বাংলাদেশের প্রথম জাতীয় কাব কাম্পুরী অনুষ্ঠিত হয়।

**প্র: বাংলাদেশে কত সালে এবং কোথায় প্রথম জাতীয় স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়?**

প্রথম জাতীয় রোভার মুট এর মনোগ্রাম

উ: ১৯৭৮ সালে ঢাকার মৌচাকে বাংলাদেশের প্রথম জাতীয় স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়।

**প্র: বাংলাদেশে কত সালে এবং কোথায় প্রথম রোভার মুট অনুষ্ঠিত হয়?**

উ: ১৯৭৮ সালে ঢাকার মৌচাকে প্রথম জাতীয় রোভার মুট অনুষ্ঠিত হয়।

**প্র: বাংলাদেশে কত সালে এবং কোথায় প্রথম কমডেকা অনুষ্ঠিত হয়?**

প্রথম সানসো স্কাউট জাম্বুরী এর মনোগ্রাম

উ: ১৯৯৪ সালে ঢাকার বাহাদুরপুরে প্রথম জাতীয় কমডেকা অনুষ্ঠিত হয়।

**প্র: বাংলাদেশে কতসালে এবং কোথায় ১ম সানসো স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়?**

উ: ২০১৪ সালের ৪ থেকে ১১ এপ্রিল গাজীপুর মৌচাকে ১ম সানসো স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়।

**প্র: আসাম বাংলায় কত সালে প্রথম স্কাউট আন্দোলন শুরু হয়?**

উ: আসাম বাংলায় ১৯১৪ সালে প্রথম স্কাউট আন্দোলন শুরু হয়।

প্রথম জাতীয় কমিউনিটি বেইজড স্কাউট ক্যাম্প এর মনোগ্রাম

**প্র: বাংলায় কোন প্রতিষ্ঠানে প্রথম স্কাউট দল খোলা হয়?**

উ: বাংলায় ঢাকার সেন্ট গ্রেগরী হাই স্কুলে প্রথম স্কাউট দল খোলা হয়।

**প্র: বাংলায় প্রথম স্কাউট দল সেন্ট গ্রেগরী হাই স্কুলের স্কাউট দলের ইউনিট লিডার হিসেবে কে দায়িত্ব পালন করেন?**

উ: বাংলায় প্রথম স্কাউট দল সেন্ট গ্রেগরী হাই স্কুল স্কাউট দলের ইউনিট লিডার হিসেবে স্কাউটার নিকোলাস ডি রোজারিও দায়িত্ব পালন করেন।

বাংলাদেশে স্কাউটিং এর শতবর্ষ এর মনোগ্রাম

**প্র: বাংলাদেশে কত সালে এবং কোথায় প্রথম জাতীয় কমিউনিটি বেইজড স্কাউট ক্যাম্প অনুষ্ঠিত হয়?**

উ: প্রথম জাতীয় কমিউনিটি বেইজড স্কাউট ক্যাম্প ১০-১৫ সেপ্টেম্বর ২০১৫ গাজীপুর মৌচাক এ অনুষ্ঠিত হয়।

**প্র: কবে থেকে বাংলাদেশে স্কাউটিং চালু হয় বা শুরু হয় ?**

উ: ১৯৭২ সালের ৯ এপ্রিল থেকে বাংলাদেশে স্কাউটিং চালু বা শুরু হয়।

**প্র: বাংলাদেশ কত সালে বিশ্ব স্কাউট সংস্থার স্বীকৃতি লাভ করে?**

উ: ১৯৭৪ সালের ১ জুন বিশ্ব স্কাউট সংস্থা বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে।

**প্র: বাংলাদেশ স্কাউটস প্রথমে বিশ্ব স্কাউট সংস্থা থেকে কী নামে স্বীকৃতি লাভ করে?**

উ: বাংলাদেশ স্কাউট প্রথমে বিশ্ব স্কাউট সংস্থা থেকে '' বাংলাদেশ বয় স্কাউট সমিতি'' নামে স্বীকৃতি লাভ করে।

**প্র: বাংলাদেশ বয় স্কাউট সমিতির প্রধান কার্যালয় কোথায় অবস্থিত ছিল ?**

উ: বাংলাদেশ বয় স্কাউট সমিতির প্রধান কর্যালয় ছিল ৬৭/ক পুরানা পল্টন, ঢাকা। এই ঠিকানায় যা বর্তমান বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর পূর্ব কোণে।

**প্র: কত সালে " বাংলাদেশ বয় স্কাউট সমিতি" এর নাম পরিবর্তন করে "বাংলাদেশ স্কাউটস" করা হয় ?**

উ: ১৯৭৮ সালের ১৮ জুন বাংলাদেশ বয় স্কাউট সমিতি এর নাম পরিবতন করে বাংলাদেশ স্কাউটস রাখা হয়।

বাংলাদেশ স্কাউটস মনোগ্রাম

**প্র: বাংলাদেশ স্কাউটস বিশ্বস্কাউট সংস্থার কত তম সদস্য ?**

উ: বাংলাদেশ স্কাউটস বিশ্বস্কাউট সংস্থার ১০৫তম সদস্য।

**প্র: বিশ্ব স্কাউটস এ বাংলাদেশের বর্তমান স্থান কত (সংখ্যাগত দিক)?**

উ: বিশ্ব স্কাউটস এ বাংলাদেশের বর্তমান অবস্থান পঞ্চম (সদস্য সংখ্যার দিক থেকে)

**প্র: কত সালে বাংলাদেশে মেয়েদের জন্য গার্ল-ইন স্কাউটিং শুরু হয় ?**

উ: ১৯৯৪ সালে বাংলাদেশে মেয়েদের জন্য গার্ল-ইন স্কাউটিং শুরু হয়।

**প্র: বাংলাদেশ স্কাউটস এর সাংগঠনিক কাঠামো কেমন?**

উ: বাংলাদেশ স্কাউটস এর সাংগঠনিক কাঠামো নিম্নরূপ:

**বাংলাদেশ স্কাউটস**–জাতীয় কাউন্সিল–জাতীয় নির্বাহী কমিটি–জাতীয় সদর দফতর

**আঞ্চলিক স্কাউটস**–আঞ্চলিক কাউন্সিল–আঞ্চলিক নির্বাহী কমিটি–আঞ্চলিক কার্যালয়।

**জেলা স্কাউটস**–জেলা কাউন্সিল–জেলা নির্বাহী কমিটি–জেলা স্কাউটস কার্যালয়।

**উপজেলা স্কাউটস**–উপজেলা কাউন্সিল–উপজেলা নির্বাহী কমিটি–উপজেলা স্কাউটস কার্যালয়।

**স্কাউট গ্রুপ**–গ্রুপ স্কাউটস কাউন্সিল–গ্রুপ স্কাউটস কমিটি–গ্রুপ স্কাউটারস কাউন্সিল।

**কাব স্কাউট/ স্কাউট/রোভার স্কাউট ইউনিট**–ইউনিট লিডার, সহকারী ইউনিট লিডার–উপদল নেতা পরিষদ, উপদল পরিষদ, উপদল নেতা, সহকারী উপদল নেতা, সদস্য।

**প্র: বাংলাদেশ স্কাউটসের বর্তমান জাতীয় সদর দফদর কোথায় অবস্থিত ?**

উ: ৬০, আনজুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকায় অবস্থিত।

**প্র: বর্তমানে বাংলাদেশ স্কাউটসের কয়টি বিভাগ কাজ করছে ?**

উ: বর্তমানে বাংলাদেশ স্কাউটসের মোট ২২টি বিভাগ কাজ করছে।

***প্র: বাংলাদেশ স্কাউটসের বিভাগগুলি কী কী ?***

উ: বর্তমানে বাংলাদেশ স্কাউটসের বিভাগগুলি যথাক্রমেঃ-
১) সংগঠন ২) প্রোগ্রাম ৩) প্রশিক্ষণ ৪) সমাজ উন্নয়ন ৫) আন্তর্জাতিক ৬) গবেষণা ও মূল্যায়ন ৭) জনসংযোগ ও মার্কেটিং ৮) বিধি ৯) গার্ল ইন স্কাউটিং ১০) এ্যাডাল্ট রিসোর্স ১১) সমাজ উন্নয়ন ১২) এক্সটেনশন স্কাউটিং ১৩) ফাউন্ডেশন ১৪) আইসিটি ১৫) প্রকল্প ১৬) ভূ-সম্পত্তি ১৭) অডিট ও আর্থিক ব্যবস্থাপনা ১৮) স্পেশার ইভেন্ট ১৯) মেম্বারশীপ গ্রোথ ২০) মেম্বারশীপ রেজিস্ট্রেশন ২১) প্রকাশনা ২২) স্বাস্থ্য

***প্র: বাংলাদেশ স্কাউটসকে কয়টি অঞ্চলে ভাগ করা হয়েছে ?***

উ: বাংলাদেশ স্কাউটসকে ১৩ টি অঞ্চলে ভাগ করা হয়েছে।

***প্র: বাংলাদেশ স্কাউটসের অঞ্চলগুলোর নাম কি ?***

উ: বাংলাদেশ স্কাউটসের অঞ্চলগুলো যথাক্রমে– ১। ঢাকা অঞ্চল ২। চট্টগ্রাম অঞ্চল ৩। রাজশাহী অঞ্চল ৪। খুলনা অঞ্চল ৫। বরিশাল অঞ্চল ৬। সিলেট অঞ্চল ৭। কুমিল্লা অঞ্চল ৮। দিনাজপুর অঞ্চল ৯। ময়মনসিংহ অঞ্চল ১০। রোভার অঞ্চল ১১। রেলওয়ে অঞ্চল ১২। এয়ার অঞ্চল ১৩। নৌঅঞ্চল


পি এ নাজির

***প্র: বাংলাদেশ স্কাউটসকে কয়টি জেলায় ভাগ করা হয়েছে ?***

উ: বাংলাদেশ স্কাউটসকে ১৫৩টি জেলায় ভাগ করা হয়েছে। (রোভার, রেলওয়ে,নৌ,এয়ার,মেট্রোপলিটনসহ)

***প্র: বাংলাদেশ স্কাউটসকে কয়টি উপজেলায় ভাগ করা হয়েছে ?***

উ: বাংলাদেশ স্কাউটসকে ৪৮৩টি উপজেলায় ভাগ করা হয়েছে।

***প্র: বাংলাদেশ স্কাউটসের জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র কোথায় অবস্থিত ?***

উ: গাজীপুর জেলার মৌচাকে বাংলাদেশ স্কাউটসের জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র অবস্থিত।


নুরুলিসলাম শামস

***প্র: বাংলাদেশ স্কাউটসের দ্বিতীয় বৃহত্তম প্রশিক্ষণ কেন্দ্র কোনটি ?***

উ: বাংলাদেশ স্কাউটসের দ্বিতীয় বৃহত্তম প্রশিক্ষণ কেন্দ্র পুলেরহাট, যশোর।

***প্র: বাংলাদেশ স্কাউটস এর কতটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে?***

উ: বাংলাদেশ স্কাউটস এর ১০টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে।

***প্র: বাংলাদেশ স্কাউটস এর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রগুলো কী কী ঃ***

উ: বাংলাদেশ স্কাউটস এর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রগুলো যথাক্রমে ঃ

| | | |
|---|---|---|
| ১. ঢাকা অঞ্চল | ময়মনসিংহ | মুক্তাগাছা |
| ২. খুলনা অঞ্চল | যশোর | পুলেরহাট |
| ৩. কুমিল্লা অঞ্চল | কুমিলা | লালমাই |
| ৪. রাজশাহী অঞ্চল | রাজশাহী | নওদাপাড়া |
| ৫. রাজশাহী অঞ্চল | বগুড়া | নওদাপাড়া |
| ৬. বরিশাল অঞ্চল | বরিশাল | রুপাতলী |
| ৭. সিলেট অঞ্চল | সিলেট | লক্ষনাবন্দ |
| ৮. চট্টগ্রাম অঞ্চল | পটিয়া | দৌলতপুর |
| ৯. দিনাজপুর অঞ্চল | ১০ মাইল | ১০ মাইল |
| ১০.রোভার অঞ্চল | গাজীপুর | বাহাদুরপুর |


মনযুর-উল-করীম

***প্র: বাংলাদেশের চীফ স্কাউট কে হবেন ?***

উ: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি বা প্রেসিডেন্ট বাংলাদেশের চীফ স্কাউট।

*প্র: বাংলাদেশ স্কাউটসের সভাপতি কে হবেন ?*

উ: বাংলাদেশ স্কাউটসের সভাপতি হবেন জাতীয় কাউন্সিলরদের মাধ্যমে নির্বাচিত একজন স্কাউট ব্যক্তিত্ব।

*প্র: বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার কে হবেন ?*

উ: বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার হবেন জাতীয় কাউন্সিলরদের মাধ্যমে নির্বাচিত একজন স্কাউট ব্যক্তিত্ব।



মুহঃ ফজলুর রহমান

*প্র: বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার কতজন ?*

উ: বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার ১৫ জন।

*প্র: বাংলাদেশ স্কাউটসের জাতীয় উপ-কমিশনার কতজন ?*

উ: বাংলাদেশ স্কাউটসের জাতীয় উপকমিশনার ৩০ জন।

*প্র: বাংলাদেশ স্কাউটসের নির্বাহী পরিচালক কে হবেন ?*

উ: বাংলাদেশ স্কাউটসের নির্বাহী পরিচালক হবেন সার্বক্ষণিক কর্মকর্তাদের মধ্যে জৈষ্ঠ্য একজন কর্মকর্তা।

*প্র: বাংলাদেশ স্কাউটসে কতজন প্রধান জাতীয় কমিশনারের দায়িত্ব পালন করেছেন ?*

উ: বাংলাদেশ স্কাউটসে এ যাবত ছয়জন প্রধান জাতীয় কমিশনারের দায়িত্ব পালন করেছেন।

*প্র: বাংলাদেশ স্কাউটস দায়িত্ব পালনকারী প্রধান জাতীয় কমিশনারবৃন্দের নাম কি ?*

উ: বাংলাদেশ স্কাউটসে দায়িত্ব পালনকারী প্রধান জাতীয় কমিশনারবৃন্দ হলেন (১) জনাব পি.এ নাজির (২) জনাব নুরুলিসলাম শামস (৩) জনাব মনযুর উল করীম (৪) মুহঃ ফজলুর রহমান (৫) জনাব মোঃ আবুল কালাম আজাদ (৬) ড. মোঃ মোজাম্মেল হক খান

*প্র: সর্বশেষ বাংলাদেশ স্কাউটসের কোন ব্যক্তিত্ব ব্রোঞ্জ উলফ পদক লাভ করেন?*

উ: জনাব মোঃ হাবিবুল আলম বীর প্রতীক।



মোঃ আবুল কালাম আজাদ

*প্র: বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ অ্যাওয়ার্ডের নাম কি ?*

উ: বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ অ্যাওয়ার্ড '' রৌপ্য ব্যাঘ্র''।

*প্র: বাংলাদেশে কতটি এপিআর জাম্বুরী অনুষ্ঠিত হয়েছে ?*

উ: বাংলাদেশে ২টি এপিআর জাম্বুরী হয়েছে। (১৯৯৪ সাল পর্যন্ত)

*প্র: বাংলাদেশে কতটি জাতীয় স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়েছে ?*

উ: বাংলাদেশে ৯টি জাতীয় স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়েছে। (২০১৪ সাল পর্যন্ত)

*প্র: বাংলাদেশে কতটি জাতীয় কাব কাম্পুরী অনুষ্ঠিত হয়েছে ?*

উ: বাংলাদেশে ৮টি জাতীয় কাব কাম্পুরী অনুষ্ঠিত হয়েছে। (২০১৬ সাল পর্যন্ত)

*প্র: বাংলাদেশে কতটি জাতীয় রোভার মুট অনুষ্ঠিত হয়েছে ?*

উ: বাংলাদেশে ১০টি জাতীয় রোভার মুট অনুষ্ঠিত হয়েছে।



ড. মোঃ মোজাম্মেল হক খান

*প্র: বাংলাদেশে কয়টি কমডেকা অনুষ্ঠিত হয়েছে ?*

উ: বাংলাদেশে ৫টি কমডেকা অনুষ্ঠিত হয়েছে।

*প্র: বাংলাদেশে কয়টি ইন্টারন্যাশনাল কমডেকা অনুষ্ঠিত হয়েছে ?*

উ: বাংলাদেশে ১টি কমডেকা অনুষ্ঠিত হয়েছে।

*প্র: বাংলাদেশে কয়টি জাম্বুরী অন দ্যা ট্রেন অনুষ্ঠিত হয়েছে ?*

উ: বাংলাদেশে ১টি জাম্বুরী অন দ্যা ট্রেন অনুষ্ঠিত হয়েছে।

**প্র: বাংলাদেশ স্কাউটসের একমাত্র মাসিক পত্রিকা বা মুখপত্রের নাম কি ?**
উ: বাংলাদেশ স্কাউটসের একমাত্র মাসিক পত্রিকা বা মুখপত্রের নাম 'অগ্রদূত'।

**প্র: কত সালে বাংলাদেশ স্কাউটসের প্রশিক্ষণ ম্যানুয়াল প্রকাশিত হয়?**
উ: ১৯৮১ সালে বাংলাদেশ স্কাউটসের প্রশিক্ষণ ম্যানুয়াল প্রকাশিত হয়।

**প্র: কত সালে বাংলাদেশ স্কাউটসের ট্রেনার্স হ্যান্ড বুক প্রকাশিত হয়?**
উ: ২০০৩ সালে বাংলাদেশ স্কাউটসের ট্রেনার্স হ্যান্ড বুক প্রকাশিত হয়।

**প্র: স্কাউট আন্দোলনের শতবর্ষ পূর্তি উদযাপন করা হয় কোন সালে?**
উ: স্কাউট আন্দোলনের শতবর্ষ পূর্তি উদযাপন করা হয় ২০০৭ সালে।

**প্র: স্কাউট আন্দোলনের শতবর্ষ উদযাপন কর্মসূচিতে শতবর্ষ সূর্যোদয় উদযাপিত হয় কোন তারিখে ?**
উ: স্কাউট আন্দোলনের শতবর্ষ উদযাপন কর্মসূচিতে শতবর্ষ সূর্যোদয় উদযাপিত হয় ২০০৭ সালের ১ আগস্ট তারিখে।


মোঃ হাবিবুল আলম বীর প্রতীক

**প্র: বাংলাদেশের সকল উপজেলার একযোগে প্রথম স্বাস্থ্য ক্যাম্পের আওতায় পিএল কোর্স কোন তারিখে অনুষ্ঠিত হয়?**
উ: বাংলাদেশের সকল উপজেলার একযোগে প্রথম স্বাস্থ্য ক্যাম্পের আওতায় পিএল কোর্স অনুষ্ঠিত হয় ২০০৯ সালের মার্চ মাসে।


**প্র: বাংলাদেশের সকল উপজেলার একযোগে প্রথম বিদ্যুৎ ক্যাম্পের আওতায় পিএল কোর্স কখন অনুষ্ঠিত হয় ?**
উ: বাংলাদেশের সকল উপজেলার একযোগে প্রথম বিদ্যুৎ ক্যাম্পের আওতায় পিএল কোর্স অনুষ্ঠিত হয় ১৮ থেকে ২১ ডিসেম্বর ২০১১ তারিখে।

**প্র: ২০১২ সালে বাংলাদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রোগ্রামের নাম কি?**
উ: ২০১২সালে বাংলাদেশে অনুষ্ঠিত আন্তজার্তিক প্রোগ্রামের নাম এশিয়া প্যাসেফিক রিজিওনাল স্কাউট কনফারেন্স।

## বিশ্ব স্কাউটস সংস্থা

**প্র: বিশ্ব স্কাউটস সংস্থা কী ?**
উ: স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা কর্তৃক নির্ধারিত উদ্দেশ্য, মূলনীতি ও পদ্ধতিতে পরিচালিত শিশু, কিশোর ও যুবদের জন্য একটি স্বেচ্ছাসেবী, অরাজনৈতিক ও শিক্ষামূলক আন্দোলন এর বিশ্বব্যাপী নিয়ন্ত্রণকারী সংস্থা।

**প্র: বিশ্ব স্কাউট সংস্থা কি ভাবে গঠিত হয় ?**
উ: স্কাউট আন্দোলনের সদস্যভূক্ত দেশ সমূহের নির্বাচিত সদস্যদের নিয়ে বিশ্ব স্কাউট সংস্থা গঠিত হয়।


বিশ্ব স্কাউট সংস্থার মনোগ্রাম

**প্র: বিশ্ব স্কাউট সংস্থা কত সালে প্রতিষ্ঠা লাভ করে?**
উ: ১৯২০ সালে বিশ্ব স্কাউট সংস্থা প্রতিষ্ঠা লাভ করে।

**প্র: বিশ্ব স্কাউট সংস্থার সদস্য দেশের সংখ্যা কত ?**
উ: বিশ্ব স্কাউট সংস্থার সদস্য দেশের সংখ্যা ১৬১টি।

***প্র: বিশ্ব স্কাউট সংস্থার সাংগাঠনিক কাঠামো কী?***

উ: বিশ্ব স্কাউট সংস্থার সাংগাঠনিক কাঠামো যথাক্রমে :

ক. ওয়ার্ল্ড স্কাউট কন্‌ফারেন্স

খ. ওয়াল্ড স্কাউট কমিটি

গ. ওয়াল্ড স্কাউট ব্যুরো

এশিয়া প্যাসিফিক
আঞ্চলিক স্কাউট মনোগ্রাম

***প্র: ওয়াল্ড স্কাউট কন্‌ফারেন্স কী?***

উ: স্কাউট আন্দোলনের সদস্যভুক্ত দেশ সমূহের জাতীয় স্কাউট সংগঠনের নির্বাচিত ৬ জন সদস্যের সমন্বয়ে গঠিত কনফারেন্স কে ওয়াল্ড স্কাউট কন্‌ফারেন্স বলে।

***প্র: ওয়াল্ড স্কাউট কন্‌ফারেন্স এর কাজ কী?***

উ: ওয়াল্ড স্কাউট কন্‌ফারেন্স এর কাজ হলো বিশ্ব স্কাউট সংস্থার নীতি নির্ধারণ এবং প্রোগ্রাম প্রনয়ণ করা।

***প্র: ওয়াল্ড স্কাউট কমিটি কী?***

উ: ওয়াল্ড স্কাউট কমিটি বিশ্ব স্কাউট সংস্থার নির্বাহী অংগ। ওয়াল্ড স্কাউট কন্‌ফারেন্স এর গৃহিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য গঠিত কমিটিকে ওয়াল্ড স্কাউট কমিটি বলে।

***প্র: ওয়াল্ড স্কাউট কমিটির সদস্য সংখ্যা কত?***

উ: ওয়াল্ড স্কাউট কমিটির সদস্য সংখ্যা মোট ১৪ জন্য। একজন সেক্রেটারী, একজন ট্রেজারার এবং ১২ জন সদস্য নির্বাচনের মাধ্যমে কমিটি গঠিত হয়।

***প্র: ওয়াল্ড স্কাউট কমিটির মেয়াদ কত?***

উ: ওয়াল্ড স্কাউট কমিটির মেয়াদ ০৬ বছর। প্রতি ত্রৈবার্ষিক অধিবেশনে ০৬ জন সদস্য অবসর গ্রহণ করেন এবং পুনঃনির্বাচনের মাধ্যমে শুন্য পদে সদস্য নিয়োগ করা হয়।

***প্র: ওয়াল্ড স্কাউট ব্যুরো কী?***

উ: ওয়াল্ড স্কাউট ব্যুরো হচ্ছে বিশ্ব স্কাউট সংস্থার সচিবালয় যা বিশ্ব স্কাউট কমিটি এবং বিশ্ব স্কাউট কন্‌ফারেন্সের নির্বাহী বাহু স্বরুপ

***প্র: ওয়াল্ড স্কাউট ব্যুরোর প্রধান সদর দফতর কোথায় অবস্থিত?***

উ: ওয়াল্ড স্কাউট ব্যুরোর প্রধান সদর দফতর মালেশিয়ার কুয়ালালামপুরে অবস্থিত।

প্র: বর্তমান ওয়ার্ল্ড স্কাউট সাপোর্ট সেন্টার কোন দেশে অবস্থিত?

উ: বর্তমান ওয়াল্ড স্কাউট সাপোর্ট সেন্টার সুইজারল্যান্ড এর জেনেভায় অবস্থিত

***প্র: ওয়াল্ড স্কাউট ব্যুরোর প্রধান প্রশাসনিক অফিসার কে?***

উ: বিশ্ব স্কাউট সংস্থার সেক্রেটারী জেনারেলই ওয়াল্ড স্কাউট ব্যুরোর প্রধান প্রশাসনিক অফিসার।

***প্র: বিশ্ব স্কাউট সংস্থার বর্তমান সেক্রেটারী জেনারেল এর নাম কী?***

উ: বিশ্ব স্কাউট সংস্থার বর্তমান সেক্রেটারী জেনারেল এর নাম জনাব আহম্মেদ আল হেন ডাই

***প্র: বিশ্ব স্কাউট সংস্থার বর্তমান চেয়ারম্যান এর নাম কী?***

উ: বিশ্ব স্কাউট সংস্থার বতমার্ন চেয়ারম্যান এর নাম মিঃ জোয়াও আরমাঙ্গো গলক্যানভেস।

বাংলাদেশ স্কাউটস
মনোগ্রাম

*প্র: বিশ্ব স্কাউট সংস্থাকে কয়টি অঞ্চলে ভাগ করা হয়েছে ?*

উ: বিশ্ব স্কাউট সংস্থাকে ৬টি অঞ্চলে ভাগ করা হয়েছে।

*প্র: বিশ্ব স্কাউট সংস্থার অঞ্চলগুলোর নাম কি ?*

উ: বিশ্ব স্কাউট সংস্থার অঞ্চলগুলো যথাক্রমে ঃ ১। আফ্রিকা অঞ্চল ২। আরব অঞ্চল ৩। ইউরোপ অঞ্চল ৪। এশিয়া প্যাসিফিক অঞ্চল ৫। আমেরিকা অঞ্চল ৬। ইউরেশিয়া অঞ্চল।




স্কাউট আন্দোলনের শতবর্ষ ব্যাজ

*প্র: বাংলাদেশ কোন স্কাউট অঞ্চলের সদস্য দেশ ?*

উ: বাংলাদেশ এশিয়া প্যাসিফিক স্কাউট অঞ্চলের সদস্য দেশ।

*প্র: এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদর দফতর কোথায় অবস্থিত ?*

উ: ফিলিপাইনের মাকাতি শহরে এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদর দফতর অবস্থিত।

*প্র: এশিয়া প্যাসিফিক অঞ্চলের রিজিওনাল ডাইরেক্টর–এর নাম কি?*

উ: মিঃ জোস রিজাল পালগিলিয়ান

*প্র: এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদর দফতরে একজন বাঙালী স্কাউট লিডার সার্বক্ষণিক কাজ করেছেন, তার নাম কি ?*

উ: জনাব মোঃ গোলাম সাত্তার।

*প্র: বাংলাদেশের দুজন ব্যক্তি এশিয়া প্যাসিফিক অঞ্চলের সভাপতির দায়িত্ব পালন করেছেন, তাদের নাম কি ?*

উ: জনাব মোহাম্মদ আবু হেনা ও জনাব মনযূর-উল করীম।




কাবিং এর শতবর্ষ ব্যাজ

*প্র: বিশ্ব স্কাউট সংস্থার সর্বোচ্চ অ্যাওয়ার্ডের নাম কি ?*

উ: বিশ্ব স্কাউট সংস্থার সর্বোচ্চ অ্যাওয়ার্ডের নাম ব্রোঞ্জ উলফ।

*প্র: বাংলাদেশ স্কাউটসের যে সকল স্কাউট ব্যক্তিত্ব বিশ্ব স্কাউট সংস্থার অ্যাওয়ার্ড অর্জন করেছেন তাদের নাম কী ?*

উ: জনাব মনযূর-উল করীম, জনাব মোহাম্মদ আবু হেনা জনাব মোঃ সাইফুল ইসলাম খান, জনাব মোঃ হাবিবুল আলম বীর প্রতীক।

*প্র: এশিয়া প্যাসিফিক অঞ্চলের প্রশিক্ষণ কেন্দ্র কোথায় অবস্থিত ?*

উ: দক্ষিণ কোরিয়ায়।

*প্র: বিশ্ব স্কাউট সংস্থার অঞ্চলসমুহের সদর দফতর কোথায় অবস্থিত ?*

উ: বিশ্ব স্কাউট সংস্থার অঞ্চলসমুহের সদর দফতর এবং দেশগুলি–

| | | | | |
|---|---|---|---|---|
| ১. এশিয়া প্যাসিফিক অঞ্চল | - | ফিলিপাইন | - | মাকাতি |
| ২. ইউরোপ অঞ্চল | - | সুইজারল্যান্ড | - | জেনেভা |
| ৩. ইউরেশিয়া অঞ্চল | - | ইউক্রেইন | - | ইয়ালটা |
| ৪. আফ্রিকা অঞ্চল | - | কেনিয়া | - | নাইরোবী |
| ৫. আরব অঞ্চল | - | মিশর | - | কায়রো |
| ৬. ইন্টার আমেরিকা অঞ্চল | - | চিলি | - | সান্টিয়াগো |

***প্র: এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদস্য দেশের সংখ্যা কত ?***

উ: এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদস্য দেশের সংখ্যা প্রধান ২৬টি এবং সহযোগী ১২টি মোট ৩২টি।

***প্র: এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদস্য দেশগুলো কী কী?***

উ: এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদস্য দেশগুলো হলো- বাংলাদেশ, অস্ট্রেলিয়া, ব্রুনেই, হংকং, ভারত, ইন্দোনেশিয়া, ফিজি, ভুটান, কম্পোডিয়া, মায়ানমার জাপান, নিউজিল্যান্ড, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া, নেপাল, পাকিস্তান পাপুয়া নিউগিনি, ফিলিপাইন, সিংগাপুর, শ্রীলংকা, থাইল্যান্ড, মালদ্বীপ, কিরিবাতি, মংগোলিয়া, ম্যাকাও, (সহযোগী সদস্য ১২টি দেশ– ফ্রেন্স পলিনেশিয়া, আফগানিস্তান, ইস্ট তাইমোর, চায়না, ইরান, নাইরো, সামোয়া, স্যালমন দীপপুঞ্জ, টোংগা, টুভালু, ভানুয়াতু, ভিয়েতনাম)

***প্র: এশিয়া প্যাসিফিক রিজিয়ন প্রথমে কী নামে প্রতিষ্ঠা লাভ করে ?***

উ: এশিয়া প্যাসিফিক রিজিয়ন প্রথমে ফারইস্ট রিজিয়ন নামে প্রতিষ্ঠা লাভ করে।

***প্র: এশিয়া প্যাসিফিক রিজিয়ন কত সালে প্রতিষ্ঠা লাভ করে ?***

উ: এশিয়া প্যাসিফিক রিজিয়ন ১৯৫৬ সালে ১০টি সদস্য দেশ নিয়ে প্রতিষ্ঠা লাভ করে।

***প্র: ২২তম বিশ্ব স্কাউট জাম্বুরী কোথায় অনুষ্ঠিত হয় ?***

উ: সুইডেন।

***প্র: ২৩তম বিশ্ব স্কাউট জাম্বুরী কোথায় অনুষ্ঠিত হয়?***

উ: জাপানে।

***প্র: ২৩তম বিশ্ব স্কাউট জাম্বুরী কত সালে অনুষ্ঠিত হয়?***

উ: ২৩তম বিশ্ব স্কাউট জাম্বুরী ২০১৫ সালে অনুষ্ঠিত হয়।

***প্র: ২৩তম বিশ্ব স্কাউট জাম্বুরীতে বাংলাদেশ থেকে কতজন সদস্য অংশগ্রহণ করে?***

উ: ২৩ তম বিশ্ব স্কাউট জাম্বুরী বাংলাদেশ থেকে ৪৩৬ জন স্কাউট সদস্য অংশগ্রহণ করে।




বিপির লেখা- স্কাউটিং ফর বয়েজ বই

***প্র: কত বছর পর পর বিশ্ব স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয় ?***

উ: ৪ বছর পর পর বিশ্ব স্কাউট জাম্বুরী অনুষ্ঠিত হয়।

***প্র: ২৪ তম বিশ্ব স্কাউট জাম্বুরী কোথায় অনুষ্ঠিত হবে?***

উ: ২৪ তম বিশ্ব স্কাউট জাম্বুরী তিনটি দেশের সমন্বয়ে অনুষ্ঠিত হবে। দেশগুলি আমেরিকা, ক্যানাডা এবং ম্যাক্সিকো।

***প্র: ২৪ তম বিশ্ব স্কাউট জাম্বুরী কত সালে অনুষ্ঠিত হবে?***

উ: ২৪ তম বিশ্ব স্কাউট জাম্বুরী ২০১৯ সালে অনুষ্ঠিত হবে।

## জাতিসংঘ

***প্র: জাতিসংঘ কি ?***

উ: জাতিসংঘ হলো বিশ্বব্যাপী শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠার লক্ষ্যে প্রতিষ্ঠিত বিশ্ব সংস্থা।

***প্র: জাতিসংঘ কত সালে প্রতিষ্ঠা লাভ করে ?***

উ: জাতিসংঘ ১৯৪৫ সালে ২৪ অক্টোম্বর প্রতিষ্ঠা লাভ করে।

***প্র: জাতি সংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত?***

উ: জাতি সংঘের সদর দপ্তর অবস্থিত আমেরিকার নিউইয়র্ক শহরে।

***প্র: জাতিসংঘের অঙ্গ সংগঠন কয়টি ?***

উ: জাতিসংঘের অঙ্গ সংগঠন ছয়টি।

***প্র: জাতিসংঘের অঙ্গ সংগঠনগুলি কি কি ?***

উ: জাতি সংঘের অঙ্গ সংগঠনগুলি যথাক্রমে :
১) সাধারণ পরিষদ ২) নিরাপত্তা পরিষদ ৩) অর্থনৈতিক ও সামাজিক পরিষদ
৪) অছি পরিষদ ৫) সচিবালয় ৬) আন্তর্জাতিক আদালত

***প্র: বর্তমান বিশ্বে কয়টি দেশ জাতিসংঘের সদস্য ?***

উ: বর্তমান বিশ্বে ১৯৩টি দেশ জাতিসংঘের সদস্য ।

***প্র: বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে কত সালে ?***

উ: বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে ১৯৭৪ সালে।


***প্র: বাংলাদেশ জাতিসংঘের কত তম সদস্য ?***

উ: বাংলাদেশ জাতিসংঘের ১৬৩ তম সদস্য।

## প্রাথমিক প্রতিবিধান

***প্র: প্রাথমিক প্রতিবিধান কী ?***

উ: কোন ব্যক্তি দুর্ঘটনায় পতিত হলে ডাক্তারের কাছে নেওয়ার পূর্বমুহূর্ত পর্যন্ত রোগীকে সুস্থ রাখার জন্য যে কাজ করা হয় তাকে প্রাথমিক প্রতিবিধান বলে।



ত্রিকোণী বা ট্রাইঙ্গুলার ব্যান্ডেজ

***প্র: প্রাথমিক প্রতিবিধানকারী কে ?***

উ: যিনি রোগীকে প্রাথমিক প্রতিবিধান প্রদান করেন তাকে প্রাথমিক প্রতিবিধানকারী বলা হয়।

***প্র: প্রাথমিক প্রতিবিধানকারীর প্রধান কাজ কয়টি?***

উ: প্রাথমিক প্রতিবিধানকারীর কাজ প্রধানত তিনটি।


চওড়া বা ব্রড ব্যান্ডেজ

***প্র: প্রাথমিক প্রতিবিধানকারীর কাজগুলো কি কী ?***

উ: প্রাথমিক প্রতিবিধানকারীর কাজগুলো যথাক্রমে:
D = Diagonosis বা রোগ নির্ণয়,
T = Treatment বা চিকিৎসা,
R = Remove বা স্থানান্তর


সরু বা ন্যারো ব্যান্ডেজ

***প্র: প্রাথমিক প্রতিবিধানের উপকরণ কী কী ?***

উ: প্রাথমিক প্রতিবিধানের উপকরণগুলি যথাক্রমে :
১। ড্রেসিং ২। লিন্ট ৩। প্যাড ৪। স্পিলিন্ট
৫। ব্যান্ডেজ ইত্যাদি।

*প্র: ব্যান্ডেজ কাকে বলে ?*

উ: ক্ষত স্থানে লিন্ট, প্যাড দিয়ে যে পট্টি বাঁধা বা আবরণ দেওয়া হয় তাকে ব্যান্ডেজ বলে।


মাথার খুলি ব্যান্ডেজ

*প্র: ব্যান্ডেজ সাধারণত কত প্রকার ও কী কী ?*

উ: ব্যান্ডেজ সাধারণত দুই প্রকার। যথাঃ ১) রোলার ২) ত্রিকোণী ব্যান্ডেজ।

*প্র: একটি ত্রিকোণী ব্যান্ডেজের কী কী থাকে ?*

উ: একটি ত্রিকোণী ব্যান্ডেজের ১টি ভূমি, ২টি পার্শ্ব ও ১টি শীর্ষ থাকে।


সিলিং

*প্র: একটি ত্রিকোণী ব্যান্ডেজের মাপ কত ?*

উ: একটি ত্রিকোণী ব্যান্ডেজের মাপ ভূমি ৫৪ ইঞ্চি এবং দুই পার্শ্ব প্রতি পার্শ্ব ৩৮ ইঞ্চি করে।

*প্র: ড্রেসিং কাকে বলে ?*

উ: কোন ক্ষতস্থানে জীবাণুমুক্ত ও পরিস্কার রাখার প্রক্রিয়াকে ড্রেসিং বলে।

*প্র: লিন্ট কাকে বলে ?*

উ: ক্ষতস্থানে লাগাবার জন্য ঔষধযুক্ত ও জীবানুমুক্ত একখন্ড কাপড়কে লিন্ট বলে।


হাঁটুর ব্যান্ডেজ

*প্র: প্যাড কাকে বলে ?*

উ: ব্যান্ডেজের নিচে তুলা বা অন্য কোন নরম কাপড় দ্বারা আরাম অনুভবের জন্য যা ব্যবহার করা হয় তাকে প্যাড বলে।

*প্র: স্পিলিন্ট কী ?*

উ: শরীরের হাড় ভেঙ্গে গেলে জোড়া লাগার জন্য ব্যান্ডেজের নিচে যে চটা বা পাতলা কাঠ ব্যবহার করা হয় তাকে স্পিলিন্ট বলে।


পায়ের পাতা ব্যান্ডেজ

*প্র: টুর্ণিকেট কী ?*

উ: সাপে কাটার পর ক্ষতস্থানের নিচে এবং উপরে বাঁধন দেওয়া হয়। এই বাঁধন মজবুত করার জন্য একটি ছোট কাঠি বা লাঠি ব্যবহার করা হয় সেটাই টুর্ণিকেট।

*প্র: সিলিং মানে কী ?*

উ: সাধারণ অর্থে সিলিং মানে ঝুলানো। হাড় ভেঙ্গে গেলে যে পদ্ধতিতে জোড়া লাগানোর জন্য ঝুলানো হয়, সেটাই সিলিং।


সাপে কাটার পর বাঁধন

*প্র: কয়েকটি সিলিং এর নাম উলেখ কর।*

উ: কয়েকটি সিলিং এর নাম যথাক্রমে ঃ (১) লার্জ আর্ম সিলিং (২) স্মল আর্ম সিলিং (৩) কলার এন্ড কাফ সিলিং (৪) ট্রাঙ্গুলার সিলিং ইত্যাদি।

*প্র: কৃত্রিম শ্বাস-প্রশ্বাস প্রদানের পদ্ধতির নাম কি?*

উ: কৃত্রিম শ্বাস-প্রশ্বাস প্রদান পদ্ধতি যথা- (১) মুখ থেকে মুখ পদ্ধতি (২) মুখ থেকে নাক পদ্ধতি (৩) সিলভেস্টার পদ্ধতি (৪) শেফার পদ্ধতি (৫) হলজার নেলসন পদ্ধতি।

***প্র: কয়েকটি অস্থি ভঙ্গের নাম কী?***

উ: কয়েকটি অস্থি ভঙ্গের নাম যথা– (১) সরল অস্থি ভঙ্গি (২) মিশ্র অস্থি ভঙ্গি (৩) জটিল অস্থি ভঙ্গি (৪) বহু ভঙ্গ (৫) সংবিদ্ধ অস্থি ভঙ্গি (৬) গ্রীনস্টিক (৭) ডিপ্রেসড ইত্যাদি।


রোগী বহন পদ্ধতি

***প্র: কয়েক প্রকার ক্ষত এর নাম লিখ?***

উ: কয়েক প্রকার ক্ষত এর নাম যথা– (১) কাটা জনিত ক্ষত (২) ছিন্নভিন্ন ক্ষত (৩) পিষ্ট ক্ষত (৪) বিদ্ধ ক্ষত ইত্যাদি।

***প্র: স্কাউটদের কাছের ব্যান্ডেজ কোনটি?***

উ: স্কার্ফ স্কাউটদের সবচেয়ে কাছের ব্যান্ডেজ।

***প্র: শিশুদের ছয়টি মারাত্মক রোগের নাম কী?***

উ: শিশুদের ছয়টি মারাত্মক রোগের নাম যথাক্রমেঃ (১) ডিপথেরিয়া (২) হুপিংকাশি (৩) ধনুষ্টংকার (৪) হাম (৫) পোলিও (৬) যক্ষা।

***প্র: কয়েকটি রোগী বহন পদ্ধতির নাম লিখ?***


উ: কয়েকটি রোগী বহন পদ্ধতির নাম যথা– (১) ক্রেডেল পদ্ধতি (২) হিউম্যান ক্র্যাচ পদ্ধতি (৩) পিক এ ব্যাক পদ্ধতি (৪) ফায়ারম্যান্স লিফট এন্ড ক্যারি পদ্ধতি (৫) ফোর হ্যান্ড গ্রীফ পদ্ধতি (৬) টু হ্যান্ড গ্রীফ পদ্ধতি (৭) দি ফোর এন্ড এফট পদ্ধতি ইত্যাদি।


কৃত্রিম শ্বাস-প্রশ্বাস প্রচলন পদ্ধতি

## দড়ির কাজ বা নটিং—ল্যাশিং

***প্র: একটি স্কাউট দড়ির মাপ কত?***

উ: ১ সেঃ মিঃ ব্যাস বিশিষ্ট ২.৭৫ মিটার লম্বা সুতা/পাট/শন বা নাইলনের দড়িকে স্কাউট দড়ি বলে।


ব্রাইট

***প্র: স্কাউটদের কোমরে বেল্টের হুকের সাথে যে দড়ি ঝুলিয়ে রাখা হয় তার সাধারণ দৈর্ঘ্য কত?***

উ: স্কাউট বা কোমরে বেল্টের হুকের সাথে যে দড়ি ঝুলিয়ে রাখা হয় তার সাধারণ দৈর্ঘ্য ২.৭৫ মিটার।


লুপ

***প্র: নটিং কাকে বলে?***

উ: কাব, স্কাউটরা দড়ি দিয়ে যে গেরো ব্যবহার করে তাকে নটিং বলে।

***প্র: ল্যাশিং কাকে বলে?***

উ: বাঁশ বা ডালপালার সাহায্যে গ্যাজেট তৈরির জন্য যে প্যাঁচ ব্যবহার করা হয় তাকে ল্যাশিং বলে।


টার্ন

***প্র: দড়ি সাধারণত কত প্রকার কী কী?***

উ: দড়ি সাধারণত ৩ প্রকার। যথাঃ ১. হসার লেড রোপ, ২. শ্রাউড লেড রোপ ৩. ক্যাবল লেড রোপ।

**প্র: হসার লেড রোপ কাকে বলে ?**

উ: তিন প্যাচ বা গুণ ওয়ালা দড়িকে হসার লেড রোপ বলে। এটি বামদিক থেকে ডান দিকে পেঁচিয়ে তৈরী করা হয়।



রাউন্ড

**প্র: শ্রাউড লেড রোপ কাকে বলে ?**

উ: পাঁচগুণ বা প্যাচ ওয়ালা দড়িকে শ্রাউড লেড রোপ বলে। এটি বাম দিক থেকে ডান দিকে পেঁচিয়ে তৈরী করা হয়। তৈরির সময় একটি লুপ মাঝখানে রেখে অন্য চারটি ঐ গুনের উপর দিকে বাম দিক থেকে প্যাঁচানো থাকে।

**প্র: ক্যাবল লেড রোপ কাকে বলে ?**

উ: এটি তিন প্যাঁচ বা গুনওয়ালা তিনটি হুসার লেইড রোপ দিয়ে তৈরী দড়িকে ক্যাবল লেড রোপ বলে।



রাউন্ড টার্ন

**প্র: দড়ি গুছিয়ে রাখার নিয়ম কয়টি ও কী কী ?**

উ: দড়ি গুছিয়ে রাখার নিয়ম দুইটি।
যথা – ১. হাতে এবং ২. মাটিতে।

**প্র: একটি দড়ির কয়টি অংশ এবং কী কী ?**

উ: একটি দড়ির দুইটি অংশ। যথা – ১. চলমান অংশ বা প্রান্ত ২. স্থির অংশ বা প্রান্ত

**প্র: চলমান অংশ বা প্রান্ত কাকে বলে ?**

উ: যে অংশ বা প্রান্ত দ্বারা কাজ করা হয় তাকে চলমান অংশ বা প্রান্ত বলে।

**প্র: স্থির অংশ বা প্রান্ত কাকে বলে ?**

উ: যে অংশ বা প্রান্ত দ্বারা কাজ করা হয় না তাকে স্থির অংশ বা প্রান্ত বলে।



হুইপিং

**প্র: বাইট কাকে বলে ?**

উ: দড়ি চলতে চলতে কোথাও বাঁকা অথবা অর্ধবৃত্ত হয়ে যায় অথবা দড়ির এক প্রান্ত অন্য অংশের পাশাপাশি রেখে যদি লুপ তৈরীর মতো মনে হয় তখন তাকে বাইট বলে।

**প্র: টার্ন কাকে বলে ?**

উ: কোনো দড়ি দিয়ে একটি খুঁটিতে যদি একটি প্যাঁচ দেয়া হয় তাকে টার্ন বলে।

**প্র: রাউন্ড কাকে বলে ?**

উ: কোনো দড়ি দিয়ে যদি একটি খুঁটিতে একটি পূর্ণ প্যাঁচ দেয়া হয় তখন তাকে রাউন্ড বলে।



রিপ নট

**প্র: রাউন্ড টার্ন কাকে বলে ?**

উ: কোন একটি খুঁটিতে যদি দড়ির চলমান প্রান্ত দিয়ে একবার রাউন্ড এবং টার্ন দেয়া হয় তখন তাকে রাউন্ড টার্ন বলে।

**প্র: লুপ কাকে বলে ?**

উ: দড়ির এক প্রান্তকে মূল দড়ির উপর রাখলে যে বৃত্তের মতো অংশ সৃষ্টি হয় তাকে লুপ বলে।

***প্র: হুইপিং কাকে বলে ?***

উ: দড়ির মুখ খুলে গিয়ে তন্তু ছড়িয়ে পরে ব্যবহারের অনুপযোগী যাতে না হয় সে জন্য দড়ির মুখে সরু সুতা দিয়ে বেঁধে রাখা কে হুইপিং বলে।



শীট বেন্ড

***প্র: হুইপিং কত প্রকার ?***

উ: হুইপিং তিন প্রকার।

***প্র: হুইপিংগুলি কী কী ?***

উ: হুইপিংগুলি যথাক্রমেঃ– ১. কমন হুইপিং ২. ওয়েস্ট ক্যান্ট্রি হুইপিং ৩. সেইল মেকার্স হুইপিং।



বোলাইন

***প্র: ফ্রাপিং কাকে বলে ?***


উ: ল্যাশিং টাইট বা শক্ত করার জন্য গেরোর মাঝখানে প্যাঁচানো হয়। এই প্যাঁচানোকে ফ্রাপিং বলে।

**প্র: Knot *(নট) কাকে বলে ?***

উ: একটি দড়ির সাথে অন্য একটি দড়ি বা অন্যকিছুর সাথে যে পূর্ণাঙ্গ গেরো দেওয়া হয় তাকে Knot (নট) বলে।

**প্র: Hiche *(হিচ) কাকে বলে ?***

উ: একটি দড়ি দিয়ে অন্য একটি খুঁটি বা অন্য কোন দ্রব্যের সাহায্য নিয়ে যে গেরো দেয়া হয় তাকে **Hiche** (হিচ) বলে।



টিম্বার হিচ

***প্র: গ্যাজেট কাকে বলে ?***

উ: তাঁবুতে বসবাসের সময় বিভিন্ন জিনিস পত্র গুছিয়ে রাখার জন্য বাঁশ, চটা বা ডালপালা দ্বারা যে আসবাব পত্র তৈরী করা হয় গ্যাজেট বলে।

***প্র: গুড টার্ন নট কী ?***


উ: গুড টার্ন মানে ভালো কাজ। গুড টার্ন নট মানে যে কোনো কাব/স্কাউটকে একটি ভালো কাজ করার কথা মনে করিয়ে দেওয়ার জন্য গেরো যা স্কার্ফে দিতে হয়।



রাউন্ড টার্ন এন্ড টু হাফ হিচেস

***প্র: একজন কাব স্কাউট হিসেবে সর্বপ্রথমে কয়টি গেরো জানতে হয় ?***

উ: একজন কাব স্কাউট হিসেবে সর্বপ্রথমে ছয়টি গেরো জানতে হয়।




ক্লোভ হিচ

***প্র: প্রাথমিক ছয়টি গেরোর নাম কী ?***

উ: ছয়টি গেরো। যথাঃ ১. রিফনট বা ডাক্তারী গেরো ২. ক্লোভ হীচ বা বঁড়শী গেরো ৩. শীট ব্যান্ড বা পাল গেরো ৪. বোলাইন বা জীবন রক্ষা গেরো ৫. টিম্বার হিচ বা গুঁড়ি টানা গেরো ৬. রাউন্ড টার্ন এন্ড টু হাফ হিচেস বা তাঁবু গেরো।

**প্র: অন্যান্য কয়েকটি গেরোর নাম উল্লেখ কর।**

উ: অন্যান্য কয়েকটি গেরোর নাম যথা– (১) শীপ শ্যাঙ্ক (২) ডগ শ্যাঙ্ক (৩) ক্যাটস শ্যাঙ্ক (৪) ফ্যায়ারম্যানস চেয়ার নট (৫) রোলিং হিচ (৬) ম্যানহারনেস নট (৭) ডায়মন্ড নট (৮) স্কাফোল্ড হিচ (৯) ক্যাটস-প (১০) ফিসারম্যানস নট ইত্যাদি।



শীপ শ্যাঙ্ক

**প্র: সাধারণ ব্যবহৃত ল্যাশিং কয়টি ?**


উ: সাধারণ ব্যবহৃত ল্যাশিং তিনটি।

**প্র: সাধারণ ব্যবহৃত ল্যাশিংগুলি কী কী ?**

উ: সাধারণ ব্যবহৃত ল্যাশিংগুলি যথাক্রমেঃ– ১. ডায়গোনাল ল্যাশিং ২.স্কয়ার ল্যাশিং, ৩. শেয়ার ল্যাশিং।

**প্র: অন্যান্য কয়েকটি ল্যাশিং এর নাম উল্লেখ কর।**

উ: অন্যান্য কয়েকটি ল্যাশিং এর নাম যথা– (১) পোল এন্ড শেয়ার ল্যাশিং (২) ওয়েস্ট ক্যান্ট্রি ল্যাশিং (৩) স্কাফোল্ড ল্যাশিং (৪) টুর্নিকেট ল্যাশিং (৫) ফিলিপিনো ল্যাশিং (৬) ফিগার অব এইট ল্যাশিং (৭) সেইল মেকার্স ল্যাশিং (৮) জাপানীস ল্যাশিং।



ফিশার ম্যান নট

**প্র: একটি ট্রাসেল পার্ট তৈরী করতে কয়টি ল্যাশিং লাগে ?**

উ: একটি ট্রাসেল পার্ট তৈরী করতে ৯টি ল্যাশিং লাগে।

**প্র: একটি ট্রাসেল পার্টে কি কি ল্যাসিং লাগে ?**

উ: একটি ট্রাসেল পার্টে ৮টি স্কয়ার ল্যাশিং এবং ১টি ডায়াগোনাল ল্যাশিং লাগে।

**প্র: ট্রাসেল পার্ট তৈরীতে কয়টি দড়ি লাগে ?**

উ: ট্রাসেল পার্ট তৈরীতে ৯টি দড়ি লাগে।



দড়ি গুছিয়ে রাখা

**প্র: একটি ট্রাসেল পার্ট তৈরীতে কয়টি বাঁশের প্রয়োজন?**

উ: একটি ট্রাসেল পার্ট তৈরীতে ৬টি বাঁশের প্রয়োজন।

**প্র: দড়ির মাথা বা মুখ বাঁধতে বা পেচাতে কোন গেরো ব্যবহার করা হয় ?**

উ: দড়ি পেচানো বা দড়ির মুখ বাঁধতে হুইপিং ব্যবহার করা হয়।

**প্র: পতাকা উত্তোলনের জন্য কোন গেরো ব্যবহার করা হয় ?**

উ: পতাকা উত্তোলনের জন্য পতাকার সাথে দড়িতে পাল গেরো বা শীট ব্যান্ড এবং দন্ডে বড়শী গেরো বা ক্লোভহিচ ব্যবহার করা হয়।



স্কয়ার ল্যাশিং

**প্র: ব্যান্ডেজ বাঁধার জন্য কোন গেরো ব্যবহার করা হয় ?**

উ: ব্যান্ডেজ বাঁধার জন্য ডাক্তারী গেরো বা রিফনট ব্যবহার করা হয়।

**প্র: তাঁবুর খুঁটিতে কোন গেরো ব্যবহার করা হয় ?**

উ: তাঁবুর খুঁটিতে তাঁবু গেরো বা ওয়ান রাউন্ড এন্ড টু হাফ হিচেস গেরো ব্যবহার করা হয়।

প্র: তাঁবুর পেগের সাথে তাঁবুর গাইলাইন বা গাইরোপ বাঁধার জন্য কোন্ গেরো ব্যবহার করা হয় ?

উ: তাঁবুর পেগের সাথে তাঁবুর গাইলাইন বা গাইরোপ বাঁধার জন্য তাঁবুর গেরো বা ওয়ান রাউন্ড টার্ণ এন্ড টু হাফ হিচেস ব্যবহার করা হয়।



শেয়ার ল্যাশিং

প্র: বঁড়শী বা খুঁটিতে ল্যাশিং বাঁধার জন্য কোন গেরো ব্যবহার করা হয় ?


উ: বঁড়শী বা খুঁটিতে ল্যাশিং বাঁধার জন্য বঁড়শী গেরো বা ক্লোভহিচ ব্যবহার করা হয়।

প্র: দড়ি খাটো করার জন্য কোন গেরো ব্যবহার করা হয় ?

উ: দড়ি খাটো করার জন্য দড়ি খাটো করা গেরো বা শীপশ্যাঙ্ক ব্যবহার করা হয়।

প্র: গুড়ি টানার জন্য কোন গেরো ব্যবহার করা হয় ?

উ: গুড়ি টানার জন্য গুড়িটানা গেরো বা টিম্বার হিচ গেরো ব্যবহার করা হয়।



ডায়াগোনাল ল্যাশিং

প্র: জীবন রক্ষা করার জন্য কোন গেরো ব্যবহার করা হয় ?

উ: জীবন রক্ষা করার জন্য জীবন রক্ষা গেরো বা বোলাইন ব্যবহার করা হয়।

প্র: জুতোর ফিতা এবং প্যাকেট বাঁধতে কোন গেরো ব্যবহার করা হয় ?


উ: জুতার ফিতা এবং প্যাকেট বাঁধতে স্কয়ার বো গেরো ব্যবহার করা হয়।

প্র: ওভার হেড গেরো দিয়ে কি কাজ করা হয় ?

উ: ওভারহেড গেরো দিয়ে স্কার্ফের প্রান্ত বাঁধা হয়।

প্র: স্কয়ার ল্যাশিং বাঁধতে কোন গেরো ব্যবহার করা হয় ?

উ: স্কয়ার ল্যাশিং বাঁধতে ক্লোভহিচ বা বঁড়শী গেরো ব্যবহার করা হয়।




ট্রাসেল পার্ট

প্র: ডায়গোনাল ল্যাশিং বাঁধতে কোন গেরো ব্যবহার করা হয় ?

উ: ডায়গোনাল ল্যাশিং বাঁধতে গুড়িটানা গেরো ব্যবহার করা হয়।

প্র: দু'টি সমান পুরুত্বের দড়ি জোড়া দিতে কোন গেরো ব্যবহার করা হয়?

উ: দু'টি সমান পুরুত্বের দড়ি জোড়া দিতে ডাক্তারী গেরো ব্যবহার করা হয়।

প্র: দু'টি অসমান পুরুত্বের দড়ি জোড়া দিতে কোন গেরো ব্যবহার করা হয়?

উ: দু'টি সমান পুরুত্বের দড়ি জোড়া দিতে পাল গেরো ব্যবহার করা হয়।

প্র: লাইফ লাইন কাকে বলে?

উ: জীবন রক্ষা গেরোর উপরের দড়ির স্থির অংশটিকে লাইফ লাইন বলে।

## কোড, সাইফার, এস্টিমেশন

প্র: ট্রাকিং সাইন কী ?

উ: ট্রাকিং অর্থ অনুসরক এবং সাইন অর্থ চিহ্ন অর্থাৎ অনুসরক চিহ্ন।

প্র: স্কাউটিং এ অনুসরক চিহ্ন কখন ব্যবহার করা হয় ?

উ: স্কাউটিং এ হাইকিং, অভিযান, র‍্যামলিং এ অনুসরক চিহ্ন ব্যবহার করা হয়।

*প্র: এস্টিমেশন বা অনুমান কাকে বলে ?*

উ: কোন লক্ষ্যবস্তুকে সরাসরি না মেপে অনুমান করে লক্ষ্যবস্তুর উচ্চতা, দূরত্ব ও গভীরতা নির্ণয় করার কৌশলকে অনুমান বলে।



অনুসরণ চিহ্ন

*প্র: স্কাউটিং এ কোড কাকে বলে ?*


উ: কোন খবর গোপন করে পাঠানোর জন্য যে বর্ণ বা শব্দসমূহকে নিয়মতান্ত্রিকভাবে ব্যবহার করা হয় তাকে কোড বলে।

*প্র: সাইফার কাকে বলে ?*

উ: কোন লেখা বা খবর বা বার্তা অন্যের নিকট থেকে গোপন করে তৃতীয় কোন ব্যক্তির নিকট পাঠানোর পদ্ধতিকে সাইফার বলে।

*প্র: ডিকোডিং কাকে বলে ?*

উ: আগে থেকে ঠিক করা নিয়মানুযায়ী বার্তার অক্ষরকে কোড করে পরিবর্তনের মাধ্যমে সাইফার থেকে মূলবার্তা পুনরুদ্ধার করাকে ডিকোডিং বলে।



উচ্চতা মাপার পদ্ধতি

*প্র: কয়েকটি কোড পদ্ধতির নাম কী ?*

উ: কয়েকটি কোড পদ্ধতির নাম যথা – (১) অক্ষরের স্থানে সংখ্যা কোড পদ্ধতি (২) উল্টো বর্ণমালা কোড পদ্ধতি (৩) ধারাবাহিক অক্ষর সরণ পদ্ধতি (৪) চাবি অক্ষর পদ্ধতি (৫) চাবি শব্দ পদ্ধতি (৬) কলাম পদ্ধতি (৭) জায়গা বদল পদ্ধতি (৮) জায়গা বদল চাবি পদ্ধতি (৯) প্রতিকায়ন পদ্ধতি ইত্যাদি।

*প্র: কয়েকটি এস্টিমেশন বা অনুমান পদ্ধতির নাম উলেখ কর।*

উ: কয়েকটি এস্টিমেশন বা অনুমান পদ্ধতির নাম যথা–(১) ইঞ্চি-ফুট পদ্ধতি (২) ডেসিমিটার–মিটার পদ্ধতি (৩) প্রতিফলন পদ্ধতি (৪) পেন্সিল পদ্ধতি (৫) ছায়া পদ্ধতি (৬) টি পদ্ধতি (৭) লাম্বার পদ্ধতি (৮) জার্মান পদ্ধতি (৯) হ্যাট ব্রিম পদ্ধতি (১০) থাম্ব পদ্ধতি (১১) জ্যামিতিক পদ্ধতি (১২) আলোক শব্দ পদ্ধতি ইত্যাদি।

| | | | |
|---|---|---|---|
| S | F | S | E |
| C | O | E | F |
| O | R | V | U |
| U | B | E | L |
| T | O | R | B |
| L | Y | Y | O |
| N | S | U | O |
| G | I | S | K |

কোড–এর কলাম পদ্ধতি

*প্র: দুরত্ব মাপার কয়েকটি পদ্ধতির নাম কী ?*

উ: দুরত্ব মাপার কয়েকটি পদ্ধতির নাম - থাম্ব মেথড, জার্মান পদ্ধতি, স্কাউট পদ্ধতি ইত্যাদি।

*প্র: উচ্চতা মাপার কয়েকটি পদ্ধতির নাম কী ?*

উ: উচ্চতা মাপার কয়েকটি পদ্ধতির নাম– রেড ইন্ডিয়ান পদ্ধতি, ত্রিকোণী বা ট্রাংগুলার পদ্ধতি, টি পদ্ধতি ইত্যাদি।

# কম্পাস ও মানচিত্র

***প্র: কম্পাস কী ?***

উ: কম্পাস হল দিক নির্ণয় করার যন্ত্র।



কম্পাস

***প্র: স্কাউটিং এ কম্পাস কখন ব্যবহার করা হয় ?***

উ: অভিযান, হাইকিং, র‍্যাম্বলিং এ কম্পাস ব্যবহার করা হয়।

***প্র: কম্পাস ছাড়া আর কোন পদ্ধতিতে দিক নির্ণয় করা যায় ?***

উ: কম্পাস ছাড়া তারা, সপ্তর্ষিমণ্ডল, কালপুরুষ, ঘড়ি, বাতাসের গতি, মন্দির, মসজিদ, গীর্জা ইত্যাদির মাধ্যমে দিক নির্ণয় করা যায়।

***প্র: কম্পাসের ডিগ্রী কাকে বলে ?***

উ: কম্পাসে ব্যবহৃত কোণগুলির সংখ্যা মানকে ডিগ্রী বলে।

***প্র: কার্ডিনাল পয়েন্ট কাকে বলে ?***

উ: কম্পাসের চারটি দিক যথা উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিম দিককে কার্ডিনাল পয়েন্ট বলে।

***প্র: সাব কার্ডিনাল পয়েন্ট কাকে বলে ?***

উ: কম্পাসের উত্তর - পূর্ব, দক্ষিণ - পূর্ব, দক্ষিণ–পশ্চিম, উত্তর–পশ্চিম এর মাঝখানে কোণাকোণি ভাগ করলে যে পয়েন্ট পাওয়া যায় তাকে সাব কার্ডিনাল পয়েন্ট বলে।

***প্র: সাব–সাব কার্ডিনাল পয়েন্ট কাকে বলে ?***

উ: সাব কার্ডিনাল পয়েন্ট এর মাঝখানের কোণগুলিকে সাব, সাব কার্ডিনাল পয়েন্ট বলে। যেমন উত্তর–পূর্ব–উত্তর কোণ।

***প্র: কম্পাসের মোট ডিগ্রীর দুরত্ব কত ?***

উ: কম্পাসে মোট দুরত্ব ০ থেকে ৩৬০ ডিগ্রী, উত্তর থেকে উত্তর দিক।




ফিল্ড বুক

***প্র: কম্পাসের উত্তর দিক এবং প্রকৃত উত্তর দিকের মধ্যে পার্থক্য কত?***

উ: কম্পাসের উত্তর দিক এবং প্রকৃত উত্তর দিকের মধ্যে পার্থক্য ১৫ ডিগ্রী।

***প্র: একটি কার্ডিনাল লাইন থেকে অপর কার্ডিনাল লাইনের দুরত্ব কত ?***

উ: একটি কার্ডিনাল থেকে অপর কার্ডিনালের দূরত্ব ৯০ ডিগ্রী।

***প্র: একটি কার্ডিনাল লাইন থেকে অপর সাব কার্ডিনাল এবং সাব–সাব কার্ডিনাল লাইনের দুরত্ব কত ?***

উ: একটি কার্ডিনাল লাইন থেকে অপর সাব কার্ডিনাল লাইনের দূরত্ব ৪৫ ডিগ্রী এবং সাব–সাব কার্ডিনালের দূরত্ব ২২.৫ ডিগ্রী।



বাংলাদেশের মানচিত্র

***প্র: মানচিত্র কী***

উ: স্কেলের সাহায্যে কোন নির্দিষ্ট ভূখন্ডের সংক্ষিপ্ত আকারে প্রদর্শিত রেখাচিত্রকেই মানচিত্র বলে।

***প্র: মানচিত্র কত প্রকার কী কী ?***

উ: মানচিত্র ২ প্রকার যথাঃ ১। রাজনৈতিক মানচিত্র ২। প্রাকৃতিক মানচিত্র।

***প্র: মানচিত্র আঁকার জন্য কোন পদ্ধতি ব্যবহার করা হয় ?***

উ: মানচিত্র আঁকার জন্য কয়েকটি পদ্ধতি রয়েছে, এগুলির মধ্যে ট্রাভোর্স মেথড বা পদ্ধতি, চেইন মেথড বা পদ্ধতি ট্রায়াংগুলার মেথড বা পদ্ধতি ইত্যাদি। ব্যবহার করা হয়।

***প্র: কোন পদ্ধতিতে স্কাউটদের জন্য মানচিত্র আঁকা সুবিধাজনক ?***

উ: ট্রাভোর্স মেথড বা পদ্ধতি স্কাউটদের মানচিত্র আঁকার জন্য সুবিধা জনক।

***প্র: মানচিত্রের 4D কাকে বলে ?***

উ: মানচিত্রের চারটি প্রধান বিষয় যথা– দিক, দূরত্ব, বিস্তারিত চিহ্ন ও ভূমির উচ্চতার ইংরেজি চারটি নামের প্রথম অক্ষর D, সে জন্য একে 4D বলা হয়।

***প্র: মানচিত্রে ব্যবহৃত 4D এর মানে কি ?***

উ: মানচিত্রে ব্যবহৃত 4D এর মানে যথাক্রমে–

D = Direction (দিক) D = Details ( বিস্তারিত )

D = Distance (দূরত্ব) D = Differrence in height (ভূমির বন্ধুরতা)

***প্র: কদম বা স্কাউট কদম কী ?***

উ: ১২ মিনিটে সোয়া এককিলোমিটার পার হওয়ার জন্য কুঁড়ি কদম হাঁটা এবং কুঁড়ি কদম দৌড়ানোকে স্কাউট কদম বলে।

***প্র: ফিল্ড বুক কাকে বলে ?***

উ: হাইকিং এর যাত্রা পথের ডিগ্রী, দূরত্ব ও দুইপাশের বিভিন্ন গুরুত্বপূর্ণ চিহ্ন বা বিষয় সম্পর্কে তথ্য লিপিবদ্ধ রাখার পদ্ধতিকে ফিল্ড বুক বলে।

***প্র: ফিল্ড বুক এর কাজ কোন দিক থেকে শুরু হবে ?***

উ: ফিল্ড বুক এর কাজ নিচের দিক থেকে শুরু হয়ে উপরে শেষ হবে।

***প্র: কনভেনশনাল সাইন কাকে বলে ?***

উ: কনভেনশনাল অর্থ প্রচলিত। সাইন অর্থ চিহ্ন। অতএব, মানচিত্রে ব্যবহৃত যে সকল চিহ্নসমূহ আন্তজার্তিকভাবে স্বীকৃত তাকে কনভেনশনাল সাইন বলে।

**প্র: বাংলাদেশের জাতীয় পতাকার মাপ কত ?**


উ: বাংলাদেশের জাতীয় পতাকার মাপ ১০ ঃ ৬। বৃত্ত ১০ ভাগের ২ ভাগ।

**প্র: জাতীয় পতাকার রং কেমন ?**

উ: বাংলাদেশের জাতীয় পতাকার রং গাঢ় সবুজের মধ্যে লাল বৃত্ত।

**প্র: বাংলাদেশের জাতীয় পতাকার রং এর তাৎপর্য কী ?**

উ: বাংলাদেশের জাতীয় পতাকার পটভূমির সবুজ অংশকে তারুণ্যের উদ্দীপনা এবং গ্রাম বাংলার সবুজ পরিবেশের প্রতীক। আর বৃত্তের লাল অংশকে উদীয়মান নতুন সূর্য ও রক্তক্ষয়ী স্বাধীনতা সংগ্রামের ৩০ লক্ষ শহীদের রক্তের প্রতীক বলা হয়।



বাংলাদেশের জাতীয় পতাকার মাপ

**প্র: জাতীয় পতাকা কিভাবে উত্তোলন করতে হয় ?**

উ: জাতীয় পতাকা উত্তোলনের সময় সোজা হয়ে দাঁড়াতে হবে। পতাকা উত্তোলনকারী ধীর গতিতে একটানাভাবে পতাকা দন্ডের শীর্ষ প্রান্ত তুলবেন। জাতীয় সংগীতের সাথে সাথে পতাকা উত্তোলন করতে হবে এবং পতাকা দন্ডের শীর্ষে উঠার সাথে সাথে সালাম করতে হবে।

**প্র: জাতীয় পতাকার যত্ন নেওয়া প্রয়োজন কেন ?**

উ: জাতীয় পতাকা আমাদের জাতির প্রতীক। পতাকাকে সম্মান করলে জাতিকে সম্মান করা হয়। সর্বোপরি নিজেকে সম্মান করা হয়, সেজন্য জাতীয় পতাকার যত্ন নেওয়া সকলের দায়িত্ব।

**প্র: কোন পতাকা উত্তোলন করা যাবে না ?**

উ: রং চটা, ছেড়া, ফাঁটা, সেলাই খোলা, এবং স্বীকৃত নয় এমন রং এর পতাকা উত্তোলন করা যাবে না। ছেড়া, ফাঁটা, রং চটা বা অন্য কারণে পতাকা নষ্ট হয়ে গেলে যত্ন সহকারে রেখে দিতে হবে বা মাটিতে পুঁতে ফেলতে হবে। যাতে পতাকার কোন অবমাননা করা না হয়।


পূর্ণ পতাকা উত্তোলন

***প্র: অন্যান্য পতাকার সাথে কিভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হয় ?***

উ: অন্যান্য পতাকার সাথে জাতীয় পতাকা উত্তোলনের সময়–


ক. জাতীয় পতাকা অন্যান্য পতাকা থেকে আগে উঠবে।

খ. জাতীয় পতাকার দন্ড অন্যান্য পতাকার দন্ড থেকে এক প্রস্থ উঁচু হবে।

গ. মঞ্চের ডান পাশে জাতীয় পতাকা এবং বাম পাশে অন্যান্য পতাকা থাকবে।

ঘ. একই পতাকা দন্ডে জাতীয় পতাকা এবং অন্য কোন পতাকা উত্তোলন করা যাবে না।

ঙ. অন্যান্য পতাকার সাথে জাতীয় পতাকা নামানোর সময় অন্যান্য পতাকা আগে নামবে এবং জাতীয় পতাকা ধীরে ধীরে সব পতাকার শেষে নামবে।


অর্ধনমিত পতাকা উত্তোলন

***প্র: অর্ধনমিত পতাকা কিভাবে উত্তোলন করা হয় ?***

উ: জাতীয় পতাকা পূর্ণ উত্তোলনের মত দন্ডের শীর্ষপ্রান্তে উঠাতে হবে এবং সাথে সাথে সালাম দিতে হবে। পতাকা দন্ডের শীর্ষে ৩০ সেকেন্ড অবস্থানের পর ধীর গতিতে পতাকার ১ প্রস্থ সমান নীচে এনে দড়ি দন্ডের সাথে বাঁধতে হবে। নামানোর সময় পতাকা দন্ডের শীর্ষে তুলে ৩০ সেকেন্ড রেখে পরে নামাতে হবে।

***প্র: আমাদের দেশের সরকারী ও বেসরকারী ভবনে উত্তোলনের জন্য– জাতীয় পতাকার মাপ কত ?***

উ: আমাদের দেশের সরকারী ও বেসরকারী ভবনে উত্তোলনের জন্য- জাতীয় পতাকার মাপ–

| | | |
|---|---|---|
| দৈর্ঘ্য ৩০৫ সে.মি. | প্রস্থ ১৮৩ সে.মি. | (১০ ফুট – ৬ ফুট) |
| দৈর্ঘ্য ১৫২ সে.মি. | প্রস্থ ৯১ সে.মি. | (৫ ফুট – ৩ ফুট) |
| দৈর্ঘ্য ৭৬ সে.মি. | প্রস্থ ৪৬ সে.মি. | (২ $\frac{১}{২}$ ফুট – ১ $\frac{১}{২}$ ফুট) |


***প্র: আমাদের দেশে গাড়ীর জন্য ব্যাবহৃত– জাতীয় পতাকার মাপ কত ?***

উ: আমাদের দেশে গাড়ীর জন্য ব্যাবহৃত- জাতীয় পতাকার মাপ–

| | | |
|---|---|---|
| দৈর্ঘ্য ৪৩ সে.মি. | প্রস্থ ২৩ সে.মি. | (১৫ ইঞ্চি – ৯ ইঞ্চি) |
| দৈর্ঘ্য ২৫ সে.মি. | প্রস্থ ১৫ সে.মি. | (১০ ইঞ্চি – ৬ ইঞ্চি) |

***প্র: বাংলাদেশের জাতীয় প্রতীক কেমন ?***


উ: বাংলাদেশের জাতীয় প্রতীক হচ্ছে উভয় পার্শ্বে ধানের শীষ বেষ্টিত পানিতে ভাসমান জাতীয় শাপলা ফুল। এর মাথায় পাট গাছের পরস্পর সংযুক্ত তিনটি পাতা এবং তার উভয় পার্শ্বে দুটি করে মোট চারটি তারকা।


জাতীয় প্রতীক

## প্র: বাংলাদেশের জাতীয় প্রতীকের ব্যখ্যা কর।

উ: বাংলাদেশের জাতীয় প্রতীকের ব্যাখা নিম্নরূপ ঃ

ফুল পবিত্রতার প্রতীক। শাপলা ফুল দেশের সর্বত্রই পাওয়া যায় এবং আমাদের জাতীয় ফুল। খাদ্যশস্যের মধ্যে ধান আমাদের প্রধান ফসল এবং সর্বত্রই দৃশ্যমান। পাট আমাদের প্রধান অর্থকরী ফসল যা সোনালী আঁশ নামে খ্যাত। আমাদের দেশ নদী মাতৃক দেশ। সর্বত্রই জালের মত নদ-নদী ছড়িয়ে আছে। আমাদের দেশের প্রণীত সংবিধান চারটি মূলনীতির উপর ভিত্তি করে রচিত যা চারটি তারার মাধ্যমে প্রকাশিত। এই সবকিছুর উপর ভিত্তি করে আমাদের জাতীয় প্রতীকের সৃষ্টি হয়েছে।




স্কাউট পতাকার মাপ

## প্র: কাব স্কাউট দলের পতাকার রং কী?

উ: কাব স্কাউট দলের পতাকার রং হলুদ এর মধ্যে স্কাউট মনোগ্রাম ও নীচে সবুজ রং দিয়ে লেখা।

## প্র: স্কাউট দলের পতাকার রং কী ?

উ: স্কাউট দলের পতাকার রং সবুজ এর মধ্যে স্কাউট মনোগ্রাম ও নীচে সোনালী রং দিয়ে লেখা।

## প্র: রোভার স্কাউট দলের পতাকার রং কী ?

উ: রোভার দলের পতাকার রং লাল এর মধ্যে স্কাউট মনোগ্রাম ও নীচে সোনালী রং দিয়ে লেখা।





স্কাউট পতাকা

## প্র: উপজেলা, জেলা, অঞ্চল, এবং জাতীয় স্কাউটসের পতাকা কেমন ?

উ: উপজেলা, জেলা, অঞ্চল, এবং জাতীয় স্কাউটসের পতাকা সবুজ পটভূমির মধ্যে স্কাউট মনোগ্রাম ও নীচে সোনালী রং এ লেখা।

## প্র: স্কাউট পতাকার মাপ কত ?

উ: স্কাউটস পতাকার মাপ ১ মিঃ ৩৬ সেঃ মিঃ দৈঘ্য এবং ৯০ সেঃ মিঃ প্রস্ত ও মাঝখানে মনোগ্রাম ৪৫.৫ সেঃ মিঃ নীচে লেখা ৭.৫ সেঃ মিঃ।



উপদল পতাকা

## প্র: বিশ্ব স্কাউট সংস্থার পতাকা কেমন ?

উ: বেগুনি পটভূমির মধ্যে বিশ্বস্কাউট সংস্থার মনোগ্রাম সাদা রং এ খচিত।

*প্র: উপদল পতাকা কী ?*

উ: উপদলের চিহ্ন খচিত ত্রিভূজ আকৃতির সাদা রং এর পতাকাকে উপদল পতাকা বলে।

*প্র: উপদল পতাকার মাপ কত ?*

উ: উপদল পতাকা ১২'' বা ৩০ সেঃ মিঃ লম্বা এবং ৮'' বা ২০ সেঃ মিঃ চওড়া বিশিষ্ট ত্রিভূজ আকৃতির ।



বি পি পিটি-২

## *বি পি পিটি*

*প্র: স্কাউটিং এর প্রাথমিক পিটি—কে কী বলে ?*

উ: স্কাউটিং এর প্রাথমিক পিটি-কে বি.পি পিটি বলে।

*প্র: বি, পি পি টি— কয়টি ?*

উ: বি.পি পি টি ছয়টি।

*প্রঃ ১নং বিপি পিটি শরীরের কোন অংশের জন্য উপকারী ?*

উঃ ১নং বিপি পিটি মাথা ও ঘাড়ের জন্য উপকারী।



বি পি পিটি-৩

*প্রঃ ২নং বিপি পিটি শরীরের কোন অংশের জন্য উপকারী ?*

উঃ ২নং বিপি পিটি বুকের জন্য উপকারী।

*প্রঃ ৩নং বিপি পিটি শরীরের কোন অংশের জন্য উপকারী ?*

উঃ ৩নং বিপি পিটি পেটের (পাকস্থলির) জন্য উপকারী।

*প্রঃ ৪নং বিপি পিটি শরীরের কোন অংশের জন্য উপকারী ?*

উঃ ৪নং বিপি পিটি কোরম ও মেরুদন্ডের জন্য উপকারী।



বি পি পিটি-৪

*প্রঃ ৫নং বিপি পিটি শরীরের কোন অংশের জন্য উপকারী ?*

উঃ ৫নং বিপি পিটি দেহের নিচের এবং পায়ের পিছনের অংশের জন্য উপকারী।

*প্রঃ ৬নং বিপি পিটি শরীরের কোন অংশের জন্য উপকারী?*

উঃ ৬নং বিপি পিটি পা, পায়ের তলা ও পায়ের অঙ্গুলের জন্য উপকারী।



বি পি পিটি-৫

## *ব্যাশির সংকেত*

*প্রঃ বাঁশীর কোন সংকেত দ্বারা সাবধান/ সোজা হওয়া/ পরবর্তী নির্দেশের জন্য প্রস্তুত থাকতে হবে বোঝায় ?*

উঃ বাঁশীর একটি দীর্ঘ ধ্বনীর মাধ্যমে। ————

*প্রঃ বাঁশীর কোন সংকেত দ্বারা সকলে একত্রিত হওয়া/ কাছে এসো বোঝায় ?*

উঃ বাঁশীর অনেকগুলো ক্ষুদ্র ক্ষুদ্র ধ্বনীর মাধ্যমে। — — — —



বি পি পিটি-৬

*প্রঃ বাঁশীর কোন সংকেত দ্বারা সিনিয়র উপদলনেতাকে ডাকা/কাছে এসো বোঝায়?*

উঃ বাঁশীর দুটি ক্ষুদ্র ও একটি দীর্ঘধ্বনীর মাধ্যমে। — — ———

*প্রঃ বাঁশীর কোন সংকেত দ্বারা উপদলনেতাকে ডাকা/কাছে এসো বোঝায়?*

উঃ বাঁশীর তিনটি ক্ষুদ্র ও একটি দীর্ঘধ্বনীর মাধ্যমে। — — — ———

*প্রঃ বাঁশীর কোন সংকেত দ্বারা বিপদ সংকেত বোঝায় ?*

উঃ বাঁশীর একটি ক্ষুদ্র একটি দীর্ঘ এভাবে কয়েক বার — ——  — —— ধ্বনী বাজানোর মাধ্যমে।

*প্রঃ বাঁশীর কোন সংকেত দ্বারা আমি/আমরা বিপদগ্রস্থ সাহায্যের জন্য এগিয়ে এসো বোঝায় ?*

উঃ বাঁশীর পর্যায়ক্রমে বারংবার ক্ষুদ্র ও দীর্ঘ ধ্বনি হলে ...... ...... ......

## *হস্ত সংকেত*

*প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা লাইনে দাঁড়ানো বোঝায়?*

উঃ সোজা হয়ে দাঁড়িয়ে দুই হাত দুই পাশে প্রশস্ত অবস্থায় দেখানোর মাধ্যমে।



লাইনে দাঁড়াও

*প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা ফাইলে দাঁড়ানো বোঝায়?*

উঃ সোজা হয়ে দাঁড়িয়ে দুই হাত সামনের দিকে প্রশস্ত অবস্থায় দেখানোর মাধ্যমে।

*প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা অশ্ব খুরাকৃতিতে দাঁড়ানো বোঝায়?*


উঃ সোজা হয়ে দাঁড়িয়ে কোমর পর্যন্ত  হাত উঁচু করে ডান হাত বাম হাতের উপর দিয়ে পরস্পর ডানে বায়ে ঘুরানোর মাধ্যমে।



কলামে দাঁড়াও

*প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা বৃত্তকারে দাঁড়ানো বোঝায় ?*

উঃ সোজা হয়ে দাঁড়িয়ে দুই হাতের আঙ্গুলগুলি নিচের দিকে মাথার তালু স্পর্শ করানোর মাধ্যমে।



ফাইলে দাঁড়াও

*প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা অর্ধবৃত্তকারে দাঁড়ানো বোঝায়?*

উঃ সোজা হয়ে দাঁড়িয়ে ডান হাতের আঙ্গুলগুলি নিচের দিকে মাথার তালু স্পর্শ করানোর মাধ্যমে।

*প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা শিলাবৃত্তকারে (রক সার্কেল) দাঁড়ানো বোঝায়?*

উঃ সোজা হয়ে দাঁড়িয়ে দুই হাত কোমরে রাখার মাধ্যমে।



দৌড়ে কাছে আসো

***প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা 'ইউ' আকৃতিতে দাঁড়ানো বোঝায়?***

উঃ সোজা হয়ে দাঁড়িয়ে দুই বাহু সমকোনী আকারে ভাঁজ করে ও দুইপার্শে উঁচু করার মাধ্যমে।



অশ্বক্ষুরাকৃতিভাবে দাঁড়াও

***প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা একত্রিত হওয়া বোঝায়?***

উঃ সোজা হয়ে দাঁড়িয়ে ডান হাত মাথার উপর তুলে বাম থেকে ডানে বৃত্তকারে ঘোরানোর মাধ্যমে।

***প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা সোজা হয়ে দাঁড়ানো বোঝায়?***

উঃ সোজা হয়ে দাঁড়িয়ে ডান হাতের তালু দ্বারা ডান পায়ের উরুতে থাবা দেওয়ার মাধ্যমে।



বক্স আকৃতিতে দাঁড়াও

***প্রঃ কোন হস্ত সংকেত দ্বারা আরামে দাঁড়ানো বোঝায়?***

উঃ সোজা হয়ে দাঁড়িয়ে ডান হাতের তালু পায়ের উরু থেকে ৪৫ ডিগ্রিতে নিক্ষেপ করার মাধ্যমে।

## বিভিন্ন প্রশ্নের উত্তর

***প্র: কিমস গেম কী ?***

উ: একটি ট্রেতে ২৪/৩৬টি বিভিন্ন দ্রব্য ঢাকা থাকবে। এক মিনিট পর্যবেক্ষণ করে পরবর্তীতে একটি কাগজে কমপক্ষে ১৬/২৪টা দ্রব্যের নাম লেখাকে কিমস গেম বলে।

***প্র: কিমস গেমের প্রবর্তক কে ?***

উ: কিমস গেমের প্রবর্তক কিমবল ওহারা।

***প্র: পঞ্চ ইন্দ্রিয়ের খেলা কাকে বলে ?***

উ: চক্ষু, কান, নাক, ত্বক, জিহ্বা এই পাঁচটি ইন্দ্রিয়ের মাধ্যমে পর্যবেক্ষণ করার খেলাকে পঞ্চ ইন্দ্রিয়ের খেলা বলে।



আইন নৃত্য

***প্র: খাবার স্যলাইন তৈরীতে কী কী লাগে ?***

উ: খাবার স্যালাইন তৈরীতে একটি চিমটি লবণ, একমুঠো গুড় এবং আধা লিটার বিশুদ্ধ পানি লাগে।

***প্র: গ্রান্ড ইয়েল বা মহা গর্জন কী ?***

উ: কাব স্কাউটদের প্যাক মিটিং সহ অন্য যে কোন অনুষ্ঠানে ইউনিট লিডার স্কাউট কর্মকর্তা বা সম্মানিত অতিথিকে যে পদ্ধতিতে অভ্যর্থনা জানানো হয় তাকে গ্রান্ড ইয়েল বলে।

***প্র: কাব স্কাউটের আইন নৃত্য কী ?***

উ: কাব স্কাউটদের দুইটি আইনকে নৃত্যের তালে তালে প্রদর্শন করাকে আইন নৃত্য বলে।

***প্র: পরিকল্পনা কাকে বলে ?***

উ: সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সময় ও সম্পদের সঠিক ব্যবহারের উদ্দেশ্যে পর্যায়ক্রমে কার্য সম্পাদনের ধারাবাহিক রূপরেখাকে পরিকল্পনা বলে।

***প্র: পরিকল্পনা কত প্রকার কী কী ?***

উ: পরিকল্পনা তিন প্রকার যথা : ১) স্বল্প মেয়াদী পরিকল্পনা ২ ) দীর্ঘমেয়াদী পরিকল্পনা ৩) প্রেক্ষিত পরিকল্পনা।

***প্র: দীর্ঘমেয়াদী পরিকল্পনা কাকে বলে ?***

উ: ১ বৎসর থেকে ৫ বৎসর সময়ব্যাপী পরিকল্পনাকে দীর্ঘমেয়াদী পরিককল্পনা বলে।

***প্র: স্বল্পমেয়াদী পরিকল্পনা কাকে বলে ?***

উ: ১ ঘন্টা থেকে ১ বৎসর সময়ব্যাপী কাজ সম্পাদনের পরিকল্পনাকে স্বল্পমেয়াদী পরিকল্পনা বলে।

***প্র: প্রেক্ষিত পরিকল্পনা কাকে বলে ?***

উ: ৫ বৎসর থেকে ২৫ বৎসর সময়ব্যাপী পরিকল্পনাকে প্রেক্ষিত পরিকল্পনা বলে।



কাব প্রোগ্রাম

***প্র: চর্তুবার্ষিক পরিকল্পনা কাকে বলে ?***

উ: ৪ বৎসর ব্যাপী কর্ম পরিকল্পনাকে চর্তুবার্ষিক পরিকল্পনা বলে।

***প্রঃ বাংলাদেশ স্কাউটস এর চর্তুবার্ষিক প্রোগ্রাম পরিকল্পনা কী?***

উ: বাংলাদেশ স্কাউটস এর চর্তুবার্ষিক পরিকল্পনা হলো-
প্রথম বছর উপজেলা ক্যাম্পুরী/সমাবেশ
দ্বিতীয় বছর জেলা ক্যাম্পুরী/সমাবেশ/রোভার মুট,
তৃতীয় বছর আঞ্চলিক ক্যাম্পুরী/সমাবেশ/রোভার মুট,
৪র্থ বছর জাতীয় ক্যাম্পুরী/জাম্বুরী/রোভার মুট



কাবদের মাই প্রোগ্রেস

***প্র: স্কাউটস ওন কী ?***

উ: ওন শব্দের অর্থ হচ্ছে উপলিব্ধ। স্কাউট প্রতিজ্ঞা ও আইনকে পরিপূর্ণভাবে উপলব্দি করার জন্য এ অনুষ্ঠান। এটি স্কাউটদের একান্ত নিজস্ব অনুষ্ঠান। এ অনুষ্ঠানের মাধ্যমে ধর্মীয় মহাপুরুষগণের জীবনের উল্লেখযোগ্য ঘটনা স্মরণীয় বাণী বা উপাখ্যান আলোচনা করা হয়। তাদের ঘটনাবহুল জীবন হতে কাব ও স্কাউট আইন এবং প্রতিজ্ঞার মিল রয়েছে এমনি বিষয় উপস্থাপন করা হয়।

***প্র: স্কাউটদের তাঁবু জলসা বা ক্যাম্প ফায়ার কী ?***

উ: ক্যাম্প চালাকালীন রাতে রাতি নিভানোর শেষ সংকেত এর পূর্ব পর্যন্ত আগুনের চারপাশ সমবেত হয়ে বিনোদনমূলক শিক্ষণীয় নির্মল আনন্দ লাভের জন্য স্কাউটের অনুষ্ঠানকে ক্যাম্প ফায়ার বলে।

***প্র: বনকলা বা উডক্রাফট কাকে বলে ?***

উ: প্রকৃতির বিভিন্ন দ্রব্য যেমন লতা, পাতা, ফুল, ফল, কীট-পতঙ্গ ইত্যাদি সম্পর্কে ধারনা লাভ এবং তা প্রয়োজনে ব্যবহার কৌশল জানাকে স্কাউটিং বনকলা বা উডক্রাফট বলে।



মাই রেকড

***প্র: স্কাউট স্টাফ কাকে বলে ?***

উ: স্কাউটরা বিভিন্ন কাজে ব্যবহারের জন্য নিজেদের কাছে বহনযোগ্য পাঁচ ফুট মাপের একটি লাঠি রাখে। একে স্কাডট স্টাফ বলে।

***প্র: বাংলাদেশের ৭ জন বীরশ্রেষ্ঠের নাম কী ?***

উ: বাংলাদেশের ৭ জন বীরশ্রেষ্ঠ যথাঃ ১। ল্যান্স নায়েক নূর মোহাম্মদ ২। ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান ৩। সিপাহী মোস্তফা কামাল ৪। ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ ৫। সিপাহী হামিদুর রহমান ৬। ইঞ্জিনিয়ার মোহাম্মদ রুহুল আমিন ৭। ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর।

### *প্রঃ মাই প্রোগ্রেস/ রেকর্ড কী ?*

উঃ একজন স্কাউট নবাগত হিসেবে স্কাউট দলে যোগদানের পর থেকে তার ব্যক্তিগত তথ্য, ইউনিটে যোগদানের তারিখ, অনুমতি, অনুমোদন গ্রহণ এবং স্কাউট প্রোগ্রাম, প্রশিক্ষণ গ্রহণ, পারদর্শিতা ব্যাজ অর্জনসহ বিভিন্ন দক্ষতা ব্যাজ অর্জনের তথ্য ধারাবাহিক ভাবে সংরক্ষণের জন্য বইকে প্রোগ্রেস/রেকর্ড বলে।

### *প্র: লগ বুক কাকে বলে ?*

উ: লগ বই হলো স্কাউট জীবনের সংরক্ষিত ডাইরী বা জীবন চিত্র। একজন স্কাউট সে তার স্কাউট জীবনে প্রবেশের পর থেকে বিভিন্ন স্কাউট অনুষ্ঠান যেমন-দীক্ষা অনুষ্ঠান, ব্যাজ প্রদান অনুষ্ঠান, তাঁবু বাস, সমাবেশ, হাইকিং, সমাজ সেবা, সমাজ উন্নয়ন ইত্যাদি বিষয়ক কার্যবলীতে অংশগ্রহণের তারিখ ও স্থান উল্লেখ পূর্বক ধারাবাহিক বিবরণ লগ বইয়ে লিপিবদ্ধ করা হয়

### *প্র: স্ক্রাপ বুক কাকে বলে ?*

উ: স্ক্রাপ বুক স্কাউটদের এক ধরনের এ্যালবাম। স্কাউটদের ইউনিট/উপদল/এর বিভিন্ন কাজে বা অনুষ্ঠানে অংশগ্রহণের সচিত্র তথ্য বা প্রতিবেদন রাখাকে স্ক্রাপ বুক বলে।

### *প্র: ক্রমোন্নতিশীল রেজিস্ট্রার কাকে বলে ?*

উ: স্কাউটদের দলে ভর্তির পর থেকে সর্বোচ্চ ব্যাজ অর্জন পর্যন্ত সকল ব্যাজ প্রাপ্তির পর্যায়ক্রমিক তারিখ রেজিস্ট্রারে ইউনিট লিডারের মাধ্যমে সংরক্ষণ করা হয়। একে ক্রমোন্নতিশীল রেজিস্ট্রার বলে।

### *প্র: লাইফ স্কীল কাকে বলে ?*

উ: অনেকগুলো মনোসামাজিক ও আন্তব্যক্তির দক্ষতার সমষ্টি যেগুলি যুবাদের তথ্যগত সিদ্ধান্ত গ্রহণ করতে, ইতিবাচক হতে, লক্ষ্য নির্ধারণ করতে এই অন্যান্য যোগ্যতা, যেগুলি তাদের সুস্থ ও উৎপাদনশীল জীবন গড়তে সহায়তা করে তাকে লাইফ স্কীল বলে।

### *প্র: লাইফ স্কীল এর মৌলিক উপাদানগুলো কী কী ?*

উ: সিদ্ধান্ত গ্রহণ সমস্যা সমাধান, সৃজনশীল চিন্তা বিশ্লেষণাত্মক চিন্তা কার্যকরী যোগাযোগ, অন্তভুর্ক্তির সম্পর্ক,আত্মসচেতনতা,সহানুভূতি, মানসিক চাপের মধ্যে টিকে থাকা, আবেগীয় চাপের মধ্যে টিকে থাকা।



বাংলাদেশ স্কাউটস-এর গঠন ও নিয়ম

### *প্র: সার্কভুক্ত দেশসমূহের দেশ, রাজধানী ও মুদ্রার নাম কী ?*

উ: সার্কভুক্ত দেশসমূহের রাজধানী ও মুদ্রার নাম যথাক্রমে

| | | | | |
|---|---|---|---|---|
| বাংলাদেশ | – | ঢাকা | – | টাকা |
| ভারত | – | নয়াদিল্লি | – | রূপী |
| ভূটান | – | থিম্পু | – | নগুলট্রাম |
| মালদ্বীপ | – | মালে | – | রূপীয়া |
| নেপাল | – | কাঠমুন্ডু | – | রুপী |
| শ্রীলঙ্কা | – | কলম্বো | – | রূপী |
| পাকিস্তান | – | ইসলামাবাদ | – | রূপী |
| আফগানিস্তান | – | কাবুল | – | আফগানী |



স্কাউট লাঠি বহন

***প্র: বাংলাদেশে কত প্রকার ধাতব মুদ্রা চালু আছে ও কী কী ?***

উ: বাংলাদেশে ৮ প্রকার মুদ্রা চালু আছে যথাঃ ১ পয়সা, ৫ পয়সা, ১০ পয়সা, ২৫ পয়সা, ৫০ পয়সা, ১ টাকা, ২ টাকা ও ৫ টাকা।

***প্র: রাস্তা দিয়ে পথ চলার সময় পথচারী কোন দিক দিয়ে চলবে ?***

উ: পথচারী রাস্তা দিয়ে পথ চলার সময় পথচারী নিজের ডান দিক দিয়ে পথ চলবে।

***প্র: রাস্তায় যানবাহন কোন দিক দিয়ে চলাচল করবে ?***

উ: রাস্তায় যানবাহন বাম দিক দিয়ে চলাচল করবে।

***প্র: পথচারী কিভাবে রাস্তা পার হবেন ?***

উ: পথচারী জেব্রাক্রসিং বা ওভারব্রীজের উপর দিয়ে রাস্তাপার হবেন। যেখানে এগুলি নেই সেখানে পথচারী প্রথমে ডানদিকে তাকিয়ে দেখবেন, পরে বামদিকে তাকিয়ে দেখবেন, পুনরায় ডানদিকে তাকিয়ে দেখে কোন গাড়ী না থাকলে দ্রুত রাস্তা পার হবেন।


জেব্রা ক্রসিং-এ রাস্তা পারাপার

***প্র: রাস্তার পাশে হলুদ, সবুজ, ও লাল আলো দ্বারা কি চিহ্ন বোঝানো হয়েছে?***

উ: হলুদ আলো = গাড়ী জেব্রাক্রসিংয়ের আগে থামবে, সামনে চলার জন্য তৈরী থাকবে। পথচারী ক্রসিং পার হয়ে থাকলে গাড়ী চলবে।
সবুজ আলো = গাড়ী চলতে পারবে যেদিক তীর চিহ্ন সেদিক যাবে।
লাল আলো = রাস্তা বন্ধ, চলা নিষেধ।

***প্র: রাস্তায় সমস্যা হলে কী করতে হবে ?***

উ: রাস্তায় সমস্যা হলে ট্রাফিক পুলিশের সাহায্য দিতে হবে।

***প্র: স্কাউট চেতনা কাকে বলে ?***

উ: স্কাউট প্রতিজ্ঞা ও আইন জীবনের প্রতিটা ক্ষেত্রে বাস্তবায়নের জন্য স্কাউটরা যথাসাধ্য চেষ্টা করে থাকে। স্কাউট প্রতিজ্ঞা ও আইনের প্রতি আস্থাকে স্কাউট চেতনা বলা হয়।

***প্র: বিশ্ব ভ্রাতৃত্ব কাকে বলে ?***

উ: স্কাউটিং বিশ্বের জনগণের মধ্যে একটি ঐক্যের সেতুবন্ধন সৃষ্টি করেছে। দীক্ষা গ্রহণের পর একজন স্কাউট সে ঐ ইউনিটের সদস্য হওয়ার সাথে সাথে সারা বিশ্বের একজন স্কাউট হিসেবে বিবেচিত হবে।

***প্র: সমাজ সেবা কাকে বলে ?***

উ: কোন নির্দিষ্ট দিনে নির্দিষ্ট সময়ে দলগতভাবে কোন গোষ্ঠী বা প্রতিষ্ঠানের সাময়িক কোন কল্যাণকর কাজ করাকে সমাজ সেবা বলে।

***প্র: সমাজ উন্নয়ন কাকে বলে ?***

উ: কোন নির্দিষ্ট দিনে নির্দিষ্ট সময়ে স্কাউট এবং জনগণ দলগতভাবে কোন এলাকায় পরিকল্পনা অনুযায়ী কোন কল্যাণকর কাজ করে যা ঐ এলাকাবাসী দীর্ঘদিন তার সুফল লাভ করতে পারে তাকে সমাজ উন্নয়ন বলে। যেমন- বৃক্ষরোপণ, নিরক্ষরতা দূরীকরণ ইত্যাদি।

প্র: ম্যাফেকিং কী ?

উ: আফ্রিকার একটি শহরের নাম। সেখানকার জঙ্গলে যুদ্ধ অনুষ্ঠিত হয়।

প্র: ব্রাউনসী দ্বীপ কী ?

উ: ইংল্যান্ডের পোলহারবারে অবস্থিত একটি দ্বীপ, স্কাউটসের প্রথম ক্যাম্পের স্থান।

প্র: এইডস টু স্কাউটিং কী ?

উ: ১৮৯৯ সালে সৈন্যদের জন্য বি,পি'র লেখা বই ''এইডস টু স্কাউটিং''।

প্র: রোভারিং টু সাকসেস কী ?

উ: রোভার স্কাউট শাখার জন্য ১৯২২ সালে বি,পি'র লেখা বই "রোভারিং টু সাকসেস"।



ক্যাম্পে নিজ হাতে রান্না

প্র: গিলওয়েল পার্ক কী ?

উ: বিশ্বের প্রথম ও প্রধান স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র।

প্র: ম্যাকলার্ন টাটার কী ?

উ: মিঃ বয়েস ম্যাকলার্নকে স্মরণ করার জন্য তার গাউনের টুকরা উডব্যাজ স্কার্ফে ব্যবহার করা হয়। এটাই ম্যাকলার্ন টাটার।

প্র: কম্যান্টাকী কী ?


উ: বি, পি-কে ডাকা অভিনন্দন। যার অর্থ– সেই টুপিওয়ালা বিরাট লোকটি।

প্র: ইমপিসা কী ?

উ: ইমপিসা অর্থ নিদ্রাহীন নেকড়ে। বি,পি–কে দেওয়া মাতাবেলিয়ার উপাধি।

প্র: এ্যাংগনিয়ামা কী ?

উ: জুলুদের যুদ্ধের কোরাস গান।



কাব স্কাউটদের ব্যাঙের নাচ

প্র: দীনিজুলু কী ?

উ: জংলিদের সরদার দীনিজুলু।

প্র: উলফ কাব কী ?

উ: উলফ কাব মানে নেকড়ে বাঘের বাচ্চা।

প্র: বয় স্কাউট কী

উ: বয় স্কাউট মানে বালক সেনা।

প্র: ইন্দাবা কী ?

উ: স্কাউট লিডার বা ইউনিট লিডারদের সমাবেশ।

প্র: বিশ্ব স্কাউট সংস্থা কী ?

উ: বিশ্বব্যাপী স্কাউট আন্দোলনের নীতি নির্ধারণী ও নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠান।

***প্র: আত্মমর্যদায় বিশ্বাসী মানে কী ?***

উ: আত্মমর্যাদার অর্থ আমি সৎ ও সত্যবাদী হবো। ''আত্ম'' – অর্থ নিজের আর ''মর্যাদা'' অর্থ সন্মান, অর্থাৎ নিজের প্রতি সম্মান। সৎ ও সত্যবাদিতার মাধ্যমে নিজের সম্মান অটুট রাখা সম্ভব।

***প্র: সানসো (SAANSO) মানে কী?***

উ: সাউথ এশিয়ান এ্যাসোসিয়েশন অফ ন্যাশনাল স্কাউট অর্গানাইজেশন





স্কাউট প্রোগ্রাম বই

***প্র: "যথাসাধ্য চেষ্টা করব" মানে কী ?***

উ: যথাসাধ্য চেষ্টা করব মানে – যে কোন কাজ আন্তরিকভাবে চেষ্টার মাধ্যমে সফল হওয়া। যাতে অন্যের থেকে ভালো করা যায়।

***প্র: "সদা প্রস্তুত" মানে কী ?***

উ: সদা প্রস্তুত মানে– যে কোন কাজের জন্য বা যে কোন পরিবেশ এবং পরিস্থিতির মোকাবেলার জন্য নিজেকে তৈরী রাখা।



রোভার স্কাউট প্রোগ্রাম বই

***প্র: এ্যাগোনারী কী ?***

উ: প্রতিবন্ধী স্কাউটদের জন্য সমাবেশ।

***প্র: "সেবা" মানে কী ?***

উ: ''সেবা'' মানে অন্যের উপকার করা, অন্যকে সাহায্য ও সহযোগিতা করা।

***প্র: জোটা (JOTA) কী ?***

উ: জাম্বুরী অন দ্যা এয়ার। (রেডিওর মাধ্যমে অন্যদেশের স্কাউটদের সাথে বন্ধুত্ব স্থাপন)।

***প্র: জোটা–জোটি (JOTA-JOTI) কী?***

উ: জাম্বুরী অন দ্যা ইন্টারনেট। (ইন্টারনেটের মাধ্যমে অন্যদেশের স্কাউটদের সাথে বন্ধুত্ব স্থাপন)।

***প্র: লাইফ স্কীল কী ?***

উ: জীবনের জন্য দক্ষতা।

***প্র: মুগলী কী ?***

উ: নেকড়ে বাঘের গুহায় মানুষ হওয়া মানব শিশুর নাম মুগলী।

***প্র: গার্ল গাইডিং কী ?***

উ: স্কাউট আন্দোলনের মেয়েদের জন্য শাখা গার্ল গাইড।

***প্র: দি ব্লু বার্ড বুক কী ?***

উ: গার্ল গাইড আন্দোলন প্রসারের জন্য বিপির লেখা বই।





বাংলাদেশ স্কাউটস এর মুখপত্র মাসিক অগ্রদূত পত্রিকার প্রচ্ছদ

***প্র: অগ্রদুত কী ?***

উ: বাংলাদেশ স্কাউটসের মুখপত্র মাসিক পত্রিকা

***প্র: বাংলাদেশ স্কাউটসের ভিশন–২০২১ কি ?***

উ: যুব সম্প্রদায়কে চ্যালেঞ্জিং ইয়্যুথ প্রোগ্রামে সম্পৃক্ত করে এবং তাদেরকে মূল্যবোধ শিক্ষার আলোকে শিক্ষাদান করে ২০২১ সালের মধ্যে বাংলাদেশ স্কাউটসের সদস্য ২১ লক্ষে উন্নীত করতে চায়।

## জাতীয় পর্যায়ের বর্তমান কর্মকর্তাদের নাম

প্রঃ *বাংলাদেশের বর্তমান চীফ স্কাউট এর নাম কি?*
উঃ মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আব্দুল হামিদ
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের বর্তমান সভাপতির নাম কি?*
উঃ জনাব মোঃ আবুল কালাম আজাদ
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের বর্তমান প্রধান জাতীয় কমিশনারের নাম কি?*
উঃ ড. মোঃ মোজাম্মেল হক খান
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের কোষাধ্যক্ষের নাম কি?*
উঃ জনাব আব্দুস সালাম খান
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার আন্তর্জাতিক এর নাম কি?*
উঃ জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার স্ট্রাটেজিক প্লানিং ও গ্রোথ এর নাম কি?*
উঃ জনাব মুঃ তৌহিদুল ইসলাম
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার সংগঠন এর নাম কি?*
উঃ জনাব আখতারুজজামান খান কবির
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার উন্নয়ন এর নাম কি?*
উঃ জনাব মোঃ মেজবাহ উদ্দিন ভূঁইয়া
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য এর নাম কি?*
উঃ জনাব মোঃ শাহ্ কামাল
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার প্রশিক্ষণ এর নাম কি?*
উঃ জনাব মোঃ মহসিন, এল.টি
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার সাপ্লাই সার্ভিস ম্যানেজমেন্ট এর নাম কি?*
উঃ জনাব মোঃ মাহমুদুল হক
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার গার্ল-ইন স্কাউটিং এর নাম কি?*
উঃ জনাব সুরাইয়া বেগম, এনডিসি
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার আইসিটি এর নাম কি?*
উঃ জনাব মোঃ মাহ্ফুজুর রহমান
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার জনসংযোগ ও মার্কেটিং এর নাম কি?*
উঃ জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার এক্সটেনশন স্কাউটিং এর নাম কি?*
উঃ জনাব কাজী নাজমুল হক
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার গবেষণা ও মূল্যায়ন এর নাম কি?*
উঃ জনাব মোঃ আব্দুল হক
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার অ্যাডাল্ট রিসোর্সেস এর নাম কি?*
উঃ জনাব ফেরদৌস আহমেদ
প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার মেম্বারশীপ রেজিস্ট্রেশন এর নাম কি?*
উঃ মুনশী শাহাবুদ্দীন আহমেদ

**প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার ফাউন্ডেশন এর নাম কি?***

উঃ জনাব এম এম ফজলুল হক

**প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার প্রোগ্রাম এর নাম কি?***

উঃ জনাব মোহাম্মদ আতিকুজ্জামান

**প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার ভু-সম্পত্তি এর নাম কি?***

উঃ জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার, এনডিসি

**প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার স্পেশাল ইভেন্টস্ এর নাম কি?***

উঃ জনাব মোঃ মোফাজ্জেল হোসেন

**প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার বিধি এর নাম কি?***

উঃ জনাব মোঃ ইউসুফ হারুন

**প্রঃ *বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার প্রকল্প এর নাম কি?***

উঃ জনাব মোঃ মোহসীন

****– প্রতি তিন বছর অন্তর জাতীয় কমিশনারগণ প্রধান জাতীয় কমিশনার এর সুপারিশে চীফ স্কাউট কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়ে থাকেন।

## উপজেলা, জেলা, অঞ্চল পর্যায়ের বর্তমান কর্মকর্তাদের নাম

প্র: তোমার ইউনিট লিডারের নাম কি? উঃ --------------------

প্র: তোমার গ্রুপ সভাপতির নাম কি? উঃ --------------------

প্র: তোমার উপজেলা সম্পাদকের নাম কি? উঃ --------------------

প্র: তোমার উপজেলা কমিশনারের নাম কি? উঃ --------------------

প্র: তোমার উপজেলা সভাপতির নাম কি ? উঃ --------------------

প্র: তোমার জেলা সভাপতির নাম কি ? উঃ --------------------

প্র: তোমার উপজেলা কাব লিডালের নাম কি ? উঃ --------------------

প্র: তোমার উপজেলা স্কাউট লিডারের নাম কি? উঃ --------------------

প্র: তোমার জেলা কাব লিডারের নাম কি ? উঃ --------------------

প্র: তোমার জেলা স্কাউট লিডারের নাম কি ? উঃ --------------------

প্র: তোমার আঞ্চলিক সম্পাদকের নাম কি ? উঃ --------------------

প্র: তোমার আঞ্চলিক কমিশনারের নাম কি ? উঃ --------------------

প্র: তোমার আঞ্চলিক সভাপতির নাম কি? উঃ --------------------

প্র: তোমার আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম) এর নাম কি? উঃ --------------------

(জানার জন্য ঃ-নিজ নিজ উপজেলা,জেলা,অঞ্চল পর্যায়ের বর্তমান কর্মকর্তাদের নাম সংগ্রহ করে জেনে নিতে হবে)

# স্কাউটিং এ সংক্ষিপ্ত শব্দের অর্থ

| | |
|---|---|
| বি, পি (BP) | ব্যাডেন পাওয়েল |
| সি, এন, সি (CNC) | চীফ ন্যাশনাল কমিশনার |
| এন, সি (NC) | ন্যাশনাল কমিশনার |
| ডি, এন, সি (DNC) | ডেপুটি ন্যাশনাল কমিশনার |
| আর, ডি (RD) | রিজিওনাল ডিরেক্টর |
| ডি, ডি (DD) | ডেপুটি ডিরেক্টর |
| সি,এল (CL) | কোর্স লিডার/কাব লিডার |
| আর,এস, এল (RSL) | রোভার স্কাউট লিডার |
| এস, এল (SL) | স্কাউট লিডার |
| এ, এস, এল (ASL) | অ্যাসিষ্ট্যান্ট স্কাউট লিডার |
| এস,আর,এম (SRM) | সিনিয়র রোভার মেট |
| এস, পি এল (SPL) | সিনিয়র প্যাট্রোল লিডার |
| পি এল (PL) | প্যাট্রোল লিডার |
| এ, পি এল (APL) | অ্যাসিষ্ট্যান্ট প্যাট্রোল লিডার |
| পি, আর,এস (PRS) | প্রেসিডেন্ট'স রোভার স্কাউট |
| পি, এস (PS) | প্রেসিডেন্ট'স স্কাউট |
| এ, পি আর (APR) | এশিয়া প্যাসিফিক রিজিওনাল |
| ডব্লিউ,ও,এস, এম ( WOSM) | ওয়ার্ল্ড অর্গাইজেশন অফ স্কাউট মুভমেন্ট |
| ডব্লিউ,ও, জি, জি, এম (WOGG) | ওয়ার্ল্ড অর্গাইজেশন অফ গার্ল গাইড |

# কনভেনশনাল সাইন





প্রচলিত চিহ্নগুলো হাইকিং, ভ্রমণ বা গ্রাম জরিপ কাজে হাতে-কলমে মানচিত্র আঁকার সময় ব্যবহার করা যাবে।

# কমান্ড বা দলনেতার নির্দেশ

| উদ্দেশ্য | কমান্ড |
|---|---|
| ❖ সোজা হয়ে দাঁড়ানোর জন্য | সোজা হও |
| ❖ আরামে দাড়ানোর জন্য | আরামে দাঁড়াও |
| ❖ লাইন সোজা করার জন্য | পাশে হাত তলো<br>হাত নামাও |
| ❖ ফাইল সোজা করার জন্য | সামনে হাত তলো<br>হাত নামাও |
| ❖ ডান দিকে ঘোরার জন্য | ডানে ঘরো |
| ❖ বাম দিকে ঘোরার জন্য | বামে ঘরো |
| ❖ উল্টো দিকে ঘোরার জন্য | উল্টা ঘরো |
| ❖ পায়ের তাল রাখার জন্য | পায়ে তাল রাখো |
| ❖ পায়ের তাল বন্ধ করার জন্য | এবার থামো-এক, দুই |
| ❖ সামনে চলার জন্য (মার্চ-পাস্ট) | সামনে চলো |
| ❖ এক কদম ডানে সরার জন্য | এক কদম ডানে যাও/ সরো |
| ❖ এক কদম বামে সরার জন্য | এক কদম বামে যাও/ সরো |
| ❖ এক কদম পিছনে সরার জন্য | এক কদম পিছনে যাও/ সরো |
| ❖ পতাকা কে সালাম করার জন্য | সালাম করো<br>হাত নামাও |
| ❖ কাজ শেষে ছুটির জন্য | পরবর্তী কার্যক্রমের জন্য ছুটি<br>ধন্যবাদ। |

# সিগন্যালিং




সিমাফোর ফ্লাগ সিগন্যাল

## হাইকিং-এ রিপোর্ট তৈরীর জন্য নমুনা ছক

দলের নাম :

উপদল নেতা :

| তারিখ | স্থান | সময় | আবহাওয়া | দূরত্ব | পথের বর্ণনা | মানচিত্র | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |

## লগ বুকের নমুনা ছক

দলের নাম :

| ক্রমিক | তারিখ | স্থান | বিষয়/শিরোনাম | বিস্তারিত বিবরণ | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

## স্ক্রাপ বুকের নমুনা ছক

উপদল / ষষ্ঠকের নাম :

| ক্রমিক | অনুষ্ঠানের নাম | কার্যক্রমের ছবি | বিস্তারিত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

## ক্রমোন্নতিশীল রেজিস্ট্রারের নমুনা ছক

উপদল / ষষ্ঠকের নাম :

| ক্রমিক | নাম | ভর্তির তারিখ | জন্ম তারিখ | দীক্ষা গ্রহণের তারিখ (সদস্য ব্যাজ) | তারা/স্ট্যান্ডার্ড ব্যাজ অর্জনের তারিখ | চাঁদ/প্রোগ্রেস ব্যাজ অর্জনের তারিখ | চাঁদ-তারা/সার্ভিস ব্যাজ অর্জনের তারিখ | শাপলা /পি.এস অ্যাওয়ার্ড অর্জনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

১) উল্টা বর্ণমালা( **Reverse alphabet**) পদ্ধতি ঃ অর্থাৎ A এর স্থানে Z বসিয়ে যেমন -

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সাইফার Cipher)ঃ | Z | Y | X | W | V | U | T | S | R | Q | P | O | N |
| মূল (Text) ঃ | A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M |
| সাইফার Cipher)ঃ | M | L | K | J | I | H | G | F | E | D | C | B | A |
| মূল (Text) ঃ | N | O | P | Q | R | S | T | U | V | W | X | Y | Z |

## স্কাউটদের উদ্দেশ্যে বি,পি'র শেষ বাণী

স্কাউটারদের উদ্দেশ্যে দেয়া শেষ বাণীতে বিপি বলেছেন, স্কাউটিংকে রুজি রোজগারের সংগঠনে পরিণত হতে না দিয়ে দেশপ্রেমে উদ্বুদ্ধ এক স্বেচ্ছাসেবী সংগঠন হিসাবে টিকিয়ে রাখতে চেষ্টা করবেন।

স্কাউটদের উদ্দেশ্যে দেয়া শেষ বাণীতে বিপি বলেছেন- অত্যন্ত সুখে জীবন কাটিয়েছি আমি। আমি চাই তোমরা সবাই আমার মত সুখী জীবন লাভ কর।.................

## স্কাউটিং এর উপর লেখা অর্ণবের দুটি কবিতা

### দড়ির কারু কাজ-

পূর্ব আকাশে
সূর্য প্রভাতে,
ব্যাডেন পাওয়েলের-
আদর্শের রথে।
বিশ্বকে নিয়ে-
শৃংখলায় চলবো,
সাতটি আইনের
কথা বলবো।
স্কাউটিং-এ
জীবন গড়বো,
"দড়ির কারু কাজ"
হৃদয়ে ভরবো।

### আদর্শের পথে-

সাতটি আইনে অনুপ্রাণিত
আমরা যারা সম্পৃক্ত
স্কাউট আন্দোলনে, চাই
জাগাতে সারা বিশ্বকে,
আঁধার থেকে আলোয়
শৃংখলা আর ন্যায়ের
পথে এনে অলসতা
কাটিয়ে কর্মঠের সারিতে,
যে আদর্শের পথ
ব্যাডেন পাওয়েলের।


## ব্যাঙের নাচের গান

ওরে ও কোলা ব্যাঙ
দেখেছি দেখেছি তোমার
লম্বা দুটো ঠ্যাঙ।


ওরে ও কোলাব্যাঙ
বাবুদের তালপুকুরে
হাবুদের ডালপুকুরে
শুনেছি রাত দুপুরে
ডাকছ তুমি উচ্চ স্বরে
ঘ্যাঙর ঘ্যাঙর ঘ্যাঙ।
ওরে ও কোলাব্যাঙ।

# কয়েকটি নমুনা ছবি

**তাঁবু জীবনে মালপত্র গুছিয়ে রাখার জন্য গেজেট তৈরী করতে হয়**
**গাছের ডাল ও দড়ি দিয়ে এসব গেজেট তৈরী করা হয়**



গ্যাজেটের নমুনা (Gadget Sample)




তাঁবুর বিভিন্ন অংশের নাম




তাঁবু খাটানো




পোল মাংকি ব্রিজ (Pole Mankey Bridge)




ট্রাসেল ব্রিজ (Trussle Bridge)




রোপ ম্যাংকি ব্রিজ (Rope Mankey Bridge)




এরিয়াল রানওয়ে (Arial Run Way)





ওয়াচিং টাওয়ার (Watching Tower)


ট্রাইপড পতাকা দন্ড (Tripod)




কমান্ডো ব্রীজ




লর্ড ব্যাডেন পাওয়েল
স্কাউট মাস্টার
সহায়িকা




১৯০৮ সালে
প্রকাশিত "স্কাউটিং ফর বয়েজ"
বইটির কভার




লর্ড ব্যাডেন পাওয়েল-এর
লেখা কাবদের জন্য
উলফ্ ক্লাব হ্যান্ডবুক




১৯০৭ সালের অনুষ্ঠিত প্রথম স্কাউট ক্যাম্প

# অ্যাওয়ার্ড প্রাপ্তির নমুনা ব্যাজ অর্জন

### একজন শাপলা কাব অ্যাওয়ার্ড প্রার্থীর ব্যাজ অর্জন




### একজন প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড প্রার্থীর ব্যাজ অর্জন




*** ধারণা প্রদানের জন্য ছকের মাধ্যমে ব্যাজ অর্জন দেখানো হচ্ছে-

Printed by Jess Printers: 01711-367724